বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ,
আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা

১৪২৯ ▪ ২০২২

বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ১৪২৯/২০২২ উপলক্ষে প্রকাশিত স্মরণিকা

সম্পাদকমন্ডলী

মোঃ মঈনুদ্দিন খান
উপ প্রধান বন সংরক্ষক, শিক্ষা ও প্রশিক্ষণ উইং

হোসাইন মুহাম্মদ নিশাদ
বন সংরক্ষক, প্রশাসন ও অর্থ

ইমরান আহমেদ
বন সংরক্ষক, ঢাকা সামাজিক বন অঞ্চল

ড. মোঃ জাহিদুর রহমান মিয়া
পরিচালক, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর

বন অধিদপ্তর, বাংলাদেশ কর্তৃক প্রকাশিত

Souvenir on the occasion of 'National Tree Plantation Campaign and Tree Fair 2022'

Published by
Forest Department, Bangladesh

মুদ্রণ ঃ
বেঙ্গল কম প্রিন্ট
ফোন ০১৭৯৮১৪৭৯০৭

প্রকাশকাল ঃ
জ্যৈষ্ঠ ১৪২৯/ জুন ২০২২

বন অধিদপ্তর
বন ভবন
প্লট নং ই৮ বি২, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭

www.bforest.gov.bd

বিষয় সূচি

১. "বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ"
মোঃ আমীর হোসাইন চৌধুরী ১৭

২. Collaborative Forest Management- Sufal Project Anticipates Success Stories for Bangladesh Forest Department
Gobinda Roy and Dr. Mohammad Zahirul Haque ২০

৩. Watershed Co-management Initiative in Chittagong Hill Tracts Through Sid-cht Project
Md. Moyeenuddin Khan & Md. Oli Ul Haque ৩৩

৪. Making The Case For Green Spaces For Urban Sustainability: A Focus on The City Of Dhaka
Niaz Ahmed Khan, Ph.D. and Sultana Razia ৩৫

৫. উপকূলীয় বনায়নে বন অধিদপ্তরের সাফল্য
মোঃ মঈনুদ্দিন খান ও মোহাম্মদ হারুন অর রশিদ খান ৩৯

৬. নিজেরই ঘরে আগুন
মনিরুজ্জামান বাদল ৪৩

৭. Biodiversity Conservation and Human Health: One Health Approach
Md. Jahidul Kabir ৪৪

৮. সাদা শেয়ালের চমক
ড. মনিরুল এইচ খান ৪৬

৯. কেন এবং কীভাবে সুন্দরবনের বাঘ গণনা করা হয়
প্রফেসর ড. মোহাম্মদ আবদুল আজিজ ৪৭

১০. Sundarbans Biodiversity and Research Needs for Conservation
Dr. Tapan Kumar Dey ৪৯

১১. Socioeconomic Impact of Eco-tourism of Nijhum Dweep National Park
Md Saidur Rashid ৫৩

১২. জীববৈচিত্র্য সংরক্ষণে সামাজিক অংশগ্রহণ: বিবিসিএফ মডেল
মোল্যা রেজাউল করিম ৫৭

১৩. Development Dilemma of Achieving Sustainable Development Goals (Sdgs): Insights From Forest, Environment and Climate Change Sectors
Dr. Md. Saifur Rahman ৬২

১৪. Lalmai Botanical Garden (Lbg) At A Glance
Imran Ahmed ৬৫

১৫. স্বর্গের ফুল পারিজাত
ড. সানজিদা মুবাশ্‌শারা ৬৯

১৬. State of Urban Forestry in Bangladesh
Dr. Md. Zahidur Rahman Miah ৭২

১৭. নীরব ঘাতক বায়ু দূষণ
ড. মর্জিনা বেগম ৮১

১৮. Antidiabetic, Antihypertensive and Anticancer Plants Gynura (Gynura Procumbens (Lour.) Merr.)
Md Golam Moula & Tanmoy Dey ৮৩

১৯. Safeguards In Forests Management of Bangladesh
Md. Shams Uddin ৮৬

২০. Wildlife Farming: Does It Really Help In Conservation?
Md. Modinul Ahsan, PhD ৯২

২১. Forestry in Poverty Alleviation and Climate Change Mitigation: Viewing From Institutional Frameworks
Dr. Md. Nazmus Sadath ৯৭

২২. Diversity of Angiosperm Flora of Kuakata National Park, Patuakhali District, Bangladesh
M. Azizar Rahaman, Md. Azizur Rahman and Mohammad Zashim Uddin ১০০

২৩. অস্তিত্বের সংকটে হরিপুর চরের পাখি ঃ সংরক্ষণ উদ্যোগ অপরিহার্য
ফারিহা ইকবাল পাফিন ১০৭

২৪. Wildlife Tuberculosis (Tb): A Hidden Treat For Wildlife Conservation In South Asia Including Bangladesh
Dr. Md. Nizam Uddin Chowdhury ১১০

২৫. সুন্দরবনের জীববৈচিত্র্য
ড. আসম হেলাল সিদ্দীকি ১১২

২৬. Factors Affecting on The Beneficiaries' Effectiveness of Social Forestry
Dr. Md. Golam Mortoza & Imran Ahmed ১১৫

২৭. কোভিড-১৯
নির্মল কুমার পাল ১২৫

২৮. বৃক্ষ রোপণঃ মহানুভব খলিফা এবং প্রজ্ঞাবান বৃদ্ধের হৃদয়স্পর্শী গল্প
সৈয়দ মুহাম্মদ মঈনুল আনোয়ার ১২৬

২৯. উপকূলীয় বন গবেষণায় বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এবং ভবিষ্যৎ ভাবনা
মো. আব্দুল কুদ্দুস মিয়া ১২৮

৩০. দুর্লভ পাখির সন্ধানে
আল্লামা শিবলী সাদিক, পাখিবিদ ১৩২

৩১. বায়ু দূষণমুক্ত রাখতে গাছপালার ভূমিকা
আফতাব চৌধুরী ১৩৫

৩২. এক সবুজ আগামীর লক্ষ্যে 'বনায়ন'
আহমেদ রায়হান আহসানউল্লাহ ১৩৭

৩৩. আমাদের লোকজ উদ্ভিদের লোকায়ত ব্যবহার
ড. সানজিদা মুবাশ্‌শারা ও ড. মোঃ জাহিদুর রহমান মিয়া ১৩৯

৩৪. Fauna of Bhawal National Park, Gazipur
Mihir Ranjan Dey & Md. Shohel Rana ১৪৩

৩৫. কাজীরবাগ ইকো পার্কঃ প্রকৃতি-পর্যটনের হাতছানি
তানজিল আসিফ তানহা ১৪৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক সারাদেশে 'জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২২' আয়োজনের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

বন-বনানী ঘেরা, সবুজ শ্যামল আমাদের এ দেশ। জনসংখ্যা বৃদ্ধি, খাদ্য, জ্বালানি, বাসস্থান, আসবাবপত্রের চাহিদা পূরণ এবং নগরায়ণ ও শিল্পায়নের কারণে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও বনাঞ্চলের পরিমাণ ক্রমশ হ্রাস পাচ্ছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে পরিবেশ, প্রতিবেশ ও বন্যপ্রাণী সংরক্ষণ, ভূমির ক্ষয়রোধ, মরুময়তা হ্রাস, কার্বন আধার সৃষ্টি, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন এবং সর্বোপরি টেকসই উন্নয়নে বৃক্ষের গুরুত্ব অপরিসীম। সরকার দেশব্যাপী ব্যাপক বনায়ন কার্যক্রম গ্রহণের ফলে দেশে বৃক্ষাচ্ছাদনের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বনায়ন কার্যক্রমে প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণের ফলে সরকারি সম্পদ ব্যবস্থাপনায় তাদের কার্যকর ভূমিকা বৃদ্ধি পাচ্ছে যা তাদের ক্ষমতায়নসহ টেকসই উন্নয়নে সুদূরপ্রসারী অবদান রাখবে। এই প্রেক্ষাপটে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২২ এর প্রতিপাদ্য 'বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

বৃক্ষরোপণ অভিযানকে সফল ও টেকসই রূপ দিতে হলে জনগণকে দেশের আবহাওয়া ও মাটির উপযোগী বনজ, ফলজ ও ঔষধী বৃক্ষ রোপণে উদ্বুদ্ধ করতে হবে। পাশাপাশি রোপণকৃত বৃক্ষের পরিচর্যার জন্যও যথাযথ পরামর্শ প্রদান ও সমন্বিত প্রচেষ্টা চালাতে হবে। এবছর বৃক্ষরোপণে অবদান রাখার জন্য 'বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০১৯ ও ২০২০' এবং বন্যপ্রাণী সংরক্ষণ ও উন্নয়নে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ 'বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০২০ ও ২০২১' প্রাপ্তদের আমি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আমি টেকসই উন্নয়ন ও সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে অধিক হারে বৃক্ষরোপণ করার জন্য দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানাই।

জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলা ২০২২ সফল হোক এ কামনা করছি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ' যৌক্তিক এবং সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

এ বছর যারা 'বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন, ২০২০ ও ২০২১', 'বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০১৯ ও ২০২০', এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নের লভ্যাংশ পেয়েছেন তাঁদের আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

প্রাকৃতিক সৌন্দর্যে অপরূপ এই বাংলাদেশ। মানুষের মৌলিক চাহিদা পুরণসহ প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। জীববৈচিত্র্যসমৃদ্ধ টেকসই পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, কার্বন আধার সৃষ্টি, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে বৃক্ষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আওয়ামী লীগ সরকার টেকসই বন ব্যবস্থাপনাকে অগ্রাধিকার দিয়ে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা এবং সামাজিক বনায়নে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করেছে। ফলে বনজ সম্পদ উন্নয়ন, সংরক্ষণ ও বন পুনরুদ্ধার কার্যক্রম জোরদার হওয়ায় দেশে বৃক্ষাচ্ছাদনের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে বৃক্ষাচ্ছাদনের পরিমাণ দেশের মোট ভূমির ২২.৩৭%; আমাদের গৃহীত কার্যক্রমের ফলে এ হার আগামী ২০৩০ সাল নাগাদ ২৫%-এ উন্নীত করা সম্ভব হবে।

আমি প্রত্যেককে কমপক্ষে একটি করে ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপনের আহ্বান জানাই। সকলের সম্মিলিত প্রচেষ্টায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'স্বপ্নের সোনার' বাংলাদেশ' আমরা গড়ে তুলতে সক্ষম হব, ইনশাআল্লাহ।

আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

পৃথিবীর সকল প্রাণীর সুস্থ্য জীবন যাপনের জন্য প্রয়োজন স্বাস্থ্যকর নির্মল পরিবেশ। বৃক্ষরাজি তপ্ত পৃথিবীকে স্নিগ্ধ শ্যামলিমায় রূপান্তর করে বাসোপযোগী করে তুলছে, প্রাণ দান করছে নিযুত প্রাণির মাঝে। এছাড়াও জীবন ও জীবিকার উন্নয়নে অনাদিকাল থেকে বৃক্ষ অনন্য ভূমিকা পালন করে আসছে।

যুদ্ধ বিধ্বস্থ স্বাধীন বাংলাদেশের বন ও বন্যপ্রাণী সংরক্ষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশব্যাপী ব্যাপক বৃক্ষরোপণের উদ্যোগ নেন। তারই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার প্রকৃতি-প্রতিবেশ বিশেষতঃ নদী, পাহাড়, বন ও বন্যপ্রাণী এবং জীববৈচিত্র্য রক্ষায় বদ্ধপরিকর। আগামী প্রজন্মের জন্য টেকসই উন্নয়নকে ধারাবাহিকভাবে ধরে রাখতে দেশের প্রকৃতি পরিবেশকে আরও সমৃদ্ধ করতে সকলকে বৃক্ষরোপণে এগিয়ে আসতে হবে। দেশের সকল বনভূমি এবং বনভূমির বাইরের বৃক্ষরোপণ উপযোগী সকল প্রান্তিক ভূমিকে বৃক্ষাচ্ছাদনের আওতায় নিয়ে আসার জন্য জনগণকে সম্পৃক্ত করে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আগামী ২০৩০ সাল নাগাদ দেশের বন ভূমির পরিমান মোট ভূমির ১৬% এ এবং দেশের বৃক্ষাচ্ছাদন ২৫% এ উন্নীত করার লক্ষ্যে বনায়ন ও বন সংরক্ষণ, অবক্ষয়িত বন পুনরুদ্ধার এবং টেকসই বন ব্যবস্থাপনা কার্যতম অব্যাহত আছে। এলক্ষ্যে এ সরকারের আমলে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় প্রায় ২ লক্ষ হেক্টর বাগান সৃজন এবং জনগণের মধ্যে প্রায় ১০ কোটি লক্ষ চারা বিতরণ ও রোপণ করা হয়েছে।

বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ এর এবছরের প্রতিপাদ্য-"বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ"। এ প্রতিপাদ্যকে সামনে রেখে দেশকে আরও সবুজে আচ্ছাদিত করার লক্ষ্যে এ বছরও জাতীয় পর্যায়সহ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বৃক্ষমেলার আয়োজন করা হচ্ছে। উন্নত প্রজাতির বৃক্ষের সাথে পরিচয় এবং চারা সংগ্রহের জন্য বৃক্ষমেলার আয়োজন সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

এ বছর যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৯ ও ২০২০", "বঙ্গবন্ধু এ্যাওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন, ২০২০ ও ২০২১" এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নের লভ্যাংশ পেয়েছেন আমি তাদের সকলকে অভিনন্দন জানাই। আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২-এর সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক

(মোঃ শাহাব উদ্দিন এম.পি.)

উপ-মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

বৈচিত্র্যময় প্রাকৃতিক পরিবেশ ঘেরা আমাদের এদেশ। প্রকৃতিকে সাজাতে এদেশে গড়ে উঠেছে পাহাড়ী বন, শালবন, সুন্দরবন, জলাভূমির বন, উপকূলীয় বন, গ্রামীণ বন ও প্রান্তিক জনপদের বিভিন্ন ধরণের অংশীদারিত্বমূলক সামাজিক বন। ক্রমবর্ধিত জনসংখ্যার চাপ, বনজ সম্পদের বহুমাত্রিক চাহিদা ও ব্যবহার, শিল্পায়ন ও নগরায়নের বিস্তৃতি ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে দেশের এসব প্রাকৃতিক বন ও সৃজিত বন আজ হুমকির সম্মুখীন। এ অবস্থা থেকে উত্তরণে ভবিষ্যৎ প্রজন্মের জন্য টেকসই বাংলাদেশ গড়তে বৃক্ষরোপণ ও সংরক্ষণের কোন বিকল্প নেই। এজন্য জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ এর প্রতিপাদ্য **"বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ"** খুবই যৌক্তিক ও সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

প্রতিবেশ সুরক্ষায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপকূলীয় এলাকাসহ সারাদেশে বনায়ন কার্যক্রম গ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন বর্তমান সরকার টেকসই উন্নয়নের লক্ষ্যে বনজ সম্পদ বৃদ্ধি, বন্যপ্রাণী ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশ সুরক্ষায় জনগণকে সম্পৃক্ত করে কাজ করে যাচ্ছে। প্রাকৃতিক বন সংরক্ষণ ও অবক্ষয়িত বন পূনরুদ্ধারের পাশাপাশি বিগত কয়েক দশকে বন অধিদপ্তর কর্তৃক দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় দুই লক্ষ হেক্টরের অধিক সুন্দরবন সাদৃশ ম্যানগ্রোভ বাগান সৃজন করেছে যা গ্রীনবেল্ট হিসাবে কাজ করছে। সৃজিত উপকুলীয় বন ও সুন্দরবন প্রাকৃতিক দেয়ালের কাজ করে দক্ষিণাঞ্চলের জনগনের জানমাল ও সম্পদ রক্ষায় বিশেষ ভূমিকা রেখে চলেছে। এছাড়া আধুনিক বন ব্যবস্থাপনায় যুক্ত হয়েছে SMART(Spatial Monitoring and Reporting Tools) পেট্রোলিং ভিত্তিক মনিটরিং ব্যবস্থা।

এ বছর যারা "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার,২০১৯ ও ২০২০" এবং "বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন, ২০২০ ও ২০২১" এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নের লভ্যাংশ পেয়েছেন তাদেরকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

হাবিবুন নাহার, এমপি

সভাপতি
সংসদীয় স্থায়ী কমিটি
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

বৃক্ষ প্রকৃতির অমূল্য সম্পদ। মানুষের মৌলিক চাহিদা পূরণে বৃক্ষ বিশেষ অবদান রাখে। প্রতিবেশ-পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য টেকসই পৃথিবী বিনির্মাণে বৃক্ষরোপণ কার্যক্রমকে জনগণের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে "বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ"- প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ উদযাপন করা হচ্ছে।

বৃক্ষের প্রধান আধার হচ্ছে বন । কিন্ত বসতবাড়ি নির্মাণ, নগরায়ণ, শিল্পায়ন এবং কৃষি জমির সম্প্রসারণে হ্রাস পাচ্ছে বনভূমির পরিমাণ। বনের পরিমাণ যতই কমে যাচ্ছে ততই ভারসাম্য হারাচ্ছে পরিবেশ ও প্রতিবেশ। তাছাড়া, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে বাংলাদেশ অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ। এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য প্রয়োজন Nature Based Solution অর্থাৎ প্রকৃতিকে বিনষ্ট না করে সমন্বিত উন্নয়ন- যার জন্য প্রয়োজন ব্যাপকহারে বনায়ন।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের যুগোপযোগী বনায়ন কর্মসূচীর মাধ্যমে নতুন বন সৃষ্টিসহ অবক্ষয়িত ও জবরদখলকৃত বনভূমি পুনরুদ্ধার করা সম্ভব হচ্ছে এবং বনভূমির বাইরেও উপযোগী প্রান্তিক ভূমিতে বনায়ন করা হচ্ছে। বন ব্যবস্থাপনায় সামাজিক বনায়ন ও সহযোগীতামূলক বন ব্যবস্থাপনা কার্যক্রমে যুক্ত হয়েছে স্থানীয় জনগোষ্ঠী যার ফলে বনভূমি, বনজ সম্পদ ও বন্যপ্রাণী যেমন কার্যকরভাবে সুরক্ষা ও সংরক্ষণ করা হচ্ছে, তেমনি টেকসই বন ব্যবস্থাপনাও নিশ্চিত করা যাচ্ছে।

এবছর যারা ''বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০১৯ ও ২০২০", ''বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন, ২০২০ ও ২০২১ এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নের লভ্যাংশ পেয়েছেন তাদেরকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২২ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

সাবের হোসেন চৌধুরী, এম.পি

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

বন, জঙ্গল, গ্রামীণ এবং জলাভূমির জীববৈচিত্র্যে সমৃদ্ধ এদেশের প্রকৃতি। বৃক্ষরাজি বায়ুমন্ডলে অক্সিজেন সরবরাহ ও কার্বন-ডাই-অক্সাইড শোষণ করে মানুষসহ সকল প্রাণের অস্তিত্ব টিকিয়ে রাখছে; প্রাণহীন মাটিতে বৃক্ষজাত জৈব সংযোজনের মাধ্যমে মাটি ও কৃষি জমিকে করছে উর্বর এবং পানি সংরক্ষণ ও সরবরাহের মাধ্যমে প্রাণিকূলকে দান করছে সজীবতা। তাছাড়া বৃক্ষ সম্পদ ফলফলাদি, চিকিৎসার কাঁচামাল ও পশুখাদ্য সরবরাহের মাধ্যমে মানুষসহ প্রাণিকূলকে রাখছে সুস্থ্য ও সবল। বনের নৈসর্গিক সৌন্দর্য পর্যটকদের মনপ্রাণকে করে সতেজ ও প্রফুল্ল। তাছাড়া পরিবেশের ভারসাম্য রক্ষা ও প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় বনের ভূমিকা অনস্বীকার্য ।

নতুন জনপদ সৃষ্টি, নগরায়ন ও শিল্পায়নের কারণে দেশের সীমিত বনাঞ্চলের উপর চাপ বৃদ্ধি পাচ্ছে। সেজন্য পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন নিশ্চিত করার জন্য বিদ্যমান বন সংরক্ষণ, অবক্ষয়িত বনাঞ্চল পুনরুদ্ধার, উপকূলীয় এলাকায় সবুজ বেষ্টনী সৃজন এবং গ্রামীন বনায়ন কার্যক্রমকে বর্তমান সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে।

UNFCCC কর্তৃক আয়োজিত Cop-26 এর "Glasgow Leaders' Declaration on Forests and Landuse" এ বন সংরক্ষণ, অবক্ষয়িত বন পুনরুদ্ধার এবং বন ধ্বংস রোধে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সকল অংশীজনদের নিয়ে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যাক্ত করে বিশ্বের ১৪১টি দেশের সাথে বাংলাদেশও স্বাক্ষর প্রদান করে এবং ২০৩০ সাল নাগাদ বন ধ্বংস ও ভূমি ক্ষয় বন্ধে সম্মিলিতভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে।

বাংলাদেশ আজ উন্নয়নের সোপানে। রূপকল্প-২০৪১ এ বাংলাদেশ বিশ্বের বুকে উন্নত দেশ হিসেবে মাথা উঁচু করে দাঁড়াবে। উন্নত বিশ্বের আসনে পৌঁছাতে আমাদেরকে পরিবেশবান্ধব উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করতে হবে। পরিবেশবান্ধব টেকসই উন্নয়নের জন্য প্রয়োজন প্রকৃতি ও পরিবেশবান্ধব সমন্বিত পরিকল্পনা।

জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২ এর প্রতিপাদ্য "বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ" -কে সামনে রেখে আগামী প্রজন্মের জন্য সুস্থ-সুন্দর, নির্মল ও টেকসই প্রকৃতি-প্রতিবেশ গড়ার প্রত্যয়ে আমি সকলকে আরও অধিক পরিমাণে বৃক্ষরোপণের আহবান জানিয়ে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০২২-এর সাফল্য ও সার্থকতা কামনা করছি।

জয় বাংলা

ড. ফারহিন আহমেদ

প্রধান বন সংরক্ষক
বন অধিদপ্তর

২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বাণী

সুস্থ্য-সুন্দর ও নির্মল প্রকৃতি-পরিবেশ সৃষ্টি করে ও পরিবেশের ভারসাম্য রক্ষা করে এধরণীকে বাসযোগ্য রাখতে বনের গুরুত্ব অপরিসীম। জীবন ও জীবিকার জন্য বনের অবদান অনস্বীকার্য, জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট বিরুপ প্রভাব রোধ, বায়ুর গুনগত মান ও বায়ু মন্ডলের অক্সিজেন-কার্বন ডাই অক্সাইড ভারসাম্য রক্ষা করা, ভূমিক্ষয় রোধ, মরুময়তারোধসহ প্রাণীকূলের বেঁচে থাকার মৌলিক চাহিদা পূরণে বন অনাদিকাল থেকে অনন্য ভূমিকা পালন করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৃক্ষরোপণ কার্যক্রমকে বৃক্ষরোপণ অভিযানে রূপ দিয়েছেন- তাঁরই বলিষ্ঠ নেতৃত্বে দেশের বন ব্যবস্থাপনা আধুনিক ও যুগোপযোগী হয়েছে। বর্তমানে শুধুমাত্র বনায়ন করে নতুন বনই সৃষ্টি করা হচ্ছে না, অবক্ষয়িত বনও পুনরুদ্ধার করা হচ্ছে। বন ব্যবস্থাপনায় বন অধিদপ্তরের অক্লান্ত পরিশ্রমের সঙ্গে যুক্ত হয়েছে স্থানীয় জনসাধারণের অংশীদারিত্ব ও সহযোগিতামূলক ব্যবস্থাপনা।

জাতীয় বৃক্ষরোপণ অভিযান, ২০২২-এর প্রতিপাদ্য "বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ" সামনে রেখে আমরা দেশব্যাপী বৃক্ষরোপণের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের জন্য টেকসই বাংলাদেশ গড়ে তুলতে চাই। বন অধিদপ্তর দেশের বৈচিত্র্যময় বনাঞ্চলের সংরক্ষণ, সুষ্ঠু ব্যবস্থাপনা এবং উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালনা করছে। কিন্তু ঘনবসতিপূর্ণ এ বাংলাদেশে জনসংখ্যার চাপে এবং বনজ সম্পদের উপর নির্ভরশীলতার কারণে বিদ্যমান বনভূমির উপরে চাপ প্রতিনিয়ত বাড়ছে। হারিয়ে যাচ্ছে বা সংকটাপন্ন হচ্ছে বহু মূল্যবান প্রজাতির উদ্ভিদ ও প্রাণী। ক্ষতিগ্রস্ত হচ্ছে বন্যপ্রাণীর আবাসস্থল। বেড়ে যাচ্ছে ভূমির ক্ষয়। এ সব প্রেক্ষাপটে ব্যাপক বৃক্ষরোপণের মাধ্যমে বৃক্ষ সম্পদ সৃষ্টির জন্য বন অধিদপ্তর নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

স্থানীয় দরিদ্র জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে বন অধিদপ্তর দেশব্যাপী সামাজিক বনায়ন এবং সহ-ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করেছে। সামাজিক বনায়নের মাধ্যমে পতিত, প্রান্তিক ও ক্ষয়প্রাপ্ত ভূমিতে বনজ সম্পদ সৃষ্টি করে এ পর্যন্ত ৪১১ কোটি ৫২ লক্ষ ৬৭ হাজার ৯০১ টাকা উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। সামাজিক বনায়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন, বন্যপ্রাণীর আবাসস্থল সৃষ্টি ও পরিবেশের ভারসাম্য রক্ষা করা হচ্ছে। সহ-ব্যবস্থাপনার মাধ্যমে বনের উপর নির্ভরশীলতা কমানো এবং বিভিন্ন বিকল্প কর্মসূচীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটা এখন স্পষ্ট যে, বনজ সম্পদ সংরক্ষণ ও সম্প্রসারণে জনগণের অংশগ্রহণ বিশেষ প্রয়োজন। তাই এবারের বৃক্ষরোপণ অভিযান সার্থক করার জন্য সবাইকে ব্যাপক হারে চারা রোপণের মাধ্যমে জীববৈচিত্র্য সমৃদ্ধ একটি বাংলাদেশ গড়ে তোলার জন্য আমি সকলকে অনুরোধ জানাচ্ছি।

উপকূলীয় চরাঞ্চলে সফল বনায়নকারী দেশ হিসেবে বাংলাদেশ বিশ্বে অন্যতম পথিকৃৎ যার শুভ সূচনা হয়েছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর হাত ধরে। উপকূলীয় বনায়নের মাধ্যমে সৃষ্ট সবুজ বেষ্টনী দেশের আয়তন বৃদ্ধিসহ প্রাকৃতিক বিপর্যয় রোধে কার্যকরী ভূমিকা পালন করছে। সমুদ্র ও নদী মোহনায় জেগে ওঠা চর স্থায়ীকরণ এবং সামুদ্রিক ঝড় ও জলোচ্ছ্বাস হতে উপকূলীয় এলাকার জনগোষ্ঠীর প্রাণ ও সম্পদ রক্ষা করতে সমগ্র উপকূল জুড়ে নতুন জেগে ওঠা চরে বন অধিদপ্তর কর্তৃক এ যাবৎ মোট প্রায় ২ লক্ষ ৩৯ হাজার ৮ শত ৩০ হেক্টর ম্যানগ্রোভ বাগান সৃজন করা হয়েছে।

বর্তমান সরকার পরিবেশের ভারসাম্য রক্ষায় এবং জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় বৃক্ষরোপণ অভিযানকে অত্যধিক গুরুত্ব দিয়ে আসছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য টেকসই বনায়নে আমরা অঙ্গীকারবদ্ধ। তাই পতিত ও আশপাশের অব্যবহৃত খালি জায়গায় সকলের সম্মিলিত প্রয়াসে বৃক্ষরোপণের মাধ্যমে ভূমির সর্বোচ্চ ব্যবহার ও উৎপাদন নিশ্চিত করা একান্ত প্রয়োজন। আসুন আমরা সবাই স্বাস্থ্যবিধি মেনে চারা সংগ্রহ করি, গাছ লাগাই ও পরিচর্যা করি। একটি ভারসাম্যপূর্ণ পরিবেশ রক্ষায় অংশ নেই। ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুস্থ্য-সুন্দর ও টেকসই পৃথিবী গড়ি।

এ বছর যারা ''বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৯ ও ২০২০''; ''বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০২০ ও ২০২১''; এবং যে সকল উপকারভোগী সামাজিক বনায়নের লভ্যাংশ পেয়েছেন তাদেরকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

আমি জাতীয় বৃক্ষরোপণ অভিযান ২০২২ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা।

মোঃ আমীর হোসাইন চৌধুরী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সংসদ সদস্যবৃন্দের

শুভেচ্ছা

সাবের হোসেন চৌধুরী
সভাপতি

মোঃ শাহাব উদ্দিন
সদস্য

হাবিবুন নাহার
সদস্য

আনোয়ার হোসেন
সদস্য

মোঃ শাহীন চাকলাদার
সদস্য

তানভীর শাকিল জয়
সদস্য

মোঃ রেজাউল করিম বাবলু
সদস্য

নাজিম উদ্দিন আহমেদ
সদস্য

জাফর আলম
সদস্য

খোদেজা নাসরিন আক্তার হোসেন
সদস্য

বিভিন্ন অনুষ্ঠানের আলোকচিত্র

মাননীয় প্রধানমন্ত্রী ২০১৯ সালের জাতীয় বৃক্ষমেলা উদ্বোধন করছেন

মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু এওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০১৯ প্রদান করছেন

মাননীয় প্রধানমন্ত্রী ২০২০ সালে গণভবনে বৃক্ষরোপণের মাধ্যমে দেশব্যাপী বৃক্ষরোপণ অভিযানের উদ্বোধন করেন

মাননীয় প্রধানমন্ত্রী সামাজিক বনায়নের উপকারভোগীর হাতে চেক তুলে দিচ্ছেন

স্বাধীনতার সূবর্ণ জয়ন্তীতে টেকসই বন ও সমৃদ্ধ বাংলাদেশ - শীর্ষক কর্মশালা

আন্তর্জাতিক মিঠাপানির ডলফিন দিবস ২০২১

জাতীয় শোক দিবস উপলক্ষে প্রধান বন সংরক্ষক কর্তৃক বৃক্ষরোপণ

জাতীয় শোক দিবসে মাননীয় মন্ত্রী কর্তৃক বন ভবন প্রাঙ্গণে বৃক্ষরোপণ

জাতীয় শোক দিবসে বন ভবনে মাননীয় মন্ত্রী, সচিব ও প্রধান বন সংরক্ষকের শ্রদ্ধা নিবেদন

আন্তর্জাতিক বন দিবস ২০২২ এ সামাজিক বনায়নের উপকারভোগীর চেক প্রদান

বন অধিদপ্তরের কর্মকর্তাদের প্রশিক্ষণ

আন্তর্জাতিক নারী দিবস-২০২০

"বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ"

মোঃ আমীর হোসাইন চৌধুরী
প্রধান বন সংরক্ষক
বন অধিদপ্তর, বাংলাদেশ

জীববৈচিত্র্য ও ইকোসিস্টেম বিবেচনায় বাংলাদেশ পৃথিবীতে একটি অতি সমৃদ্ধ দেশ। বিপুল সংখ্যক উদ্ভিদ ও প্রাণ বৈচিত্রের সমৃদ্ধতাকে আরও ত্বরান্বিত করেছে এ দেশের জলাভূমি। "বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ" এ প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছর শুরু হতে যাচ্ছে জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২২। বৃক্ষরোপণ কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য উন্নত প্রজাতি ও আধুনিক প্রযুক্তি জনগণের মাঝে ছড়িয়ে দিতে জাতীয় বৃক্ষমেলাসহ সারাদেশে জেলা ও উপজেলা পর্যন্ত বৃক্ষমেলার আয়োজন করা হয়েছে। দেশের আপামর জনসাধারণ বৃক্ষমেলা হতে উন্নত এবং জলবায়ু ও পরিবেশ বান্ধব চারা সংগ্রহ করে রোপণ ও সংরক্ষণের মাধ্যমে দেশের বনজ সম্পদ বৃদ্ধি, পরিবেশ ও প্রতিবেশ সমৃদ্ধকরণে অনন্য ভূমিকা রাখবে বলে আশা করা যায়। যা একটি ভারসাম্যপূর্ণ পরিবেশ রক্ষায় এবং পরবর্তী প্রজন্মের জন্য সুস্থ্য সুন্দর পৃথিবী গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সময়ের পরিক্রমায় এবং দেশীয় ও আন্তর্জাতিক প্রেক্ষিতে বন অধিদপ্তরের কাজের পরিধি বিস্তৃত হয়েছে, কাজের প্রকৃতিতেও যুক্ত হয়েছে বহুমাত্রিকতা। ২০১১ সনে বাংলাদেশ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে ১৮ ক অনুচ্ছেদ সংযোজনপূর্বক প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করার জন্য অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। অতীতের বন ব্যবস্থাপনা থেকে বর্তমান বন ব্যবস্থাপনা অনেকটাই ভিন্ন। বর্তমান বন ব্যবস্থাপনার উদ্দেশ্য কাঠ উৎপাদনের পাশাপাশি নির্মল বায়ু, পরিচ্ছন্ন পানি, বন্যপ্রাণির জন্য স্বাস্থ্যকর আবাসস্থল এবং প্রকৃতি-পর্যটন ও জীববৈচিত্র্যের আধার হিসাবে বনকে প্রতিষ্ঠিত করা। বন ব্যবস্থাপনার আধুনিক ধারনা হচ্ছে জনগণের অংশগ্রহণের মাধ্যমে বন ব্যবস্থাপনা করা,যাতে করে এমন একটা পরিবেশ সৃষ্টি হয় যেন জনসাধারণ বনায়ন কার্যক্রমে নিজেদের সম্পৃক্ত করতে পারে এবং ভাবতে পারে যে বনের বৃক্ষ রোপণ ও বড় করার পেছনে তাদেরও অবদান রয়েছে এবং এর মাধ্যমে বনের নিকটবর্তী এলাকায় বসবাসরত জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন হয়। এখন উৎপাদনশীল বন ব্যবস্থাপনা থেকে জনগণের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে টেকসই বন ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণকে গুরত্ব প্রদান করা হচ্ছে। বন ব্যবস্থাপনায় বেশকিছু নতুন ধারণা অন্তর্ভূক্ত হয়েছে, যেমন- কৃষি বনায়ন, বসতবাড়ি বনায়ন, রাস্তার ধারে বনায়ন, জবরদখলকৃত জমিতে অংশগ্রহণমূলক বনায়ন, উপকূলীয় এলাকায় নতুন জেগে ওঠা চরে ম্যানগ্রোভ বনায়ন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বনভূমির অবক্ষয় হ্রাসকরণ এবং বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সুরক্ষায় সংরক্ষিত এলাকা ব্যবস্থাপনা।

সম্প্রতি COP-26 এ বিশ্বের বনখাতের গ্রীন হাউস গ্যাস নিঃসরণ (Emission) হ্রাস এবং পর্যায়ক্রমে বন্ধ করার লক্ষ্যে Glasgow Leader's Declaration on Forests & Landuse এর মাধ্যমে বিশ্বের ১৪১ টি দেশের নেতৃবৃন্দের সাথে বাংলাদেশও একাত্বতা ঘোষণা করে। ঘোষণায় ২০৩০ সালের মধ্যে সম্মিলিতভাবে বন উজাড় ও ভূমিক্ষয় বন্ধ করতে অঙ্গীকার করা হয়েছে। এ অবস্থায় বাংলাদেশ বনখাতে গ্রীন হাউস গ্যাস নিঃসরণ (Emission) হ্রাস এবং পর্যায়ক্রমে বন্ধে অংগীকারবদ্ধ। বাংলাদেশ বনখাতে গ্রীন হাউস গ্যাস নিঃসরণ (Emission) কমানোর জন্য এবারই প্রথম Nationaly Determined Contribution (NDC) তে অন্তর্ভুক্ত হয়েছে। এছাড়াও সরকার বন উজাড় ও অবক্ষয় রোধ, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বায়ুমন্ডল হতে কার্বন অপসারণ ও বন খাতের গ্রীন হাউস গ্যাস নিঃসরণ (Emission) কমানোর জন্য Bangladesh National REDD+ Strategy ও REDD+ ব্যবস্থাপনা কাঠামোসমূহের গঠন অনুমোদন করেছে। বিভিন্ন টার্গেট সুমুহের সাথে সামঞ্জস্য রেখে জলবায়ু পরিবর্তনে বিরুপ প্রভাব মোকাবেলায় বন খাতের বিভিন্ন কার্যক্রমের আওতায় সম্ভাব্য অর্জন সমূহকে সরকারের পক্ষ থেকে contribution হিসেবে United Nations Forum on Forest (UNFF) এ voluntary national contribution (VNC) হিসেবে দাখিল করা হয়েছে।

বন জরিপের ফলাফল ২০১৯ অনুযায়ী, সুন্দরবনের কার্বন মজুদ ২০০৯ সালের ১০৬ মিলিয়ন টন হতে বৃদ্ধি পেয়ে ২০১৯ সালে ১৩৯ মিলিয়ন টন হয়েছে, যা সুন্দরবনের মোট কার্বন মজুদের ৩১%। ২০১৬-২০১৯ সালের বৃক্ষ জরিপ অনুযায়ী বর্তমানে দেশে বন ও বৃক্ষের মোট কার্বন মজুদের পরিমাণ ১২৭৬ মিলিয়ন টন। বর্তমানে পরবর্তী বন জরিপ পরিকল্পনাধীন আছে যার উপর ভিত্তি করে বন খাতের নিঃসরণ কমানোর দিক নির্দেশনা সমূহ পুনঃমূল্যায়ন করা হবে।

জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনের অংশ হিসাবে বনের জবরদখল উচ্ছেদ, বৃক্ষহীন ও অবক্ষয়িত বনভূমি, প্রান্তিকভূমি এবং উপকূলীয় অঞ্চলে ব্যাপক বনায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০০৯-২০১০ হতে ২০২০-২১ আর্থিক সাল পর্যন্ত বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় সর্বমোট ১,৬৩,৩৭৮ হেক্টর ব্লক, ২৬,৪৫৩ সিডলিং কি.মি. স্ট্রীপ বাগান সৃজন এবং বিক্রয় বিতরণের ১০৫৯.০০ লক্ষ চারা বিতরণ ও রোপণ করা হয়েছে। বন অধিদপ্তর কর্তৃক বর্তমানে সারাদেশে বৃক্ষ ও বনের আচ্ছাদন বৃদ্ধি, ক্ষয়প্রাপ্ত বনভূমি ও জীববৈচিত্র্য পুনরুদ্ধারের জন্য পুনঃবনায়ন এবং বৃক্ষরোপণের লক্ষ্যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রায় ৭ হাজার ২২০ হেক্টর সমতল ভূমি ও শাল বন পুনরুদ্ধার, ১ লক্ষ ৩০ হাজার ৫৮০ হেক্টর পাহাড়ী বন পুনরুদ্ধার, ৫০০ হেক্টর আগর বন, ১৫ হাজার কি.মি. স্ট্রীপ বাগান, ৫০ হাজার হেক্টর ম্যানগ্রোভ বাগান এবং ২ হাজার ৭০০ হেক্টর এনরিচমেন্টসহ অন্যান্য বাগান সৃজন করা হবে।

উপকূলীয় চরাঞ্চলে বনায়নের জন্য বাংলাদেশ বিশ্বের অগ্রণী দেশ। বন বিভাগ গত শতকের ষাটের দশক থেকে উপকূলীয় অঞ্চলে জেগে ওঠা চরে বনায়ন শুরু করেছে। উপকূলীয় চরে বনায়ন প্রক্রিয়ায় বনজ সম্পদ সৃষ্টির পাশাপাশি উপকূলবাসীকে প্রাকৃতিক দুর্যোগের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষা এবং সাগর থেকে ভূমি জেগে ওঠা সহ দৃঢ়করণ প্রক্রিয়াকে ত্বরান্বিত করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা ও অভিযোজনে কার্যকরী ভূমিকা পালন করে। সমুদ্র ও নদী মোহনায় জেগে ওঠা চর স্থায়ীকরণ এবং সামুদ্রিক ঝড় ও জলোচ্ছ্বাস হতে উপকূলীয় এলাকার জনগোষ্ঠীর প্রাণ ও সম্পদ রক্ষা করতে সমগ্র উপকূল জুড়ে নতুন জেগে ওঠা চরে বন অধিদপ্তরের আওতায় ১৯৬৬ সাল হতে এ যাবৎ মোট প্রায় ২ লক্ষ ৩৯ হাজার ৮ শত ৩০ হেক্টর ম্যানগ্রোভ বাগান সৃজন করা হয়েছে। উল্লেখ্য যে, উপকূলীয় বনায়ন বন্যপ্রাণির অভয়াশ্রম ও মৎস্য প্রজননের ক্ষেত্র তৈরি করেছে।

দেশের কাঠের চাহিদার বেশির ভাগটাই গ্রামাঞ্চলের বন থেকে সরবরাহ হয়ে থাকে। দেশব্যাপী বৃক্ষের পরিমান বৃদ্ধির জন্য সরকার তথা বন অধিদপ্তর সামাজিক বনায়ন কার্যক্রম সহ সচেতনতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। সামাজিক বনায়নের মূল উদ্দেশ্য হলো দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বনির্ভর হতে সহায়তা করা এবং তাদের খাদ্য, পশুখাদ্য, জ্বালানী ও আসবাবপত্র চাহিদা পূরণ করার মাধ্যমে দেশে বৃক্ষাচ্ছাদনের পরিমান বৃদ্ধি। নার্সারী সৃজন, প্রান্তিক ও পতিত ভূমিতে বৃক্ষরোপণ করে বনজ ও অ-কাঠ (non-wood) সম্পদ সৃষ্টি, ক্ষয়িষ্ণু বনাঞ্চল রক্ষা ও বনজ পণ্যের উৎপাদন বৃদ্ধি, পরিবেশ উন্নয়ন ও জীববৈচিত্র্য সংরক্ষণ, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্ব সৃষ্টি এবং সর্বোপরি কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্যতা নিরসনে সামাজিক বনায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

বৃক্ষরোপণে সরকার কর্তৃক জনগনকে উৎসাহ প্রদানে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী তথা মুজিব বর্ষকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে বন অধিদপ্তর কর্তৃক সারা দেশে জনসাধারণের মাঝে বিনামূল্যে এক কোটি বৃক্ষের চারা বিতরণ ও রোপন কর্মসূচী বাস্তবায়ন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিগত ১৬ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখে উক্ত কর্মসূচীর শুভ উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে দেশের প্রতিটি উপজেলায় ২০,৩২৫টি করে বনজ, ঔষধি ও ফলদ বৃক্ষের চারা জনসাধারণের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়। দেশে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির লক্ষ্যে বন অধিদপ্তর কর্তৃক প্রতিবছর বৃক্ষমেলাসহ বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা অব্যাহত রয়েছে। এছাড়াও বৃক্ষরোপণ আন্দোলনকে একটি স্থায়ী, চলমান ও স্বতঃস্ফূর্ত কার্যক্রমে পরিণত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলকে অনুপ্রাণিত ও সম্পৃক্ত করার লক্ষ্যে বৃক্ষরোপণে যারা বিশেষ কৃতিত্ব প্রদর্শন করেন তাদেরকে "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার" প্রদান করা হয়।

জীববৈচিত্র্য সংরক্ষণের লক্ষ্যে ২২টি রক্ষিত বনাঞ্চল এলাকায় স্থানীয় জনগণকে সম্পৃক্ত করার মাধ্যমে ২৮টি সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। সহ-ব্যবস্থাপনার আওতায় গঠিত কো-ম্যানেজমেন্ট কমিটি এর সদস্য হিসাবে ১৬৯০ জনের মধ্যে ৩৮২ জন মহিলা সম্পৃক্ত আছে। এছাড়াও বন নির্ভর জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা হ্রাসে বিকল্প জীবিকা

কার্যক্রম ও জীবন-মানের উন্নয়নে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা (Collaborative Forest Management) কার্যক্রম ইতোমধ্যে শুরু করা হয়েছে। সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার সফল বাস্তবায়নের মাধ্যমে বনাঞ্চল সংলগ্ন দরিদ্র জনগোষ্ঠীর বনজ সম্পদের উপর নির্ভরশীলতা কমে আসবে, ফলে বন ও বন্যপ্রাণি রক্ষা পাবে।

প্রকৃতি ও প্রতিবেশ রক্ষায় Sustanable Forests and Livelihood বা সুফল প্রকল্পের আওতায় সমন্বিত কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। প্রতিটি বনায়ন সাইটে সুনির্দিষ্ট পরিকল্পনা (Site specific plan) প্রণয়ন করা হয়েছে। ৫৩৭২০ হেক্টর বন্যপ্রাণীর আবাসস্থল সহ অবক্ষয়িত এবং ক্ষয়প্রাপ্ত বনভূমি সমতল ভূমি এবং পাহাড়ী বনগুলিতে সহায়তামূলক প্রাকৃতিক পুনর্জন্ম/সমৃদ্ধি/মিশ্র, ঔষধি, পশুখাদ্য এবং অ-কাঠ বনজ দ্রব্যের বনায়নের মাধ্যমে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা পদ্ধতির অধীনে বন ও বন্যপ্রাণির আবাসস্থল পুনরুদ্ধারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সামুদ্রিক ঝড়ের বিরুদ্ধে বাঁধা হিসাবে গ্রীন বেল্ট তৈরি করতে বনায়ন দ্বারা আচ্ছাদিত উপকূলীয় ২৪৮৮০ হেক্টর বাগান করা হয়। ২০টি রক্ষিত এলাকায় বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধারে ২৫০০ হেক্টর এবং পশুখাদ্য ও খাদ্য বহনকারী বৃক্ষ রোপণের মাধ্যমে ১৩৩০ হেক্টর বন্যপ্রানী করিডোর উন্নত করার কার্যক্রম গ্রহণ করাহ হয়েছে। ০৮টি বিপন্ন বন্যপ্রাণী প্রজাতি নির্দিষ্ট সংরক্ষণ কর্মসূচির আওতায় আনা হয়েছে। ৩২টি সুরক্ষিত এলাকায় বন্যপ্রাণী এবং PA ব্যবস্থাপনা কার্যক্রম উন্নত করা হয়েছে। উদ্ভিদের লাল তালিকা (রেডলিস্ট) প্রণয়নের কাজ শুরু হয়েছে। দেশে পাখি শুমারি করা হয় এবং শিকারী পাখি সংরক্ষণ বাড়ানোর জন্য ব্যবস্থা নেওয়া হয়। হাঙ্গর এবং রে সহ অন্যান্য গুরুত্বপূর্ণ প্রজাতি সংরক্ষণ কৌশল এবং অ-ক্ষতিকর ফলাফল প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত হাতি সংরক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী মানুষ ও হাতির সংঘাত কমাতে কার্যক্রম শুরু হয়েছে। বন্যপ্রাণী এবং সুরক্ষিত এলাকা ব্যবস্থাপনার উন্নতির জন্য ছয়টি সুরক্ষিত এলাকা ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে। বন ও বন্যপ্রাণী বিষয়ক গবেষণা ও প্রযুক্তি স্থানান্তরের জন্য একটি উদ্ভাবন উইন্ডো তৈরি করা হয়েছে।

এছাড়া Watershed Co-management Activity in Chittagong Hill Tracts (SID-CHT) প্রকল্পের আওতায় পার্বত্য অঞ্চলে ৪৪৪৫ হেক্টর এনরিচমেন্ট প্লান্টেশন করা হয়েছে এবং পাহাড়ী এলাকায় জনসাধারণের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ১০,৫০,০০০ চারা উত্তোলন করা হয়েছে। প্রাকৃতিক ছড়া ও ঝর্ণা রক্ষায় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

এ সকল কার্যক্রমই প্রকৃতি-প্রতিবেশ সুরক্ষায় বিশেষ ভূমিকা রাখছে যা জাতিসংঘ কর্তৃক ঘোষিত প্রতিবেশ পুনরুদ্ধার দশকের লক্ষ্য অর্জনে বিশেষ সহায়ক ভুমিকা পালন করবে।

COLLABORATIVE FOREST MANAGEMENT- SUFAL PROJECT ANTICIPATES SUCCESS STORIES FOR BANGLADESH FOREST DEPARTMENT

Gobinda Roy
Project Director
Sustainable Forests and Livelihood (SUFAL) Project
and
Dr. Mohammad Zahirul Haque
Deputy Project Director
SUFAL Project, Forest Directorate, Ban Bhaban, Agargaon, Dhaka

Introduction: A collaborative approach is often deployed as a rational response to a crisis in forest management and constitutes an acceptance that, under current arrangements, sustainable forest management is unworkable. Particularly in the case of large, public forest resources, where disaffection or conflict between government forest services and local communities has become the norm, collaboration is seen as a way out of stalemate. In these circumstances, the rationale for governments to collaborate can be to address the social injustices that undermine sustainable forest management. Governments also collaborate in order to tap into the strengths of other partners, to share the responsibilities of forest management and to reduce costs. Communities living nearby have intimate knowledge of the forest, are able to monitor and police access, and respond rapidly to threats such as wildfires. NGOs can be skilled providers of social science expertise, such as training, facilitation and social surveys. The private sector brings investment and links to markets. By renegotiating responsibilities for forest management, forest service often hopes to reduce staffing levels, share the responsibility for protection with communities and concentrate on strategic planning, consensus building, regulation, monitoring and compliance (Carter et al, 2005).

Collaborative Forest Management Practice in Various Countries: Across the middle hills of Nepal, forests form a critical element of subsistence farming systems. In 1978 the government passed legislation enabling forests on public land to be handed over to local communities. Community forestry in Nepal has since evolved into a system whereby the users of a given forest area form a forest user group, represented by an elected committee, and take legal responsibility for managing the forest according to an agreed operational plan (Branney et al, 2001).

In the mid of 1990s, Madagascar began introducing a collaborative approach to forest management, under which communities are expected to take responsibility for managing local forests. The Tapia (Uapaca bojeri) forests endemic to the highlands of Madagascar, were increasingly under threat of overexploitation and recognizing this threat and the practical impossibility of protecting the forests by police-style patrols, the Forest Service took the decision to develop a participatory sustainable approach to forest management through working with the Swiss-supported support programme for forestry and small farmer development (Jean& Jurg 2004)

In Portugal Although modernization of agriculture has led to a decline in many of the traditional values associated with the Baldios, or forested commons, they still serve many useful functions, including provision of timber and resin. In 1976 the government passed a law to restore the commons to the original community users. At the time, commoners' assemblies elected five member councils to oversee management of their commons. Most (84%) of the councils elected to manage their commons in collaboration with the state. Since 1976, with the decline in the number of families involved in farming, many of the councils have been dissolved. Some 130 were still operational in 2000. Communities managing forested Baldios now organize auctions, negotiate with concessionaires, traders and the forest service and invest the revenues they receive from timber and resin for the benefit of the community (Jeanrenaud, S. 2001)

Much of Mexico's forest resource stands on community land. Communities (ejidos) received ownership rights to these lands after the 1910 revolution. In practice, however, the government controlled the forest resources and granted logging concessions to the forest industry, while community members received little benefit beyond opportunities for paid labor (Richards E.M. 1993).

With the history and experiences of more than one hundred years in formulation and revisions since the British colonial period, the forest policy of Bangladesh has turned away from a traditional production premises towards protection. Establishing protected areas for biodiversity conservation dates back to the1960s. The strategy gained impetus with the passage of national legislation in 1973 that included the provision of declaring forests as national parks, wildlife sanctuaries and game reserves for the protection of the natural forest resources. Due to the absence of a clear demarcation between core areas and buffer zones and the absence of concern for the sustention of local communities' usufruct rights, degradation continued in the protected areas. Therefore, an alternative strategy of co-management involving local stakeholders and provision of incentives in terms of Alternative Income Generation (AIG) supports has been introduced by the government under a donor assisted project. The evolutionary history of and periodical changes in the forest policy of Bangladesh highlighted the conservation aspects, the development of protected areas and the gradual adoption of their collaborative management. Social forestry, was introduced in Bangladesh in early 1980s and has proved to be extremely successful. While traditional forest management resulted in a net loss of forest resource cover, social forestry on the other hand, has been playing a vital role in the expansion of forest cover (40,387 ha of new forest cover and 48,420 km new strip plantation since the mid-1980s) benefiting thousands of poor people. Results show that during 2000-2003 more than 23,000 individuals benefited from the final felling of different social forestry plantations (woodlot, agroforestry and strip plantation).

Rationale for introduction of SUFAL Project

Although Bangladesh has traditionally been an agricultural country, growth of industries is continuing at a satisfactory pace and the contribution of both industrial and service sector has acceded the contribution of agriculture in the gross national GDP. Bangladesh has a notified forest area of nearly 1.9 million ha. including over 400000 ha of land expected to accrete from the sea in the near future. Out of the remaining 1.5million ha. of forest land, only about of half of the area is under natural forest, mostly in the Sundarbans, while the rest is under different types

of plantations (3,34,093 ha on record in 2013). Establishment of plantations mainly with teak, was started in the hill forest of the country almost 150 years ago. Forest areas of the country are mainly concentrated in the south-western (Sundarbans), eastern and north-eastern regions (hill forests) of the country, small patches of Sal (Shorea robusta) forest in the central and north western regions. Natural forests of the country are on a sharp declining trend due to pressure from illicit felling, encroachments, shifting cultivation and official conversion to other land uses. There is another area of 6,95,000 hectares mostly denuded of unclassed state forest (USF) which is administered by civil administrations in the Chittagong Hill Tracts.

Over last few decades, there has been a major decline in the area under tree cover. Global Forest Resources Assessment (GFRA) shows significant deforestation in the country, especially in the hilly region. According to a study recently conducted by the University of Maryland, USA and the BFD, the actual gross tree cover loss mostly was found within hill forests, contributing 56.5% to the total loss. Hill forests have low tree recovery rate and small tree gain area. As a result, hill forests experienced net tree cover loss of 80.8 thousand ha.

Again, the biodiversity of the country is under serious threats from anthropogenic pressures. As per IUCN (2016), out of 1619 assessed species, 2% are Regionally Extinct (RE), 3% are Critically Endangered (CR), 11% are Endangered (EN), 9% are Vulnerable (VU) and 6% are Near Threatened (NT). 31 species are categorized as extinct from the country, while 390 species (29% of the total species assessed) are under the threatened categories (CR, EN and VU).

Map Showing the districts of SUFAL Project Area

Therefore, aiming at restoring denuded and degraded forest sites, rehabilitate protected areas, establish plantations on newly accreted char land, promote, all undertaken through a collaborate forest management arrangement with forest dependent communities and support establishment of additional tree cover in areas outside forests, create alternative income generating activities for forest dependent communities; Sustainable Forests and Livelihoods (SUFAL) project had launched in 2018 for five years and has been implementing in 28 districts and in 169 Upazillas. The districts are- Dhaka, Gazipur, Tangail, Faridpur, Gopalganj, Chittagong, Cox's Bazar, Noakhali, Laxmipur, Mymensingh, Sherpur, Jamalpur, Netrokona, Kishoreganj, Sylhet, Sunamganj, Moulvibazar, Hobiganj, Jessore, Dinajpur, Thakurgaon, Panchagar, Rajshahi, Naogaon, Barisal, Bhola Patuakhali and Borguna.

Objectives of SUFAL Project in context to Collaborative Forest Management

The overall objective of the SUFAL project is to improve collaborative forest management and increase access to alternative income generation activities for forest dependent communities in the targeted sites. This has been achieving by improving public sector management of forest resources and increasing participation of communities in forest conservation and

restoration and reducing direct dependence and exploitation of forest resources by offering alternative livelihood sources to dependent communities and improving the enabling environment for trees outside forests. Together, these will result in the eventual improvement of forest cover and ecosystem functions, coastline protection and increase employment opportunities for some of the poorest and most vulnerable communities, including women and small ethnic communities.

There are some Specific Objectives of the project as given below:

- To strengthen collaborative forests and Protected Area management for enhancing forest restoration, wildlife protection, biodiversity conservation and ecosystem services
- To increase access to alternative income generating activities AIGAs including forest extension service and planting trees outside forests areas to reduce forest exploitation and improving environment.

Collaborative Forest and Protected Area Management activities in SUFAL Project

Institutionalizing collaborative Forest Management (CFM): The aim of the collaborative forest management is to give forest dependent communities a stake in the management and preservation of the quality of the forests over the long term and to foster local stewardship forests. The BFD's approach to community involvement in the degraded and denuded forest land through social forestry has been in implementation for over two decades. The social forestry rules while providing clear guidance on benefit sharing under this approach, have largely encouraged monoculture plantation of non-native species and have had less influence on improving the quality and stocking of natural forests. A more comprehensive systematic approach is essential for BFD to work closely with communities to protect the remaining standing forests.

Relevant key activities for this component are to identifying policy and regulatory measures to strengthening collaboration with communities in different ecosystems; ii) identifying the most forest dependent communities where the project forms collaborative forest management communities (CFMCs); iii) awareness rising, capacity development and training on the CFM approach for the committees and BFD staff. Iv) Strengthening CFMC with own bank account, an operating fund and v) developing and institutional framework and rules for CFMC during implementation.

While dealing with communities for collaborative forest management, social safeguard policy of the World Bank are applied where necessary.

NGO involvement: Project hires 7 NGOs of high reputation for increasing access to alternative income generation activities (AIGAs) for collaborative forest and PA management, extension services and ToF. Two NGOs are selected for coastal region, two NGOs are selected for plain land Sal Forest region and 3 NGOs will be selected for hill region. These NGOs have been engaged in Group formation of 40000 community members and collect their data and provide data entry, organize capacity building training etc. for livelihood support and increase access to AIGAs. Each of the 7 NGOs will carry out a detailed baseline and database of community profile for future monitoring of project success. The project has engaged seven community

mobilization officers (CMO) who closely work with 7 NGOs in the implementation of project activities and reporting to the PD through concerned DPD. The project earmarked unallocated fund of US$9.0 million that will be used for establishing self-sustained institutional arrangement so that CFM institutions can run after phase out of the project. Unallocated fund of US$9.0 million may also be used in arrangement of logistics for staff mobilities of plantation supervision works. The project has been empowering communities to form 600 local institutions which will be operated for the collaborative forest and PA management. The project will initiate to register all these local institutions (CFMC) for their sustainability and legal protection. Necessary Community Operational Manual (COM) has been developed by engaging a community development specialist. The project is to review the implementation of existing PA management rules.

The formation of CFMCs: The formation of CFMCs has been facilitated by the NGO partners in consultation with the BFD Range and beat staff. The NGOs have been providing the capacity building support and CFMCs will be the main platform for activities of CFM. Village level collaborative forest management committee (CFMCs) are going to be formed with membership being open to all households in the nearby village. A total of 600 villages surrounding 338 Beats have been selected to form CFMCs. Such committees will be formed initially in the project intervention areas and will be expanded other areas as BFD and communities gain experience. The CFMCs are to participate in the preparation of the site-specific plan (SSPs) for the forest area to be treated under the project. The collaborative forest management committee (CFMC) are designed to be formed by the following members, namely:

- President- Elected from the forest dependent communities
- Member- Union Parsishad Member (2 in number, one will be female and nominated by concerned Union Parishad Chairman)
- Member- Representative from Forest Dependent community (Minimum 20% representation by female) (each targeted village will select two or more (if needed) members as representative (Total representatives minimum 11 persons)
- Member Secretary- Concerned Forest Beat officer.

ToR of the CFMC: Arrange and establishing plantation and protection of the forest by the community Committee will help to define species selection (Only indigenous forest species may be selected by community) during SSP exercise Term for the CFMC will be for 2 years SSP preparation will be carried out broadly along the following steps:

- RIMs unit in BFD will create and deliver an SSP information pack per beat. This will include-
  - Hardcopy map (including satellite imagery as underlay) showing the outline of each potential activity block
  - Detail of 2017 CEGIS report of site visits and Photograph per Beat (if available)
  - SSP field forms in hardcopy or via an Open Data Kit (ODK) electronic field form. The content and format of these forms will be developed by engaging a short-term consultant who will consult BFD staffs and local communities and present it to RIMS unit for taking necessary measures for BFD approval. A template/protocol will be developed by the consultant and will be used in the field for carry out SSP exercise and develop plans.

- Local beat and Range office staff will subdivide the block, as necessary into individual parts by drawing each part on the paper map
- For each part that is drawn on the map, a form will be filled. The form will help the field staff record the current status of the site and existing vegetation, the planned field activities, timing and species selection etc.
- The finished maps will be photographed and forwarded to RIMS by the end each working day. All the documents will be forwarded to a central database. Field staff will use Smartphones for this purpose.
- RIMS will digitize the incoming data and store it.

যে কোন সাদা বা শ্বেতী বন্যপ্রাণী (ইংরেজিতে যাকে বলে 'এ্যালবিনো') প্রকৃতিতে খুবই দূর্লভ। আমার জানা মতে ইতিপূর্বে বাংলাদেশের কোথাও সাদা শেয়াল দেখার নজির নেই। যখন কোন বন্যপ্রাণীর (স্তন্যপায়ী, পাখি, সরিসৃপ, ইত্যাদি) ত্বকে রঞ্জক পদার্থ তৈরি হয় না, তখন ঐ প্রাণীটি সাদা বা সাদাটে হয়ে যায়। এমনও হতে পারে যে, প্রাণীটির কিছু অংশ সাদা আর কিছু অংশ স্বাভাবিক। আমাদের দেখা শেয়ালটি ছিল সম্পুর্ণ সাদা। তবে এর নাক ও মুখের উন্মুক্ত চামড়া ছিল গোলাপী এবং চোখ ছিল ধূসর রঙের। সাদা হলেও এর স্বাস্থ্য ছিল বেশ ভাল এবং এর আচরণও ছিল স্বাভাবিক। এর একমাত্র সমস্যা যেটি লক্ষ্য করেছি তা হল, এটি বেশি আলোতে ভালভাবে তাকাতে পারে না। সম্ভবত সে কারণেই দিনের আলোতে বাইরে বের হয় না এবং কোন মানুষ তাকে সহজে দেখতে পায় না। পড়ন্ত বিকেলে যখন রোদ নরম হয়ে এল তখন সাদা শেয়াল আর তার সঙ্গিনী বিশ্রাম সেরে খাবার খুঁজতে বের হল। আমিও তাদের পিছু পিছু চললাম, কিন্তু বেশি দুর আর নজরে রাখতে পারলাম না। সাদা শেয়ালটি ছোট একটা প্রাণী শিকার করল, এরপর সঙ্গিনীসহ হারিয়ে গেল ঘন জঙ্গলে।

সাভার এলাকার বুনো ঝোঁপঝাড় আর শেয়ালের পর্যাপ্ত খাবার যতদিন থাকবে ততদিন এই সাদা শেয়াল, তার সঙ্গিনী আর প্রতিবেশীরা টিকে থাকবে। শেয়াল হাঁস-মুরগী শিকার করে বলে মানুষ তাদের শত্রু বলে বিবেচনা করে। সুযোগ পেলে মারতে বা আহত করতে ছাড়ে না। কিন্তু শেয়াল যতটুকু ক্ষতি করে তার চেয়ে অনেক বেশি উপকার করে। এরা ফসলের জন্য ক্ষতিকর ইদুর এবং ঘাসফড়িং খেয়ে ফসল রক্ষা করে। আমাদের সকলের উচিৎ শেয়ালের প্রতি সদয় হওয়া।

কেন এবং কীভাবে সুন্দরবনের বাঘ গণনা করা হয়

প্রফেসর ড. মোহাম্মদ আবদুল আজিজ
প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

আমাদের জাতীয় সংসদের মাননীয় এক সদস্য সুন্দরবনের বাঘ গণানাকে একবার তীব্র ভাষায় সমালোচনা করলেন। সম্ভবত কয়েক বছর আগের ঘটনা। 'যে বাঘ চোখে দেখা যায় না সেটি আবার গুণে কীভাবে, এসব আনপ্রডাক্টিভ কাজকর্ম অর্থের অপচয় ছাড়া আর কিছু নয়' বলে তিনি জোড়ালোভাবে সংসদে বক্তব্য তুলে ধরলেন। যদিও এ ধরণের বক্তব্য আমাদেরকে খুব একটা হতাশ করে না। এ দেশে এ ধরণের কথাবার্তা তো আমরা হরহামেশাই শুনে থাকি। তবে এ বিষয়ে ওই সাংসদকে খুব একটা কোনো দোষ দেওয়া যায় না, দোষটি আসলে আমাদের বাঘের। মাননীয় সাংসদের বক্তব্যের সারমর্ম ছিল এ রকম: সুন্দরবনে বাঘ রাখার দরকার কী, আর এত পয়সাকড়ি খরচ করে ওই বাঘ গুণতেই বা হবে কেন।

সুন্দরবনের বাঘ কেন গণনা করা হয়, এ প্রশ্ন খুব একটা অস্বাভাবিক নয়। বন ব্যবস্থাপনার সাথে জড়িত এবং সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ ছাড়া অন্যদের মনে এই প্রশ্নটি জাগতেই পারে। বাঘ গণনার প্রধান উদ্দেশ্য দুটি: প্রথমত, সুন্দরবনের প্রতিবেশব্যবস্থা কেমন আছে, কীভাবে চলছে, সেটি বুঝা। দ্বিতীয়ত, সুন্দরবনের ব্যবস্থাপনা সঠিকভাবে হচ্ছে কি না, তা মূল্যায়ণ করে প্রয়োজনীয় করণীয় ঠিক করা। বন্যপ্রাণী চোরাশিকারীরা সবসময়ই ওত পেতে থাকে। ব্যবস্থাপনার একটু ফাঁক পেলেই ঢুকে পড়ে বনে। বাঘ কিংবা হরিণ শিকার করে সংবেদনশীল প্রতিবেশব্যবস্থার বারোটা বাজায়। এর সাথে আছে গাছ চোর। এ সকল কর্মকান্ড অব্যাহত থাকলে এক সময় হরিণের আবাস নষ্ট হবে, এতে হরিণের সংখ্যা হ্রাস পেলে বাঘের খাদ্যাভাব দেখা দেবে। অর্থা বাঘ, হরিণ, বন সবই এক সুঁতোয় গাঁথা। বাঘ যেহেতু সুন্দরবন প্রতিবেশ ব্যবস্থার সর্বোচ্চ প্রাণী, সুতরাং আমরা যদি নিয়মিত বাঘ গুণতে পারি তাহলে প্রতিবেশের স্বাস্থ্য, বনের সার্বিক অবস্থা, ব্যবস্থাপনার দূর্বলতা ইত্যাদি বিষয় সম্পর্কে জেনে তড়িৎ ব্যবস্থা নিতে পারব। এর ফলে প্রতিবেশ ব্যবস্থার বড় ধরণের কোনো ক্ষতি বা ঝুঁকি এড়ানো সম্ভব।

বাঘ গণনা একটি টেকনিক্যাল বিষয়। এ বিষয়ে জ্ঞান ছাড়া এটি জানা-বুঝা খুব একটা সহজ কাজ নয়। তারপরও সাংসদের মতো সাধারণ মানুষও এই টেকনিক্যাল বিষয় নিয়ে নানা রকম কথাবার্তা বলে থাকেন। এ সম্পর্কে অনেকে জানতেও চান।

বাঘ গণনায় নানা পদ্ধতি ব্যবহৃত হয়। এক সময় পায়ের ছাপ ব্যবহৃত হতো। এটি বেশ পুরোনো পদ্ধতি, ভারতে দীর্ঘদিন ব্যবহৃত হয়েছে। আমাদের সুন্দরবনে ২০০৪ সালে পায়ের ছাপ পদ্ধতি ব্যবহার করা হয়। বাঘ যে পথে হেঁটে যায়, সে পথে মাটির উপর তার পায়ের ছাপ রেখে যায়। এই ছাপ থেকে প্রতিটি বাঘ আলাদা করা, মোট সংখ্যা গণনা করা ও বাঘ-বাঘিনী চিহ্নিত করা হতো। কিন্তু পরবর্তীতে এই প্রক্রিয়ায় মারত্মক কিছু ভুলভ্রান্তি ধরা পড়ে। যেমন একটি বাঘ কচিখালীর উলুবনে হাঁটলে পায়ের ছাপ এক রকম হবে, সেই একই বাঘ বালুকাবেলায় হরিণের পেছনে ছুটলে পায়ের ছাপ ভিন্ন হবে সেটি কারও বুঝতে অসুবিধা হওয়ার কথা নয়। ফলে কাদামাটির সুন্দরবনে একই বাঘের নানা রকম পায়ের ছাপ ও পরিমাপ হতে পারে। এ কারণে পরবর্তীতে বিজ্ঞানীরা বাঘ গণনার এই পদ্ধতি বাতিল করে দেন।

উনিশ শ আশির দশকে অনেক বিজ্ঞানী বাঘের গলায় জিপিএস কলার বা রেডিও কলার পরিয়ে বাঘের এলাকা নির্ণয়ের মাধ্যমে বাঘের সংখ্যা নির্ণয় করেন। নেপালে এই প্রক্রিয়াটি বেশ ভালোভাবে বাস্তবায়ন করা হয়। কিন্তু এই প্রক্রিয়ায় ফাঁদ পেতে বাঘ ধরে তার গলায় জিপিএস কলার লাগানো যেমন বেশ ঝুঁকিপূর্ণ, তেমনি ব্যয়বহুলও। এছাড়া এতে বাঘের মানসিক ও শারিরীক স্বাস্থ্যের উপর নানা ধরণের চাপ পড়ে। আবার বিশ্বাসযোগ্য পরিসংখ্যানিক বিশ্লেষণের জন্য নমুনা সংখ্যা বেশি হওয়া একান্ত প্রয়োজন। এতে অধিক সংখ্যায় বাঘের গলায় কলার লাগানোর প্রয়োজন হয়। এ সকল কারণে জিপিএস কলার বা রেডিও কলার পরিয়ে বাঘের সংখ্যা নির্ণয় বর্তমানে খুব একটা অনুসরণ করা হয় না। তবে 'প্রবলেম টাইগার' মনিটর করতে জিপিএস কলার একটি ভালো পদ্ধতি।

বর্তমানে স্বয়ংক্রিয় ক্যামেরার মাধ্যমে বাঘের ছবি তুলে বাঘের সংখ্যা নির্ণয় করা হয়। এ প্রক্রিয়ায় বাঘের চলাচলের পথের দুপাশে একজোড়া স্বয়ংক্রিয় ক্যামেরা বসানো হয়। ক্যামেরার সামনে দিয়ে বাঘ অতিক্রম করলে ক্যামেরা স্বয়ংক্রিয়ভাবে ছবি তুলে। পরবর্তীতে ওই ছবি দেখে প্রতিটি বাঘ আলাদাভাবে চিহ্নিত করে কম্পিউটার সিমুলেশনের মাধ্যমে বাঘের সংখ্যা বের করা হয়।

বাঘ গণনায় আরেকটি আধুনিক পদ্ধতি হলো ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং। এই প্রক্রিয়ায় বাঘের মল সংগ্রহ করে তা থেকে মলত্যাগকৃত ওই বাঘের ডিএনএ আলাদা করা হয়। সাধারণত কোনো প্রাণী মলত্যাগ করলে ওই প্রাণীর পরিপাকতন্ত্রের গাত্র থেকে কিছু কোষ মলের সাথে নির্গত হয়। এই নির্গত কোষ থেকে ডিএনএ আলাদা করে বিশ্লেষণ করতে পারলে আলাদা আলাদা বাঘ নির্ণয় করা যায়। অনেকটা ক্যামেরা-ট্র্যাপিং পদ্ধতিতে ধারণকৃত ছবিতে বাঘের ডোরা দাগ দেখে যেমন প্রতিটি বাঘ আলাদা করা হয়। এই ডিএনএ পদ্ধতিতে প্রতিটি মলের নমুনা থেকে ডিএনএ সংগ্রহ করে তা মাইক্রোস্যাটেলাইট নামক ডিএনএ মার্কার (এক ধরণের ছাঁচ ডিএনএ যা দ্বারা অসংখ্য ডিএনএ কণা থেকে নির্দিষ্ট একটি ডিএনএ আলাদা করা যায়) ব্যবহার করে প্রতিটি বাঘ আলাদা করা হয়। অতঃপর ক্যামেরা-ট্র্যাপিং পদ্ধতিতে অনুসৃত একই সিমুলেশন মডেল ব্যবহার করে বাঘের সংখ্যা বের করা যায়।

সুন্দরবনে বাঘ গণনায় অতীতে নানা পদ্ধতি ব্যবহার করা হয়েছে। এর মধ্যে বাঘের পায়ের ছাপ গণনা ও পরিমাপ, ক্যামেরা-ট্র্যাপিং ও জিপিএস কলার পদ্ধতি অন্যতম। ১৯৭৫ সালে সর্বপ্রথম জার্মান গবেষক হিউবার্ট হেনড্রিকস সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে সুন্দরবনে ৩৫০টি বাঘ থাকার কথা উল্লেখ করেন। ২০০৪ সালে বাঘের পায়ের ছাপ গণনা করে সুন্দরবনে ৪৪০টি বাঘ আছে বলে বলা হয়। তবে এই সাক্ষাৎকার কিংবা বাঘের পায়ের ছাপ কোনোটিই বিজ্ঞানসম্মত পদ্ধতি ছিল না। ফলে সংশ্লিষ্ট মহলে বাঘ জরিপের এই ফলাফল গ্রহণযোগ্য হয়নি। ২০০৭ ও ২০০৯ সালে ক্যামেরা-ট্র্যাপ ও জিপিএস কলার ব্যবহার করে সুন্দরবনে যথাক্রমে ২০০টি ও ৩০০-৫০০টি বাঘের হিসাব প্রকাশিত হয়। প্রথম গবেষণাটি মাত্র ১৫টি ক্যামেরা-ট্র্যাপ ব্যবহার করে, যেটি সুন্দরবনের পূর্ব বন্যপ্রাণী অভয়ারণের ১০৫ বর্গকিলোমিটার এলাকা থেকে বাঘের মাত্র ৭টি ছবি ধারণ করতে সক্ষম হয়। আর দ্বিতীয় গবেষণায়টি মাত্র দুটি স্ত্রী বাঘের গলায় জিপিএস কলার পরিয়ে তথ্য সংগ্রহ করে। এই গবেষণা দুটি পদ্ধতি বিজ্ঞানসম্মত হলেও এতে নমুনা ও বিশ্লেষণের উল্লেখযোগ্য ঘাটতি ছিল। তা ছাড়া গবেষণা দুটি সুন্দরবনের একটি নির্দিষ্ট এলাকায় সম্পাদিত হয়। ফলে এই গবেষণাদ্বয়ের ফলাফলে পুরো সুন্দরবনের সার্বিক অবস্থা যথাযথভাবে প্রতিফলিত হয়নি।

২০১৫ সালে ও ২০১৯ সালে প্রকাশিত ক্যামেরা-ট্র্যাপ পদ্ধতি ব্যবহার করে সম্পাদিত জরিপ দুটি এখন পর্যন্ত সবচেয়ে গ্রহণযোগ্য জরিপ। এতে নুমনার পরিমাণ ও বিস্তার মোটামুটি ভালো ছিল। এ দুটি জরিপের সাথে ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং পদ্ধতি ব্যবহার করে ২০১৮ সালে প্রকাশিত জরিপটিও সংশ্লিষ্ট মহলে প্রশংসিত হয় এবং গ্রহণযোগ্যতা পায়। এই প্রক্রিয়ায় সুন্দরবনের ১,৯৯৪ বর্গকিলোমিটার এলাকা থেকে ৪৪০টি বাঘের মল সংগ্রহ করে তা থেকে সুন্দরবনে ১২১ বাঘ থাকার তথ্য উঠে আসে। এই পদ্ধতিতে সংখ্যা ছাড়াও বাঘের জিনগত নানা দিক জানা যায়।

নিয়মিত বিরতিতে আমাদের বাঘ জরিপ করা দরকার। অধিকাংশ দেশে বাঘের জরিপ তিন থেকে পাঁচ বছরের মধ্যে সম্পাদিত হয়। আমাদের বাঘ কর্মপরিকল্পনায় তেমনটি বলা হয়েছে। সর্বশেষ ২০১৯ সালে প্রকাশিত জরিপটি মাঠ-পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়েছিল ২০১৭-২০১৮ সালে। সে হিসেবে আগামি বছরের শীত মৌসুমে পরবর্তী জরিপ শুরু করতে হলে এখনই প্রস্তুতি গ্রহণ করতে হবে। কারণ একটি জরিপের পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় তিন বছর লেগে যায়।

Sundarbans Biodiversity and Research Needs for Conservation

Dr. Tapan Kumar Dey
Deputy Chief Conservator of Forest (Rtd)
Bangladesh Forest Department, Dhaka

The Sundarban, covering about one million ha in the delta of the rivers Ganga, Brahmaputra and Meghna is shared between Bangladesh (~60%) and India (~40%), and is the world's largest coastal wetland. As an independent country, Bangladesh, has inherited this piece of 6000 km2 area having 4300 km2 as land and 1700 km2 of brackish water as its best natural heritage. Bangladesh part is the single largest mangrove forest in the world. It is also the largest and contiguous last remaining compact forest in the country. Enormous amounts of sediments carried by the rivers contribute to its expansion and dynamics. Salinity gradients change over a wide range of spatial and temporal scales. The biodiversity includes about 350 species of vascular plants, 58 species of mammals, 320 birds, 59 reptiles, 11 amphibians, 400 fishes including 210 white fishes, 24 shrimps, 14 crabs, 43 mollusks, 1 hemichordate and 1104 invertebrate species.

Species composition and community structure vary east to west, and along the hydrological and salinity gradients. Sundarban is the habitat of many rare and endangered animals (Batagur baska, Pelochelys bibroni, Chelonia mydas), especially the Royal Bengal tiger (Panthera tigris). Javan rhino, wild buffalo, hog deer, and barking deer are now extinct from the area. Since 2000, the Sundarban has been extensively exploited for timber and fuelwood, but now all exploitation of forest products has been banned except Golpata (Nypa fruticans) fish, prawns and fodder. The regulation of river flows by a series of dams, barrages and embankments for diverting water upstream for various human needs and for flood control has caused large reduction in freshwater inflow and seriously affected the biodiversity because of an increase in salinity and changes in sedimentation. Heritiera fomes (locally called Sundari), Nypa fruticans and Phoenix paludosa are declining rapidly.

Bangladesh Sundarbans holds the largest populations of all the species of plants and animals that are present there, barring the ones that share the marine environment. The Sundarbans appeared to be the only forest where Bangladesh Red Book (2016) designated Critically Endangered Saltwater Crocodile, Endangered Masked Finfoot, Finless Porpoise and Irrawaddy Dolphin are present. Literally, the Sundarbans is the only area in Bangladesh where Bengal Tiger roams freely and it represents the largest world population of the tiger in a single forest, of course considering Indian parts of the Sundarbans in it.

It has been reported that the Sundarbans support 58 species of mammals, 320 birds, 59 reptiles, 11 amphibians, 400 fishes including 210 white fishes, 24 shrimps, 14 crabs, 43 mollusks, 1 hemichordate and 1104 invertebrate species.

Comparison of Richness of Faunal Diversity of Sundarbans.

Categories	Number of species available in Bangladesh	Number of species recorded in Sundarbans	% in respect of whole Bangladesh
Mammals	138	58	42.02
Birds	566	320	56.53
Retiles	167	59	35.32
Amphibians	49	11	22.44
Fishes (fresh water an marine)	700	400 (approx.)	57.14
Shrimps	141	24	17.02
Crabs	22	14	63.63
Mollusks	137	43	31.38
Butterflies	305	100 (approx.)	32.78

On other hand, floral diversity also quite high, a total of 245 genera and 334 plant species were recorded under 75 families. In addition, there are 165 algae and 13 orchids having been recorded from this Forest. The Sundarbans flora is characterized by the abundance of tree species such as Sundri, Goran, Keora, Gewa, Kankra and Baen, etc. However, edges of the Sundarbans, facing the water bodies are dominated by the Golpata, Hental, Bola, Baen, reeds and grasses. Sundarbans ecosystem and food web is dynamic and ecological successions can be observed easily. The Sundri is the climax species in the successional stages.

It is the unique habitats of globally threatened species of wildlife like Estuarine Crocodile, Fishing Cats, Barking Deer, Common Otter, Masked Fin-foot, 8 species of kingfishers, Water Monitor Lizard, Gangetic Dolphin, Black Finless Porpoise Irrawaddy Dolphin, River Terrapin, Olive Ridley Turtle, Hawksbill Turtle, Green Sea Turtle, six species of sharks and rays, etc. Sundarbans is a big laboratory for wildlife research, study, and monitoring. Since last mid-century zoologists of Bangladesh as well as India have conducted appreciable research studies on wildlife and biodiversity conservation, which have been published in a number of books, journals, and reports. These have played vital role in wildlife and biodiversity conservation.

Sundarbans ecosystem provide livelihood for c.1.2 million people, helps in carbon sequestration, trapping of sediment and land formation, supports nursery of fishes and aquatic animals, hydrological balance, provide protection from tidal surge and cyclone, is one if the best habitats for globally endangered species of wildlife. It creates ample opportunities for zoological study and research in river, marine and forest ecosystems.

This mangrove forest was quite rich in animal diversity in the past. As per Hunter's Statistical Account of the Sundarbans (1878), "Tiger, Leopards, Rhinoceros, Wild Buffaloes, Spotted Deer, Hog Deer, Barking Deer, Wild Cats, Swamp Deer, Crocodiles and Monkeys were the principal varieties of wild animal". However, the last 150 years or so, due to ecological changes, habitat degradation and human pressure Javan Rhino, Wild Buffalo, Swamp Deer, and Hog Deer have become extinct.

The mammalian fauna is quite rich and comprised of Rhesus Macaque, Spotted Deer, Wild Boar, Ganges Susu, Porcupine, Leopard Cat, Small Claw-less Otter, fruit bats and insect bats. The birds virtually dominate the Sundarbans. These include, ducks and geese, doves, and pigeons, koel and cuckoos, kingfishers, bee-eaters, roller, owls, diurnal birds of prey, prominent being the Brahminy Kite, White-bellied Sea eagle and Crested Serpent Eagle; hoopoe, herons, egrets, cormorants, storks, waders, terns, gulls, Mangrove and other Pittas, Mangrove Whistler,

in our attitude and approach towards the biodiversity of the Sundarbans. Government bodies not only in Bangladesh but also in other countries are always ready to grab the fruitful outcome of any research done by their own or of supporting institutions and non-governmental organizations. Judicious use of such positive results may not harm a society but when these results are taken out of context and used unsustainably the resource depletion is inevitable.

Striking a balance between economic development and maintenance of biodiversity is increasingly challenging in the face of climate change, rapid human population growth and concomitant demand for natural resources. Understanding trade-offs and synergies between these objectives is particularly urgent in tropical forest areas which are home to more than 1.2 billion people. Comprehensive approach is still missing from the greater prospect of evaluating the biodiversity richness of the Sundarbans and its future and potential use for the development of mankind where all parties involved in the Sundarbans' stake be partners. As nature conservationist, we need to do more than making sporadic visits and covering certain aspects. I know these need lots of fund, manpower and long time. I hope the relevant national authorities, funding, and donor agencies as well as international NGOs should make it a point that future research on the Sundarbans biodiversity be based on long term that should not be less than a decade. As there are no national zoological survey and wildlife management departments jobs related to the biodiversity best be awarded to the national-level universities of the country.

We can prioritize the Sundarbans biodiversity conservation research as follows:

1. Update inventory of all animals and plants, including those that are used commercially;
2. As far as possible, species-wise population density estimates of mega species to be attempted. These should not be limited to tiger and crocodiles, and commercial species but those species that are virtually only present in the Sundarbans;
3. Determining the depth of human interference in the biodiversity, its remedial measures and caring for the needs of the people bordering the Sundarbans, who are heavily dependent on the biodiversity resource;
4. Developing ways and means of providing alternative livelihood for the people living around the Sundarbans;
5. Protocols should be developed in such a way that all future pollutions of the water and biodiversity of the Sundarbans can be determined and mitigated.
6. Developing a programme and trying to get funds for a central digital library for the biodiversity species of the Sundarbans.
7. A knowledge hub like Sundarbans Biodiversity Center can be established for better integration of research and monitoring works.
8. Involvement of zoologists in continuous monitoring of fauna including Tiger, deer, crocodiles, etc., to be initiated.

Bibliography

Canonizado, J.A and Hossain, M.A. 1998. Integrated Forest Management Plan for the Sundarbans Reserved Forest, Mandala Agricultural Deployment Corporation and Forest Department, Dhaka, Bangladesh.

Curtis, S.J. 1933. Working Plan for the Sundarbans Division (1931 to 1951). Bangla Government Press, Calcutta, Vol. 1, 175pp.

Dey, T.K. 2007. Deer Populations in the Bangladesh Sundarbans. Bangladesh Forest Department, Banbhaban, Agargaon, Dhaka. 112pp.

IUCN Bangladesh. 2016. Red list of Bangladesh, Vols. 1-7. IUCN- Country Office, Banani, Dhaka.

Khan, R. 2014. Sundarban: rediscovering Sundarban. Nymphaea Publications, Dhaka.

bulbuls, mynas, starlings, flowerpeckers, sunbirds, pipits, and wagtails. Among reptiles, Ringed Lizard, Bengal Monitor, Indian Python, Checkered Keelback, Rat Snake, Green and Short-nosed Whip Snake, Dog-faced Water Snake, Golden Flying Snake, the King Cobra, Banded Krait, Russel's Viper, Pit Viper, etc., are prominent. Of the amphibians, most notable being Common Toad, the Crab-eating Frog, Green Frog, Common Bullfrog, Jerdon's Bull Frog, Narrow-mouthed Frogs, Cricket frogs, etc. Sundarbans marine ecosystem support Whale, Tiger Shark, Hammer-headed Shark, Saw Fish, Guitar Fish, and Hilsa and many other brackish water fishes, and over a thousand species if invertebrates, etc., as well as an appreciable number of recorded and unrecorded plant species from algae to *Aegiceras*.

Considering the richness of faunal diversity, the Ministry of Environment, Forest and Climate Change has declared 3 (three) wildlife sanctuaries (WS) like Sundarbans East WS, Sundarbans West WS and Sundarbans South WS covering an area of **3,17,950.08** hectares in 2017 which is about **52%** of Bangladesh Sundarbans. Considering the global conservation importance of Sundarbans, UNESCO declared its as 798th heritage site in 1997 which include three wildlife sanctuaries. This landscape has been declared as 560th Ramsar Site in 1992. In 2012 Ministry of Environment, Forest and Climate Change has declared 6 (Six) Dolphin wildlife sanctuaries like Chandpai WS, Dhangmari WS, Dudmukhi WS, Shibsa WS, Pankhali WS and Bhadra WS for conservation of Gangetic Dolphin, Irrawaddy, and Bottlenose Dolphin, and Finless Porpoise etc covering water area of **4,497.00** hectares.

Tiger is the top carnivore in Sundarbans food web and this animal have been reduced in number drastically **(approx. 114)** due to a combination of over hunting, poaching, illegal trade, loss of prey, habitat degradation, conflict with human, navigation route and industrialization etc. In Sundarbans, Tiger is an umbrella species and its conservation automatically ensures the protection of large number of flora and fauna included in the Sundarbans mangrove ecosystem.

Sundarban is a big biological laboratory for wildlife research, study and monitoring, and management. Wildlife biologists of India & Bangladesh have conducted thousands of research studies on wildlife and biodiversity conservation which have been published in books, journals, and reports. They have played vital role in wildlife and biodiversity conservation. Sadly, most of the research done so far revolved mostly for commercial fishing and forestry management.

Under these contexts what can be the conservation perspectives of the biodiversity of the Sundarbans, and the answer must lie not only in the commercial exploitation but also comprehensive approach towards conservation and sustainable management of the biodiversity. This revolves round the basic wildlife research that considers fundamental research on the inventorying of the species that are part of wildlife biology and the ones on which life of these species are dependent.

Current trend dictates that nothing can be studied; no programme can be taken or implemented without having knowledge of the intrinsic values of each species and their position in the food chain, ecosystem, and roles in or out of the climate change, global warming, greenhouse gas emission, carbon sink, etc., as well as in human society.

As a conservationist, when we think about the Sundarbans biodiversity, the topics that come to our minds are studying mega species such as the tiger, dolphins, crocodile, few species of birds, reptiles, fishes, crustaceans, butterflies, plant biodiversity, forest composition, salinity, impact of natural calamities such as Sidr, Aila etc.; over-exploitation of forest produces, aquatic recourses and so on. Some of these studies are going on as far as the forestry practices started in the Sundarbans in the 1860s. There is no second thought about having a change in basic assumptions

SOCIOECONOMIC IMPACT OF ECO-TOURISM OF NIJHUM DWEEP NATIONAL PARK

Md Saidur Rashid
Deputy Secretary, Ministry of Railways
and
Former Deputy Conservator of Forests

What is ecotourism? :

Ecotourism is now defined as "responsible travel to natural areas that conserves the environment, sustains the well-being of the local people, and involves interpretation and education" (TIES, 2015).

Principles of Ecotourism:

Ecotourism is about uniting conservation, communities, and sustainable travel. This means that those who implement, participate in and market ecotourism activities should implement the following ecotourism principles:

1. Reduce physical, social, behavioral, and psychological impacts.
2. Build environmental and cultural awareness and respect.
3. Provide positive experiences for both visitors and hosts.
4. Make available direct economic benefits for conservation.
5. Produce economic benefits for both local people and private industry.
6. Provide impressive interpretative experiences to visitors that help to understand about political, environmental, and social climates of host countries.
7. Design, create and operate low-impact facilities.
8. Recognize the rights and spiritual beliefs of the Local People and work in partnership with them to create empowerment (TIES, 2015).

Socioeconomic impact of ecotourism:

“Ecotourism potentially provides a sustainable approach to development” (Okech, 2009). Ecotourism is a form of natural resource-based tourism which is educational, low-impact, non-consumptive and locally oriented. Local people involve in this industry and obtain the majority of the profits to confirm sustainable development (D’ Angelo et al., 2010).In addition to that, ecotourism is considered as a solution for reducing environmental and socioeconomic problems and it is a sustainable development instrument in ecologically sensitive area. Moreover, ecotourism is an important tool used for based tourism which is educational, low-impact, non-consumptive and locally oriented. Local people involve in this industry and obtain the majority of the profits to confirm sustainable development (D’ Angelo et al., 2010).In addition to

that, ecotourism is considered as a solution for reducing environmental and socioeconomic problems and it is a sustainable development instrument in ecologically sensitive area.. Moreover, ecotourism is an important tool used for contribution to conservation of the natural landscape and helps to reduce poverty in an underdeveloped regions (Barkin, 1996; Gregory, 2005; Robert and Santos, 2005; Williams and Ferguson, 2005; Açiksöz et al., 2010).

Nijhum Dweep National Park:

Nijhum Dweep is a cluster of small islands, situated about 31 km south west of Hatiya Upazilla (sub district) head quarter under Noakhali District, at the confluence of the Meghna estuary on the Bay of Bengal. This island slowly developed as an alluvium in the early 1950s from the Bay of Bengal and since 1972 Bangladesh Forest Department has been involved in the planting of mangrove trees *Sonneratia apetala* (local name, keora), *Avicennia officinalis* (local name, Baen), *Excoecaria agallocha* (local name, Geoa), *Bruguiera gymnorrhiza* (local name, Kakras) etc. The newly plantation land developed floral cover and gradually evolved as an ecosystem. During the next 40 years, Nijhum Dweep became established as mangrove ecosystem on this island in the southern part of Bangladesh. Now, this island contains 12,360.40 acres mangrove forest raised by Bangladesh Forest Department. This conversion of this bare island to a developed ecosystem is an outstanding example of the Bangladesh Forest Department's efforts to develop and sustain man made ecosystems in Bangladesh. In 2001, Nijhum Dweep was declared as National Park by the Government of Bangladesh. According to the notification of national park, Nijhum Dweep national park covers 40,390 acres of land (Feeroz et al., 2015).

A total of 152 plant species representing 55 families have been found in Nijhum Dweep national park. Among the species, 66 belong to trees, 15 belong to shrubs, 58 belong to herbs and 13 belong to trees. Six species of amphibians and 23 species of reptiles have been found in this national park. A total of 193 species of birds have been found in this national park and among those birds 76 species are migratory. World's largest population of Indian skimmer found in this national park. A total of 17 species of mammals were found in this national park.The current assessment of the spotted deer population in Nijhum Dweep is approximately 2000. This national park has huge scope for ecotourism (Feeroz et al., 2015). According to IRG 2012, the population of Nijhum Dweep is around 20,000. Fishing and farming are the main occupation of this population and most of the people are directly involved in fishing and farming.70% people of Nijhum Dweep are fisherman and the rest 30% are farmer. People are also involved in livestock farming (Feeroz et al., 2015).

Fig: Famous spotted deer of Nijhum Dweep national park

Study of socio-economic impact of Nijhum Dweep national park:

This national park has huge scope for ecotourism. Nijhum Dweep is one of the most important tourist destination in Bangladesh. The national park consists of 11 char lands (islands).But, tourists visit mainly Char Osman and Domar Char .This national park is famous for spotted deer, mangroves and migratory birds. The tourism season of this park is from October to March. But, peak season is December to January. This park is full of tourists on weekend two days in tourist season.

The study was done in 2016 as a part of dissertation submitted by this writer when he was a student of MSc program in Climate Change at University of East Anglia, United Kingdom. The aim of the study of the study was assess socioeconomic benefits from the eco-tourism in Nijhum Dweep national park. For collecting data a group meeting with different stakeholders like motor cycle drivers, boat owners, restaurant owners, tourist guides was arranged. Besides this, in Nijhum Dweep national park, a group meeting with different stakeholders of ecotourism activities was arranged. There were 46 motor cycle drivers, 15 tourist boat owners,4 restaurant owners, 4 hotel owners and 4 tourist guides in the national park. Among those,23 motor cycle drivers, 8 tourist boat owners, 4 restaurant owners, 4 hotel owners and 4 tourist guides were present. Questionnaires regarding number of tourists visit, their income and employment in ecotourism, salary of staffs employed in hotel, restaurants and tourist boats were asked to the participants. Moreover, questionnaires regarding socioeconomic benefits were asked to participants of the group meeting.

There is no census regarding numbers of tourists visiting this national park. But local stakeholders informed that the number of tourists visiting this park is approximately 25,000-30,000 per year. Local residential hotel owners informed that the number of tourists stay this national park at night is approximately 8,000. Other tourists come this park early in the morning from Hatiya upazilla headquarters, observe the beautiful natural view of the parks and leave the park at the evening .Employees in Hotels and restaurants, motor cycle drivers, staffs in tourist boats and tourist guides are involved in ecotourism activities. Among those, employment in tourist boats is the highest .The total number of tourist boats is 15 and the number of employees in tourist boats is 50. Usually, during tourist seasons these boats are used to carry tourists. But, during other season, these boats are used in other purposes. So the income from the ecotourism sector is their extra income.The number of motor cycle drivers is 46.These motor cycle drivers carry regular passengers. But during tourism season, they earn extra income from tourists. The total number of employees in hotels and restaurant is 13 and 16 respectively and there are only four trained tourist guides in this park. Tour guiding is their part time job. In other times, they work in fishing boats, agriculture and other household activities .The highest income comes from motor cycle sectors i.e. approximately 20,70,000 BDT(25,875 USD). Usually tourists visit inside the national park by motor cycles. Sometimes, motor cycle drivers act as tourist guides. In most cases, the tourists give some tips to the motor cycle drivers.

Second highest income comes from tourist boats. Usually, tourists come from Tomoruddin port of Hatiya Upazilla headquarter to the national park by big tourist boats. The number of these types of tourist boats is 5.On the other hand, tourists use small boats to visit in the small canals

inside the mangrove forest. River cruising inside the mangrove forest is very popular among tourists. Sometimes, tourist observe the beautiful spotted deer inside the mangrove forest from these small boats. The total number of small tourist boats in this park is 10.The total income from tourist boats is approximately is 16, 65,000 per year (20,812.5 USD) .The income from hotels and restaurants is 16, 54,000 BDT (20,675 USD) and 13, 42,000 BDT (16,775 USD) respectively. The income from tour guiding is very minimum i.e.approximately 1, 20,000 BDT (1,500 USD) .But this income is part time income of the tourist guides .The income from hotels and restaurants is 16, 54,000 BDT (20,675 USD) and 13, 42,000 BDT (16,775 USD) respectively. The income from tour guiding is very minimum i.e.approximately 1, 20,000 BDT (1,500 USD) .But this income is a part time income of the tourist guides . So, 129 persons are directly involved in ecotourism activities of Nijhum Dweep.

Besides this, during tourism season, selling and income of the local small shops have been increased .Moreover, different types of sea fish are available in Nijhum dweep. These sea fish are popular among tourists. So, poor fishermen obtain a good price by selling these fish during tourism season.Generally, ecotourism in Nijhum Dweep has multiple benefits. The economic condition of the people of the periphery of the national park is very vulnerable. People depend only agriculture and fishing in the sea (Feeroz et al., 2015). Local people usually do not obtain good price by selling their agri products and fish. Ecotourism helps them to obtain good price during tourism season. Specially, motor cycle drivers and owner and staffs of tourist boats, hotels and restaurants earn more money from ecotourism. They can spend these money to improve their food quality, housing, health and educational facilities of their family members. Moreover, their purchasing capacity and quality of life have been increased. On the other hand, as the Nijhum Dweep national park has created employment opportunity of local people, increased income and quality of life, changed socioeconomic condition of local people, the local people are very much conscious about the conservation of the national park. Local forest officers informed me that local people helped them to protect illicit felling, deer and migratory birds hunting and encroachment. Sometimes, they inform secret information to the local forest officer regarding forest crime occurring inside the national park. So, ecotourism helps to improve socioeconomic condition of the local people as well as conservation of the national park.

References:

Açiksöz S, Görmüs S, Karadeniz N (2010). Determination of ecotourism potential in national parks: Kure mountains national park, Kastamonu-Bartin, Turkey. African J. Agric. Res., 5(8): 589-599.

Barkin D (1996). Ecotourism: A tool for sustainable development. Retrieved 16 June 2010

D'Angelo R, Sachasiri T, Vaccaro N, Welie MV, Vargas A, Yongsanguanchai N (2010). Post-tsunami ecotourism development: solutions for the laem khruat village. pp. 90. Retriewed 14

Feeroz and Uddin, 2015. Biodiversity of Nijhum Dweep National Park, Bangladesh Forest Department, Dhaka, Bangladesh.

Gore, A., 2009, An Inconvenient Truth, Rabowsky, London .Latvia's Gauja National Park. Landscape Res. 30: 413-30

Okech NR (2009). Developing urban ecotourism in Kenyan cities: A sustainable approach. J. Ecol. Natural Environ., 1(1): 1-6.

The International Ecotourism Society, 2015.

জীববৈচিত্র্য সংরক্ষণে সামাজিক অংশগ্রহণ: বিবিসিএফ মডেল

মোল্যা রেজাউল করিম
বন সংরক্ষক
বন্যপ্রাণি ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা

ভূমিকা ঃ বন ও বনজ সম্পদ সংরক্ষণের প্রচলিত ধারনার সাথে জীববৈচিত্র্য সংরক্ষণের কিছুটা পার্থক্য আছে। বন ও বনজ সম্পদ সংরক্ষণের ক্ষেত্রে নির্ধারিত বনাঞ্চল ও সংলগ্ন এলাকার বনজ সম্পদ প্রহরা ও সংরক্ষণ করতে হলেও জীববৈচিত্র্য সংরক্ষণের কোন সুনির্দিষ্ট স্থান বা এলাকা নেই। জীববৈচিত্র্যের উপাদান সমুহ বন ও বনের বাহিরের পরিবেশে এমনকি মানুষের গৃহস্থলীতেও বিদ্যমান। ঘরবাড়ী, বাসগৃহের আনাচে কানাচে থেকে শুরু করে নদ-নদী, খাল-বিল, হাওড়-বাওড়, নগর-শহর সর্বত্রই জীববৈচিত্র্য বিদ্যমান। বৃহত্তর ইকোসিস্টেমের কম্পোনেন্ট সমুহ সংরক্ষণের প্রয়োজনে এর প্রতিটি উপাদান সমুহকে সযত্নে সংরক্ষণ ও স্ব স্ব পরিবেশে বিদ্যমান রাখা আবশ্যক। দেশের বনাঞ্চল ও বিলাঞ্চল সহ বনের বাহিরে মানুষের বসতির আশেপাশে ছড়িয়ে ছিটিয়ে থাকা নানান জাতের প্রানী ও উদ্ভিদ সংরক্ষণের নামই জীববৈচিত্র্য সংরক্ষণ। সরকারী ব্যবস্থাপনায় বনাঞ্চলের জীববৈচিত্র্য সংরক্ষণের কাঠামো গড়ে উঠলেও আমাদের দেশের অবশিষ্ঠ বিস্তৃর্ণ অঞ্চল ও মানুষের বসতির আশেপাশে ছড়িয়ে ছিটিয়ে থাকা নানান জাতের প্রানী ও উদ্ভিদ সংরক্ষণের কোনো ব্যবস্থা এখনও গড়ে ওঠেনি। ফলে মানুষের অসচেতনতা ও প্রাত্যহিক কর্মকান্ডে প্রকৃতিতে বিদ্যমান জীববৈচিত্র্য বা ইকোসিস্টেমের মহামূল্যবান কম্পোনেন্ট সমুহ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয় অহরহ। প্রাকৃতিক ইকোসিস্টেমের এসকল গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট তথা বিদ্যমান জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য তাই প্রয়োজনীয়তা অনুভূত হয় জীববৈচিত্র্যের আবাসস্থল ও প্রজননক্ষেত্র সংরক্ষণকারী স্থানীয় জনসাধারনের সমন্বিত উদ্যোগ তথা True Community Participation।

Bangladesh Biodiversity Conservation Federation (BBCF) গঠনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের পাখি, বন্যপ্রানী, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে বৈপ্লবিক পরিবর্তন সুচিত হয়েছে যা সামাজিক আন্দেলনের রুপ পরিগ্রহ করেছে। বন্যপ্রানী, পাখি, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে সরকারী জনবল সংকটের বিকল্প সমাধান উদ্ভাবন ও বাস্তবায়ন, বন্যপ্রানী-পাখি, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে সরকারী ব্যয়হ্রাস, সময় ও শ্রম সাশ্রয় এবং বাস্তবানুগ কার্যকর হস্তক্ষেপ (Action) পদ্ধতি প্রয়োগ এবং জনসাধারনের মধ্যে নেতৃত্বের গুনাবলী সৃষ্টি, জনসচেতনতা বৃদ্ধি ও পরিবেশ সংশ্লিষ্ট বিষয়ে স্ব-স্ব এলাকায় অংশগ্রহণকারীদের দক্ষতার উন্নয়ন এবং জনসম্পদ সৃষ্টি করা হয়েছে।

BBCF প্রতিষ্ঠার প্রেক্ষাপট ;

২০১২ সালের ১০ই অক্টোবর তারিখে সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে রাজশাহী ও রংপুর বিভাগের ১৬টি জেলার অধিক্ষেত্র নিয়ে উক্ত অঞ্চলের জীববৈচিত্র্য, প্রকৃতি, বন্যপ্রানী ও পাখি সংরক্ষণের লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতায় বন অধিদপ্তরের অধীন "বন্যপ্রানী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, রাজশাহী" নামক একটি বন বিভাগ সৃষ্টি করা হয়। বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলের ১৬টি জেলা অর্থ্যাৎ সমগ্র দেশের এক চতুর্থাংশ ব্যাপী বিস্তৃর্ণ অধিক্ষেত্র সম্বলিত এই অঞ্চলে প্রকৃতিগতভাবে পাখি ও বন্যপ্রাণীর প্রাচুর্য থাকলেও তা সংরক্ষণের জন্য দাপ্তরিক ও মাঠ পর্যায়ে মাত্র ০৮ (আট) জন জনবল নিয়োগ করা হয়। অধিক্ষেত্রের কয়েকটি স্থলবন্দর ও সীমান্ত পথে বিপুল পরিমান বন্যপ্রানী ও পাখি পাচার রোধ, বৃহত্তম চলনবিল, জবাইবিল, আন্দাসুরা বিল, আসুরার বিলসহ পদ্মা, যমুনা, তিস্তা, মহানন্দা, বড়াল নদীর চরাঞ্চলে দেশীয় ও অতিথি পাখি শিকার প্রতিরোধে অত্যন্ত সীমিত জনবল ও লজেষ্টিক্স ছিল নিতান্তই অপ্রতুল। বিপুল পরিমান পরিযায়ী পাখি শিকার, ক্রয়-বিক্রয়, মাংস ভক্ষন, হোটেল ও হাটবাজারে বিক্রয়

প্রতিরোধে নবসৃষ্ট উক্ত বন বিভাগের তৎকালীন বিভাগীয় বন কর্মকর্তা (বর্তমানে বন সংরক্ষক, বন্যপ্রাণি ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা) কর্তৃক স্থানীয় জনসাধারনকে সম্পৃক্ত ও সচেতন করা, নানামুখি আলোচনা সভা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নেতৃত্বের গুনাবলী বৃদ্ধি ও দক্ষতা উন্নয়ন করে উক্ত বিস্তৃর্ণ অঞ্চলের পাখি, বন্যপ্রাণী, প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণের যুগান্তকারী পদক্ষেপ গ্রহন করেন।

তার আহবানে সাড়া দিয়ে উত্তরবঙ্গের দুটি প্রশাসনিক বিভাগের ১৬টি জেলায় বিপুল পরিমাণ জনসাধারণের মাঝে পরিবেশ, প্রকৃতি ও ইকোসিস্টেম সম্পর্কে ধারন, গুরুত্ব, সংরক্ষণের প্রয়োজনীতা ও কৌশল সম্পর্কে দক্ষতা সৃষ্টি হয়। জনগনের অংশগ্রহনে মাঠ পর্যায়ে, প্রত্যন্ত গ্রামাঞ্চলে, নদীর অববাহিকা ও তটভূমিতে নিরাপদ পাখি ও জীবজন্তুর আবাস ও বিবরণ ক্ষেত্র গড়ে ওঠে। স্থানীয় হাটবাজারে ব্যপক প্রচার প্রচারণা চালানো হয়। জনসাধারনের নেতৃত্বে স্থানীয় উপজেলা প্রশাসন, পুলিশ ও জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে হাটবাজারে পাখি ও বন্যপ্রানী বিক্রয়, বিলাঞ্চলে শিকার ও হত্যা, আটক রেখে পাখি পালন প্রতিহত করা হয়। তাছাড়া উক্ত সময়কালে অধিক্ষেত্রাধীন এলাকায় বিভিন্ন স্থানে শতাধীক পাখির কলোনী চিহ্নিত করে সেই সব কলোনীর পাখি নিধন প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে সম্পৃক্তকরণ, সচেতনতা সৃষ্টি ও পাখি কলোনী সংরক্ষণ ও ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়। এলাকাবাসীকে পাখি সংরক্ষণের গুরুত্ব, ইকোসিস্টেমে পাখির প্রয়োজনীয়তা ও অবস্থান সম্পর্কে অবহিত করে ঐসব কলোনীর পাখির নিরাপত্তা প্রদান, আবাসস্থল সংরক্ষণ ও খাদ্য নিরাপত্তা সহ প্রজনন ক্ষেত্র সংরক্ষণের বিষয়ে নানামুখী প্রশিক্ষণ প্রদান করা হয়।

দেশের গ্রামাঞ্চলে বিদ্যমান জীববৈচিত্র্য, পাখি, বন্যপ্রাণী ও এদের আবাসস্থল সংরক্ষণের লক্ষ্যে স্থানীয় পরিবেশ ও প্রকৃতি প্রেমী জনসাধারণকে সচেতন ও সংঘবদ্ধ করে গঠন করা হয় বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশন (Bangladesh Biodiversity Conservation Federation (BBCF) গঠন করা হয়। BBCF বর্তমানে দেশের বিভিন্ন অঞ্চলে সম্প্রসারিত হয়েছে এবং সারাদেশের দুই শতাধিক প্রকৃতি ও পরিবেশবাদী সংগঠন লাভ করেছে। উক্ত সংগঠনের মোট স্বেচ্ছাসেবী সংখ্যা প্রায় ১২,০০০ (বার হাজার), যারা দেশের প্রত্যন্ত অঞ্চলের পাখি, বন্যপ্রাণী রক্ষা এবং জীববৈচিত্রের আবাস্থল ও প্রজনন ক্ষেত্র সংরক্ষণে সর্বসাধারণকে সচেতন করা, প্রশাসনকে তথ্য দিয়ে সহায়তা করা ও সরকারী কর্মসূচীসহ জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ উদযাপনের মাধ্যমে সরকারকে পরিবেশ, প্রকৃতি, জীববৈচিত্র্য, পাখি ও বন্যপ্রাণী সংরক্ষণে সহায়তা প্রদান। উদ্যেগটি বাংলাদেশে প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণে True Community Participation Model এর উদাহরন হিসেবে ব্যপক পরিচিত ও সুনাম অর্জন করেছে। আরো বহু সংখ্যক স্থানীয় ও আঞ্চলিক পরিবেশবাদী সংগঠন BBCF এর সদস্য পদে অধিভূক্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

প্রকৃতি প্রেমী মানুষদের স্বেচ্ছাসেবী এ সংগঠন বর্তমানে সারাদেশে বিস্তার লাভ করেছে এবং দেশের বিভিন্ন অঞ্চলে জীববৈচিত্র্য সংরক্ষণকারী সমিতি/কমিটি গঠন করে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। Bangladesh Biodiversity Conservation Federation (BBCF) এর বর্তমান কর্মক্ষেত্র সমগ্র বাংলাদেশ। তাছাড়া বাংলাদেশের জীরবৈচিত্র্য, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণে বর্তমানে এটিই সর্ববৃহৎ প্লাটফরম। দেশের উত্তরাঞ্চল হতে শুরু হওয়া এ সংগঠনের কাজ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যপক প্রচার ও পরিচিতি লাভ করেছে।

সময়ের পরিক্রমায় BBCF দেশের প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণের ক্ষেত্রে True Community Participation Model-এর বাস্তব উদাহরনে পরিণত হয়েছে। BBCF এর স্বেচ্ছাসেবীগণ নিরলস ও নিঃস্বার্থভাবে দেশের জীববৈচিত্র্য সংরক্ষণে ভূমিকা রেখে সরকারকে তথা দেশকে প্রাকৃতিক পরিবেশ বিপর্যয়ের হাত হতে রক্ষায় অনবদ্য অবদান রেখে চলেছেন।

অগ্রাধিকার ও উদ্দেশ্যসমূহ ঃ

ক) অগ্রাধিকারঃ "বন্যপ্রানী, পাখি ও জীববৈচিত্র্য সংরক্ষণের মাধ্যমে পরিবেশ ও ইকোসিস্টেমের ভারসাম্য রক্ষা করে অনাগত প্রজন্মের জন্য একটি বাসযোগ্য বাংলাদেশ বিনির্মান করা"

খ) উদ্দেশ্য সমূহ ঃ

১. সরকারী জনবল সংকটের বিপরীতে স্থানীয় জনসাধারণকে সম্পৃক্ত ও উদ্বুদ্ধ করে জীববৈচিত্র্য, পাখি ও বন্যপ্রানী সংরক্ষণ;

২. জীববৈচিত্র্য, পাখি ও বন্যপ্রানী সংরক্ষণে সরকারী আর্থিক সংশ্লেষ নুন্যতম পর্যায়ে সীমিত রাখা;

৩. ইকোসিস্টেমের উপাদান সমূহের প্রতি স্থানীয় জনসাধারনকে সম্পৃক্ত ও সচেতন করার মাধ্যমে তাদের দায়িত্বশীলতা উন্নয়ন;

৪. জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণে সরকারী কার্যক্রমের সাথে জনসম্পৃক্ততার মাধ্যমে সরকারকে সহায়তা প্রদান;

৫. জীববৈচিত্র্য ও বন্যপ্রাণীর আবাসস্থল, বিচরনক্ষেত্র ও প্রজননক্ষেত্র সংরক্ষণ, উন্নয়ন;

৬. জনসাধারণ কর্তৃক জীববৈচিত্র্য, বন্যপ্রাণী ও তার আবাসস্থল বিধ্বংসী কার্যকলাপ প্রতিরোধ;

৭. জীববৈচিত্র্য সংরক্ষণে সরকারী সময়, অর্থ ব্যয়, শ্রম, দীর্ঘসুত্রিতা ও জনঅজ্ঞতা হ্রাস।

ব্যবহৃত সৃজনশীল পদ্ধতিসমূহ ঃ

ক. স্থানীয় জীববৈচিত্র্য ও প্রকৃতিপ্রেমী যুবসমাজকে সম্পৃক্ত করে কয়েকটি ডিজিটাল ক্যামেরা প্রদান করা হয়। ফলে তারা প্রতিদিন তাদের আশেপাশে জীববৈচিত্র্য ও প্রকৃতি বিরোধী কোন কর্মকান্ড লক্ষ্য করলে তার ছবি তুলে, ই-মেইল ও ফেসবুকের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করে, ফলে সাথে সাথে প্রতিকার করা হয়।

খ. সরাসরি যোগাযোগ নাম্বার ও ঠিকানা সম্বলিত ২´´ × ১.২৫´´ সাইজের ষ্টিকারে "আপনার একটি টেলিফোন কল একটি প্রাণীর জীবন বাঁচাতে পারে, আপনিও হতে পারেন একজন পরিবেশ কর্মী" লেখা সম্বলিত ২০,০০০ টি ষ্টিকার তৈরী করে উত্তরবঙ্গের ১৬টি জেলায় বিভিন্ন হাটবাজার, দোকান, ব্যক্তি ও প্রতিষ্ঠানের সুবিধাজনক স্থানে স্থাপন করা হয়। ফলে জনসাধারনের বিপুল সাড়া পাওয়া যায়।

গ. স্থানীয় হাট বাজার সমূহে (বিভিন্ন জেলায় প্রায় ৫০০ শতাধিক হাটবাজারে) বাজার বার/হাটের নির্ধারিত দিনে জনবহুল স্থানে ভ্যানগাড়ী/রিকশা/সুবিধাজনক উঁচুস্থানে দাড়িয়ে জীববৈচিত্র্য সংরক্ষণের প্রয়োজনীয়তা বিষয়ক বক্তৃতা প্রদান। তবে বিশেষভাবে বক্তৃতাকালে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি (চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর) বা বাজার কমিটির সভাপতি/সদস্য অথবা শিক্ষক শ্রেনীর কাউকে উক্ত বক্তৃতায় উপস্থিত করে তাঁকে দিয়েও কিছু কথা বলানোটা ছিল বিশেষ কৌশল যাতে সেই ব্যক্তিও জীববৈচিত্র্য সংরক্ষণের সাথে সম্পৃক্ত হন।

ঘ. স্থানীয় জীববৈচিত্র্য ও প্রকৃতিপ্রেমী ব্যক্তি/ব্যক্তিগনকে একত্রিত করে স্ব স্ব এলাকায় জীববৈচিত্র্য সংরক্ষণ কমিটি গঠন করা, যাতে উক্ত কমিটিতে অধিক সংখ্যক ব্যক্তির সম্পৃক্ততা তৈরী হয়।

BBCF প্রতিষ্ঠার ফলে জীববৈচিত্র্য সংরক্ষণে সৃষ্ট প্রভাব ও সামাজিক পরিবর্তন ঃ

BBCF গঠনের ফলে স্থানীয় জনসাধারণের অংশগ্রহনে ঃ-

ক. জীববৈচিত্র্য, পাখি ও বন্যপ্রানীর নিরাপদ বিচরণ, আবাসস্থল ও প্রজননক্ষেত্র তৈরী হয়েছে।

খ. পাখি ও বন্যপ্রানী ক্রয়-বিক্রয়, শিকার, হত্যা, পরিবহন, আটক রাখা যে আইনত: দন্ডনীয় অপরাধ, জনসাধারণ তা বুঝতে শিখেছে।

গ. ইকোসিস্টেম ভারসাম্য রক্ষায় জনগনের অংশগ্রহন নিশ্চিত করা হয়েছে।

ঘ. প্রতিষ্ঠার পর হতে এ যাবৎ এ সংগঠনের স্বেচ্ছাসেবীগন কর্তৃক প্রায় ৭০ হাজার বন্যপ্রানী ও পাখি উদ্ধার, প্রয়োজনীয় ক্ষেত্রে চিকিৎসা ও পরিচর্যা প্রদান এবং প্রকৃতিতে অবমুক্ত করা হয়েছে।

ঙ. পাখি বিধ্বংসী এয়ারগান ও কারেন্ট জাল ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়েছে।

BBCF প্রতিষ্ঠার মাধ্যমে অসাধারণ অর্জন ঃ

BBCF গঠনের ফলে উত্তরবঙ্গের ১৬টি জেলায় জনসাধারনের অংশগ্রহন ও সম্পৃক্ততায় জীববৈচিত্র্য, পাখি ও বন্যপ্রানীর নিরাপদ আবাসস্থল নিশ্চিত করা সম্ভব হয়েছে। তাছাড়াও

ক. (Bangladesh Biodiversity Conservation Federation (BBCF) গঠনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের পাখি, বন্যপ্রানী, পরিবেশ ও জীব বৈচিত্র্য সংরক্ষণ এবং জীব বৈচিত্রের আবাসস্থল ও প্রজননক্ষেত্র সংরক্ষণে True Community Participation Model সৃষ্টি করা হয়েছে।

খ. বন্যপ্রানী, পাখি, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে সরকারী জনবল সংকটের বিকল্প সমাধান উদ্ভাবন ও বাস্তবায়ন করা হয়েছে।

গ. বন্যপ্রানী পাখি, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে সরকারী ব্যয় হ্রাস, সময় ও শ্রম সাশ্রয় এবং বাস্তবানুগ কার্যকর হস্তক্ষেপ (Action) পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।

ঘ. জনসাধারনের মাধ্যমে নেতৃত্বের গুণাবলী সৃষ্টি, জনসচেতনতা বৃদ্ধি ও পরিবেশ সংশ্লিষ্ট বিষয়ে স্ব স্ব এলাকায় অংশগ্রহণকারীদের দক্ষতার উন্নয়ন এবং জনসম্পদ সৃষ্টি করা হয়েছে।

ফলে পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণে জনগনের দলগত উদ্যেগ উৎসাহিত করন, সরকারী সেবার মানোন্নয়ন, নাগরিকের অংশগ্রহণ, সম্পৃক্ততা ও ভূমিকা বৃদ্ধি, স্থানীয় সংস্কৃতি ও সামাজিক প্রতিভার উন্নয়ন, জনসাধারনের নেতৃত্বের গুণাবলী ও দক্ষতা বৃদ্ধি, সরকারী কর্মপদ্ধতির ক্ষেত্রে পুনঃকৌশল প্রয়োগ তথা সর্বপরি সরকারী কার্যক্রমে ব্যপক সহায়তার প্রেক্ষিতে তৈরী হয়েছে।

Community Participatory Model এর টেকসই ব্যবস্থাপনা ঃ

জীববৈচিত্র্য সংরক্ষণে দেশের প্রথম ও একমাত্র Community Participatory মডেলটি বন অধিদপ্তর, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধিদের মাঝে ব্যপক সাড়া ফেলতে সক্ষম হওয়ায় ইতোমধ্যে বন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল দপ্তরের সাথে সহাবস্থান ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণের কাজটি এগিয়ে চলেছে। তাছাড়া East Asian Australasian Flyway Partnership (EAAFP), CMS, বিশ্বব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন এ ধরনের জনঅংশগ্রহন মডেলকে ব্যপক প্রশংসা করেছে। সরকারী পৃষ্টপোষকতা পেলে এ কার্যক্রম দেশে গতি ছড়িয়ে বিশ্বে আলোড়ন সৃষ্টি করতে সক্ষম হবে।

Community Participatory Model টেকসই করার জন্য সরকারী পৃষ্টপোষকতা ও আর্থিক সহায়তা ঃ

বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশন (BBCF) এর কোন আর্থিক উৎস নেই। পাখি, বন্যপ্রাণী, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের কাজে নিয়োজিত স্বেচ্ছাসেবী সংগঠন সমুহের সদস্যরা ব্যক্তিগত সামান্য অর্থ দ্বারা এই মহান কাজটি পরিচালনা করে আসছেন। ফলে আর্থিক সংকটের কারণে এই সংগঠন তার কাংখিত মানে সেবা প্রদান অব্যহত রাখতে সক্ষম হচ্ছে না। তাছাড়া পাখি ও বন্যপ্রাণী উদ্ধার, চিকিৎসা ও অবমুক্ত করার কাজে তাৎক্ষনিক সাড়া দিতে, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক জনসচেতনতা সৃষ্টিতে এবং বিভিন্ন সভা ও অনুষ্ঠানাদিতে যোগদানের যাতায়াত সহ অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহ করতে সংগঠনসমুহ হিমশিম খাচ্ছে। আর্থিক সংস্থান না থাকায় স্বেচ্ছাকর্মীদের অনেকেই নিষ্ক্রীয় হয়ে যাচ্ছেন।

সরকারী কার্যক্রমকে সহায়তাকারী স্বেচ্ছাসেবী সংগঠন সমুহকে আর্থিকভাবে সহায়তা করার নিয়ম বিভিন্ন অধিদপ্তর ও মন্ত্রণালয়ে প্রচলন আছে। সমাজসেবা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি বিপনন অধিদপ্তর, ধর্ম মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সহ অন্যান্য সরকারী সংস্থার ন্যায় আপনার বন অধিদপ্তরের অধিন বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশন (BBCF) এর অধিভূক্ত ১২০ টি স্বেচ্ছাসেবী সংগঠনকে আর্থিকভাবে বাজেট সহায়তা প্রদানের জন্য বন অধিদপ্তরের অধিন রাজস্বখাতে একটি তহবিল সৃষ্টির ও বরাদ্দ প্রাপ্তির সুযোগ রয়েছে মর্মে অর্থ মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগনের নিকট হতে জানা যায়।

দেশব্যাপী পরিবেশ ও ইকোসিস্টেমের ভারসাম্য বজায় রাখতে সরকারী কার্যক্রমের সহায়ক শক্তি হিসেবে স্বোচ্ছায় কাজ করে যাওয়া বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশন (BBCF) এর নিবেদিতপ্রাণ প্রকৃতিপ্রেমীদের অতিমূল্যবান অবদানকে স্বীকৃতি প্রদান এবং মানবতার ভবিষ্যৎ টিকিয়ে রাখার প্রত্যয়ে বলিষ্ঠ ভাবে এগিয়ে যাওয়ার কাজে আর্থিক সহায়তা প্রদানের জন্য বন অধিদপ্তরের পক্ষে একটি আর্থিক প্রস্তাবনা উপস্থাপন, বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ফেডারেশন (BBCF) এর অধিভূক্ত ১২০ টি স্বেচ্ছাসেবী সংগঠনকে বাজেট সহায়তা প্রদানের জন্য রাজস্বখাতে বাৎসরিক মোট = ৬ কোটি ৫০ লক্ষ টাকার (১২০ টি আঞ্চলিক সংগঠনের প্রতিটিকে ৫ লক্ষ টাকা এবং বিবিসিএফ কেন্দ্রীয় কমিটিকে ৫০ লক্ষ টাকা) একটি তহবিল সৃষ্টির লক্ষ্যে বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে অনুরোধ করছি।

জীববৈচিত্র্য সংরক্ষণে ইতিবাচক অবদান ঃ

সুন্দরবন পৃথিবীর একক বৃহত্তম ম্যানগ্রোভ বন। এ সংরক্ষিত বন ভূমির আয়তন ৬০১৭ বর্গ কিমিঃ। আমরা জানি বাংলাদেশের মোট সংরক্ষিত বনভূমির পরিমান ৯.৪% শতাংশ। যা দেশের (মোট আয়তনের মাত্র ১.৬ শতাংশ আমরা জানি সুন্দরবনের বন ভূমির সকল জায়গায় সমান হারে সকল প্রজাতির গাছ জন্মে না এবং প্রায় ৩ শতাংশ অঞ্চলে লতা গুল্ম বা অপ্রধান উদ্ভিদ জন্মাতে দেখা যায়। এছাড়া নদী বেষ্টিত সুন্দরবনের চরে এবং নদীর কীনারে অনেক ফাকা জায়গা আছে যেখানে নতুন করে গাছ জন্মানো বেশ কঠিন বিষয় । আর সুন্দরবনের একেক প্রজাতির গাছ একেক অঞ্চলে বিদ্যমান এবং ঐ নির্দিষ্ট অঞ্চলের কিছু দুর পর্যন্ত মাতৃ বৃক্ষ হতে বীজ পানিতে ভেসে গিয়ে চারা গজায় ও প্রাকৃতিক ভাবেই বন সৃজন হয়ে থাকে। এ জন্য ভিন্ন প্রজাতির গাছ বা কাঙ্খিত প্রজাতির গাছ সকল অঞ্চলে জন্মাবার লক্ষ্যে ও খালি জায়গা, চর ও নদীর কিনারে বৃক্ষ সম্পদের সম্ভার গড়ে তোলার লক্ষে সুন্দরবনে কৃত্রিম বনায়নের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে।

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৩টি জেলা যথাঃ সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট নিম্নাংশের বঙ্গোপসাগর এর তীর বেষ্টিত ৬০১৭ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে সুন্দরবনের অবস্থান। সুন্দরবনের উদ্ভিদ ও প্রাণিকুল অর্থাৎ জীববৈচিত্র্য খুবই সমৃদ্ধ। এখানকার উদ্ভিদ সম্প্রদায় বড় বৈচিত্র্যময়। প্রাপ্ত তথ্য মোতাবেক এখানে ২৪৫টি গণের অন্তর্গত ৩৩৪ প্রজাতির ছোট-বড় বৃক্ষ, গুল্ম, লতা ও পরজীবি উদ্ভিদ পাওয়া যায়। এদের মধ্যে সুন্দরী পশুর, গেওয়া, গরান, কেওড়া, বাইন, ধন্দুল, আমুর, খলসি, গোলপাতা প্রভৃতি গুরুত্বপূর্ণ অর্থকরী উদ্ভিদ প্রজাতি।

অপর পক্ষে প্রাণিকুলের মধ্যে চিত্রল হরিণ, রয়েল বেঙ্গল টাইগার, বুনো শুকর, ডলফিন, সজারু, বানর, ইঁদুর বাদুড়সহ ৪৯টি প্রজাতির স্তন্যপায়ী প্রাণি এখানে পাওয়া যায়। চিল, শকুন, ঘুঘু, বক, সারস, দোয়েল, মাছরাঙা, ঈগলসহ ৩১৪ প্রজাতির পাখি, ১৪ প্রজাতির কাছিম, ৯ প্রজাতির গোসাপ, অজগর, কালকেউটে সহ ৩০ প্রজাতির সাপ, কুমিরসহ ৫৪ প্রজাতির সরিসৃপ, ৮ প্রজাতির উভচর প্রাণিসহ বিশাল প্রাণি সম্প্রদায় নিয়ে সুন্দরবনের ফণা কমপ্লেক্স গড়ে উঠেছে। সুন্দরবনের বিশাল জীববৈচিত্র্যের অংশ হতে বর্তমানে অনেক প্রাণির বিলুপ্ত হয়েছে। এদের মধ্যে ২ প্রজাতির উভচর, ১৪ প্রজাতির সরিসৃপ, ২৫ প্রজাতির পাখি এবং ৫ প্রজাতির স্তন্যপায়ী প্রাণি বিলুপ্ত প্রায় অনেকে অবলুপ্ত কিছু আবার বিরল এবং হুমকির

চিত্র-১। সুন্দরবন সংলগ্ন চরে বনায়ন।

চিত্র-২। গহীন জংগলে বিচরণ রত হরিণ।

সম্মুখীন। গন্ডার, জলাকুমির, বুনোমহিষ এগুলো এখন আর সুন্দরবনে দেখা যায় না। প্রাণি ছাড়াও অনেক প্রজাতির উদ্ভিদ বিরল ও এন্ডাঞ্জারড প্রজাতিতে পরিণত হয়েছে। সুন্দরবনে সর্বত্র সকল উদ্ভিদের বিস্তার ও বিস্তৃতি পরিলক্ষিত হয় না।

এ সকল বিষয় মাথায় রেখে সুন্দরবনের বিভিন্ন প্রজাতির উদ্ভিদের যথাযথ সংরক্ষণ ও বিস্তার ঘটানোর লক্ষ্যে অপেক্ষাকৃত কম চারাযুক্ত ও অপ্রতুল উদ্ভিদ সম্প্রদায়ের জীব কনজারভেশনের জন্য বিরল ও সমস্যা সংকুল প্রজাতির দ্বারা পরীক্ষামূলক বাগান সৃজন প্রক্রিয়া অব্যহত রেখেছে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ। কৃত্রিম বনায়নের মাধ্যমে যেখানে যে প্রজাতির গাছ নেই এবং ফাঁকা জায়গা যেখানে বীজ ভেসে এসে চারা গজিয়ে স্বাভাবিক নিয়মে বন সৃজন সম্ভব নয় সেখানে মাতৃবৃক্ষ সৃজনের উদ্দেশ্যে এবং অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে এ প্রক্রিয়া গবেষণা কার্যক্রম আশা ব্যঞ্জক সফলতা আনতে সমর্থ হয়েছে।

ইতিপূর্বে সুন্দরবনের মধ্যে যেখানে গাছের চারা ছিল না কৃত্রিম বনায়নের মাধ্যমে সেখানে সবুজের সমারোহ ঘাটছে এবং ইতোমধ্যেই ঐ সকল অঞ্চলে কিরপা, খলসি প্রভৃতির বিস্তার ঘটতে শুরু হয়েছে। এ ছাড়া সুন্দরী আগামরা, পশুরের হাটরট রোগ ও আগামরা, কেওড়ার আগামরা, বাহিনের ঢোরে প্রভৃতি সমস্যার কারণে সুন্দরবনের রোগাক্রান্ত গাছে যথেষ্ট পরিমাণে ফুল-ফল ও পাতা তৈরী হচ্ছে না। ফলে বেঁচে থাকা রোগাক্রান্ত গাছের ছায়ায় নতুন চারা যেমন গজাচ্ছে না তেমনি পর্যাপ্ত ফুল-ফল না উৎপাদিত হওয়ায় নির্ভরশীল প্রাণিকুল ও তাদের প্রয়োজনীয় খাদ্য হতে বঞ্চিত হচ্ছে। এ ছাড়া যেমন পশুর গাছ বিগত ১৯৭৩ সাল হতে কাটা সম্পূর্ণ নিষিদ্ধ থাকায় বয়স্ক গাছ যেমন হার্টরট রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে এবং মহামূল্যবান কাঠের সার অংশ পঁচে নষ্ট হচ্ছে। বিভিন্ন প্রকার ছত্রাক এ আক্রান্ত গাছ নিঃশেষ করে ফেলছে। তবে মজার বিষয় হলো বয়স্ক এবং ব্যবহার উপযোগী গাছগুলি আক্রান্ত হয়ে নষ্ট হচ্ছে। সুন্দরী গাছের আগামরা রোগের ক্ষেত্রে বয়স্ক গাছ বেশী মারা যাচ্ছে। এ মরণ ও মড়ক প্রক্রিয়া ধীর গতিতে সম্পন্ন হচ্ছে। অর্থাৎ একটা আক্রান্ত গাছ মরতে ৫০-৬০বছর সময় লেগে যাচ্ছে। কাজেই বয়স্ক গাছ কেটে দিলে সেখানে অতিদ্রুত পরবর্তী রিজেনারেশন গড়ে উঠবে। ফলে একটা গাছের নীচে অন্তত ৫-৭ টা সুন্দরী ও পশুর গাছ এক যোগে বড় হয়ে উঠবে। একটি উপযুক্ত বয়স্ক গাছ যা হার্টরট রোগাক্রান্ত বা সুন্দরী গাছ যা আগামরা রোগে ক্ষতিগ্রস্থ বা ভবিষ্যতে ক্ষতিগ্রস্থ হবে তাকে বাঁচিয়ে রেখে আর ১০টি গাছের বংশ বৃদ্ধি বন্ধ করা আদৌ যৌক্তিক নয়। কারণ সুন্দরীও পশুর গাছের কর্তনযোগ্য বয়স ১০০ বছর প্রায়। আবার রোগাক্রান্ত হয়ে মরে পঁচে শেষ হতেও ৫০-৬০ বছর যদি সময় লাগে ঐ সময়ের মধ্যে আক্রান্ত হওয়ার আগেই নির্বাচন পদ্ধতিতে কেটে দেশের কাজে লাগানো যথেষ্ট যুক্তি সংগত। কারণ অর্থনৈতিক দিক হতে এতে লাভবান হওয়া সম্ভব এবং নতুন প্রজন্মের গাছের বৃদ্ধি ও ফুল ফল উৎপাদন দ্রুত ও পরিমাণে অধিক।

চিত্র-৩। তীব্র লবণাক্ত অঞ্চলের সুন্দরবন।

চিত্র-৪। বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সুন্দরবনের ফাঁকা জায়গায় গবেষণামূলক বিরল প্রজাতির (ভাতকাঠি) বনায়ন।

কাজেই সুন্দরবনের খালি জায়গা পতিত ভূমি, লতা গুল্ম বেষ্টিত অপ্রধান বনজ ভূমি, চর, মোহনা, উঁচু ভূমি, বন ভূমির মাঝের বৃক্ষ শূণ্য জলাভূমি, নদী, তীর, উঁচু নীচু ধানসি বন, রোগাক্রান্ত বনজ ভূমি, বৃক্ষ কর্তনের ফলে শূণ্য ভূমি, সিডর, আইলা আক্রান্ত এলাকা বা বন্যা দূর্গত এলাকার খালি জায়গা পূরণের লক্ষ্যে সুন্দরবনে কৃত্রিম বৃক্ষ রোপণের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে।

কারণ আমরা জানি সুন্দরবনের নদীগুলি মূলত সবই উত্তর দক্ষিণে বিস্তৃত এবং জোয়ার ভাটার পানি সমুদ্র হতে বা উজান হতে উত্তর দক্ষিণে উঠা নামা করে স্রোতের টানে বেয়ে যাওয়া বীজ জোয়ারের সময় নদীর পার্শ্ববর্তী ২০০-৩০০ মিটার ছড়াতে পারে। যেহেতু জোয়ারের পানি সুন্দরবনের গভীরে প্রবেশ করে না। একারণে নদীর কীনারে ঘন গাছের চারা ও ঝোপ দেখা যায়। কিন্তু গভীর জংগলে অনেক ফাঁকা জায়গা আছে যেখানে উপযুক্ত প্রজাতির চারা দ্বারা কৃত্রিম ভাবে বনায়নের মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ ও প্রতিবেশ উন্নয়ন করা যায়।

সুতরাং সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণ সুষ্ঠু ব্যবস্থাপনা, বন সমৃদ্ধকরণ, জীন কনজারভেশন, সকল অঞ্চলে সব প্রজাতির বিস্তার ঘটানোর লক্ষ্যে সুন্দরবনের বিভিন্ন স্থানে পরিকল্পিত ও পরীক্ষামূলক বনায়ন ও খালি জায়গা পূরণ করা বাস্তব সম্মত। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে । এটাই আমাদের কামনা।

এ ক্ষেত্রে বন্য প্রাণির জন্য বেশ সহায়ক । কারণ পশুর বৃক্ষের ফল ও পাতা হরিণের খুব প্রিয় খাদ্য। এ বৃক্ষ যেহেতু অধিক ফল ও পাতা উৎপাদন করে না এবং কার্বন আত্মীকরণও কম পরিমাণ করে থাকে। সেজন্য বয়স্ক এবং রোগাক্রান্ত হওয়ার আগেই মহামূল্যবান পশুর, সুন্দরী, বাইন ও কেওড়ার গাছ টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে কর্তন করা সময়োপযোগী এবং নিঃসন্দেহে লাভজনক ও পরিবেশ বান্ধব।

সুতরাং সুন্দবনের টেকসই উৎপাদন নিশ্চিতকরণে উদ্ভিদ ও প্রাণির মিথোক্রিয়া জোরদারকরণের জন্য সুন্দরবনের ফেলিং রুলস পরিবর্তন সহ পরিবেশ বান্ধব নীতি পদ্ধতি গ্রহণ ও পরিবর্তন অত্যাবশ্যক। কারণ সুন্দরবনের উদ্ভিদ সুস্থ্য না থাকলে প্রাণিরাও সুস্থ্য থাকবে না। খাদ্যাভাবে এবং অপুষ্টিতে ভুগবে। ফলে সুন্দরবনের চিত্রল হরিণ ও রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা দিন দিন হ্রাস পাবে। ফলে বৈশ্বিক উষ্ণায়ন ও জয়বায়ু পরিবর্তন মোকাবিলায় পরিবর্তনশীল পরিবেশে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করা বাঞ্চনীয়। এ ক্ষেত্রে দেশকে ভাল বেশে সঠিক সিদ্ধান্ত না নিলে অবশ্যই বিরূপ পরিবেশের মোকাবিলা করতে হবে।

FACTORS AFFECTING ON THE BENEFICIARIES' EFFECTIVENESS OF SOCIAL FORESTRY

Dr. Md. Golam Mortoza
Former Director General, Naational Agriculture Training Academy (NATA)

Imran Ahmed
Conservator of Forests, Social Forest Circle, Dhaka

Abstract

Foresty is very important aspect of Bangladesh Economy as it contributors 1.58% to the GDP of Bangladesh (Bangladesh Economic review, 2019:15) Beneficiary of social forest is the vital component of foresty as the beneficiary and beneficiary group directly involved in forest seedling production in nursery, plantation, manages and rearing of forest seedlings and plants in forest garden (Totha Konica, 2019:07) However, there are a lot of problems and critical aspects of forest beneficiaries and beneficiaries group. This study considered all the critical aspect of forest beneficiary and beneficiary's group. The findings of the study revealed that out of Sixteen characteristics of forest beneficiaries, forestl knowledge of beneficiaries, management orientation, beneficiarie's attitude towards improved technology, ability of beneficiaries to carryout proper plantation, rearing in carry out foresty activities and utilization of compositeness sources of information had significant at 0.01% level of probability.

Key Word : Effectiveness of beneficiaries, Management orientation and modern forest technology

Introduction

Agriculture is the backbone of the economy of Bangladesh and forest is one of the vital component (out of three) of Agriculture as per Bangladesh Economic Review/2019 (page-15). Total forest area in Bangladesh is 23.2 lakh hactre. Out of 23 lakh hactre 16.1 lakh hactre forest controlled by forest department. Rest 7.2 Lakh hactres is controlled by district administration. Out of 16.1 lakh hactre which in controlled by forest dept, 14 lakh hactre is naturally produced and rest 2.1 lakh hactre is artificially produced by forest dept in costal belt. Moreover 7.7 lakh hactre forest in home stead area in 2020. COVID-19 hit all the sector of Bangladesh Economy except Agriculture and forest Moreover, people of Dhaka and urban area migrate to rural areas and join in social foresty for their survive from COVID-19 Virus.

There are a tremendous success stories of social foresty programe in respect of poverty elivation and revenue income of Bangladesh which are started from 1981-1982

1. from 1981-82 to 2017-18, 94939 hactre land and 71,456 kilometers garden covered with aforestation. In this aforestation 6,52,601 beneficiary are involved whose (foresty) sale vale is 1071 core 34 lakh 44 thousand 245 taka .
2. 356 core 82 lakh 34 Thousands taka distributed to 1,68,564 beneficiaries (upto march/2019) which help to decreases the poverty level of beneficiaries of social foresty scheme 1.

3. Bangladesh government earns 389 core 16 kakh 25 thousands 958 taka from forest product of social foresty scheme.

So, from the above discussion, Social foresty programme is very important for poverty elevation in Bangladesh economy and eradicate climatic disaster.

However no systematic research study has so far been recorded to ascertain the up gradation of beneficiaries of social foresty. The present study was therefore under taken with a view to determines are the factors which help to develop the beneficiaries of social foresty which ultimately help to develop the social foresty scheme.

Methodology

The study was conducted in Jessore district and Mymensing district. A complete list of the beneficiary of forest dept was collected from local office of forest dept. There were a total of 300 beneficiary which are randomly selected from 137 village. The collected data were again up-dated in the years 2019.

Different model of beneficiaries' effectiveness are used for selecting independent and dependent factors

3.3.2 Different models of beneficiariess' effectiveness

For the study purpose and to select the factors which affect beneficiariess' effectiveness the following beneficiariess' effectiveness model have been studied:

i. Cummings and Schwab's model (1973)
ii. Cohen et al. model (1980)
iii. Schermeerhorn et al. model (1988)

1.

(a) Bangladesh economic review/2019 P. 219.
(b) Totha Konica, 2019 p1.

(i) Cumming and Schwab's model (1973): Cumming and Schwab's model contain two types of factors:

a) Environmental factors:
Job design
Supervision
Fellow worker/farmer/beneficiaries of foresty scheme
Compensation working condition
Training
Evaluation

b) Individual factor:
Ability- of members (beneficiaries) individual attributes
(i) Capacities (ii) Capabilities

ii) Cohen et al. (1980: 172) Model: They put forward the following model regarding effectiveness of beneficiaries or beneficiaries (Figure 1)

iii) Schermerhorn et al (1988) model: The model contains mainly three variables:

Individual attributes (Capacity to perform)

Willingness to perform (Work effort)



Figure :1 Cohen et al. (1980) model of effectiveness of beneficiaries (Adapted)

Organizational support

(Opportunity to perform)

Individual attributes: Individual attributes means the different characteristics of beneficiaries which are as follow.

- Demographic characteristics (age for example)
- Competency characteristics (attitude/ability)
- Psychological characteristics (e.g. values, attitudes and personality)

Thus individual attributes have the potential to influence performance by its impact on a persons capability to assigned tasks.

Willingness to perform: Work effort of beneficiaries means willing to perform. It is closely related with motivation to work, which means the forces within a individual that account for the level, direction, and persistence expanded at work. Motivation can be increased by incentive (Hersey and Blanchard,1993).

Organizational support: Group helps the individual member to perform

his/her task or job. The organization or group help the individuals in respect of providing:



Figure 2: schermerhorn et al. (1988) model of beneficiaries effectiveness (Adapted)

- Job relevant knowledge
- Satisfaction of beneficiaries increased
- By increasing the level of effort they exert (Feldman and Arnold, 1983).

The variable are interlinked with one another (Figure 2)

Table 1. Variable Selected For Study And Their Measurement.

(i) Independent Variable	Measurement
(A) Socio Personal	Thyagarajan (1996)
1. Age	Thyagarajan (1996)
2. Occupation	Ray et al. (1995)
3. Family Education	Ray et al (1995)
4. Family size	Saha (1988)
5. Agricultural Knowledge	Structured schedule
6. Ability of beneficiaries to carry out group activities	Kashem (1992)
(B) Economic	Structured schedule
7. Farm size	Anwar (1994)
8. Total annual family imcom e	
9. Socio -economic status	Structured schedule
(C) Inter Systematic (Samanta, 1976)	Structured schedule
10. Cosmopoliteness	Structu red schedule
11. Participation in training progtramme	Structured schedule
12. Organizational participation	
13. Utilization of cosmopolite sources of information	Samanta (1977)
(D) Attitudinal	Moulik (1965)
14. Management orientation	Anwar (1994) (Slightly modified)
15. Innovation pron eness	
16. Attitude towards Forest technoiogy	

ii. Dependent Variables (a) Four dimensions of Effectiveness beneficiaries social foresty scheme 1. Adoption of HYV Seedlings of Forest plant 2. Adoptio n of irrigation and modern technology of foresty 3. Satisfaction of beneficiaries 4. Productivity of beneficiaries	Ray (1996) Ray (1996) Likert (1956) Sagar (1983)

Results and Discussion

1. Relationship and influence of beneficiaries' characteristics upon the effectiveness of beneficiaries of social foresty scheme.

1.1 Relationships of the sixteen characteristics of beneficiaries with beneficiaries effectiveness:

The highest significant relationships (0.422 to 0.745) was found with management orientation of forest beneficiaries

A very low correlation was found with the ten variables such as age, occupation, family education, familysize, farmsize. annualfamilyincome, socio economic status, cospoliteness, organizational participation and innovation proneness. A low correlation was found with participation in training programme, utilization of cosmopolite source of information and attitude towards foresty knowledge. A moderate to high correlation value was found with foresty knowledge, ability of beneficiaries to carry out group activities and management orientation.

The correlation coefficient between occupation, innovation proneness and beneficiaries effectiveness was -0.111 and -0.028 respectively which was though not significant, marked with negative trend. This indicates that occupation and innovation proneness had a depressinq effect on the beneficiaries effectiveness. This also indicates that as beneficiaries were involved in more than one occupation other than their foresty activities and as such new innovation had created confusion in their mind, so these two variables had depressing effect on the beneficiaries' effectiveness

Table- 1 indicates the relationships of 16 characteristics of beneficiaries with beneficiaries effectiveness. All the characteristics had positive relationships except occupation (X_2) and innovation proneness (X_{13}). The significant at 0.01 percent level of probality relationship was found with five variables, such as, foresty knowledge (X_5) management orientation (X_{12}), attitude towards foresty technology (X_{14}), ability of beneficiaries to carry out group activities (X_{15}) and utilization of cosmopolite source of information (X_{16}).

Table- 1. Relationship of 16 Characterstics of beneficiaries with four criteria/dimension of beneficiaries' effectiveness.

Selected characteristics of Beneficiaries	Dependent Variables					Null Hypothesis accept/ rejected
	Adoption of HYV Forest Seedling	Adoption of irrigation and modern technology of forest	satisfaction of beneficiaries	productivity of beneficiaries	number of significant	
1. Age (X_1)	0.008	0.121*	0.208**	0.240**	3	Rejected
2. Occupation (X_2)	0.044	-0.111	-0.401 **	-0.060	1	Accepted
3. Family education (X_3)	0.200**	0.287**	0.143*	-0.027	3	Rejected
4. Family size (X_4)	0.117	0.109	0.084	0.151 **	1	Accepted
5. Foresty Knowledge (X_5)	0.404**	0.350**	0.570**	0.465**	4	Rejected
6. Farm size (X_6)	0.Q31	-0.221 **	0.059	-0.213**	2	Accepted
7. Annual family income (X_7)	0.175**	0.234**	0.259**	0.215**	4	Rejected
8. Socio economic status (X_8)	0.283**	0.301 **	0.352**	0.202**	4	Rejected
9. Cosmopoliteness (X_9)	0.301 **	0.256**	0.391 **	0.401 **	4	Rejected
10. participation in training programme (X_{10})	0.210**	0.214**	0.242**	-0.037	3	Rejected
11. Organizational participation (X_{11})	0.204**	0.231**	0.427**	0.161**	4	Rejected
12. Management orientation (X_{12})	0.710**	0.666**	0.745**	0.492**	4	Rejected
13. Innovation proneness (X_{13})	0.095	-0.028	0.217*	0.091	1	Accepted
14. Attitude towards organization technology (X_{14})	0.523**	0.434**	0.468**	0.444**	4	Rejected
15. Ability of beneficiaries (X_{15})	0.459**	0.600**	0.604**	0.486**	4	Rejected
16. Utilization of cosmopolite source of info rmation (X_{16})	0.349*	0.305**	0.440**	0.249**	4	Rejected

Tabulated values with N-2 df: 0.05 level= 0.115;0.01 level = 0.151 where n = 300

* Significant at 0.05 percent level of probability ** Significant at 0.01 percent level of probability

1.2. Relationship of the 16 characteristics of beneficiaries with the combined effect of four dimension of member effectiveness.

The effect of individual dimension of beneficiaries effectiveness was sumtotal of four factors or characteristics of beneficiaries which influences on the four dimension of beneficiaries effectiveness discussed. In this section, the relationship and influence of sixteen characteristics of beneficiaries upon combined effect of foru dimension of member effectiveness has been described below.

In order to explore the relationships of sixteen characteristics of beneficiaries with sun total of four dimension of member effectiveness, first, the scores of four criteria of member effectiveness was standardized (Z scores) and the standardized score of four dimension added together and then divided by 4 to get the mean value of standardized scores which was correlated with the sixteen characteristics of beneficiaries to get the correlation coefficients. The findings are presented in Table. 5.2

Table-2 revealed that out of the sixteen characteristics of beneficiaries of social foresty scheme, nine characteristics had significant relationship with all the four dimension of beneficiaries effectiveness these variable are agricultural knowledge, annual family income, socio economic status, cosmopolite ness, organizational participation management orientation attitude towards foresty technological knowledge, ability of beneficiaries to carry outforesty activities and Utilization of cosmopolite of information. As there is high multicollinearity among the sixteen characteristics of beneficiaries, stepwise regression was carried out which has been shown in section 1.3 to extract the influence of characteristics of beneficiaries, which had significant upon combined effects of four criteria of beneficiaries effectiveness.

Table 2. Relationship of 16 characteristics of beneficiariess with the combined effect of four criteria of members effectiveness.

Selected characteristics of the beneficiaries	coefficients of correlation 's' 'r'	Significant at
1. Age (X_1)	0.023	NS
2. Occupation (X_2)	-0.066	NS
3. Family education (X_3)	0.228	NS
4. Family size (X_4)	0.083	NS
5. Foresty knowledge (X_5)	0.548	P<0.01
6. Farm size (X_6)	0.097	NS
7. Annual family income (X_7)	0.331	P<0.05
8. Socio economic s tatus (X_8)	0.413	P<0.01
9. Cosmopolitenes (X_9)	0.403	P<0.01
10. Participation in training programme (X_{10})	0.187	NS
11. Organizational participation (X_{11})	0.304	P<0.05
12. Management orientation (X_{12})	0.792	P<0.10
13. Innovation proneness (X_{13})	-0.215	NS
14. Attitude towards foresty technology (X_{14})	0.590	P<0.10
15. Ability of beneficiaries to carry out foresty activities (X_{15})	0.627	P<0.10
16. Utilization of cosmopolite sources of information (X_{16})	0.429	P<0.10

Tabulated values with N -2 df: 0.05 level= 0.115;01 level = 0.151 where n = 300

* Significant at 0.05 percent level of probability

** Significant at 0.01 percent level of probability.

1.3 Contribution of the 16 characteristics of the beneficiaries upon the combined effect of four

The nine characteristics of beneficiaries were significant towards combined effect of four dimensions of effectiveness of beneficiaries. However, it was very difficulyt to understand and find out the highest contributing factor as it was difficult to separated the factors from multi-collinearity effect among the independent variables. So, stepwise multiple regression analysis was carried our to observe the effect of independent variable upon dependent variable (combined effectiveness of four criteria of beneficiaries)

In the stepwise multiple regression analysis only two variable were included at a time to the model. It followed the fwo steps and no further steps were not needed as rest of the variables were not included as they were not highly significant towards the model which was described below in Table-3.

Table-3 : Summary of result of stepwise multiple regression analysis of dependent variable beneficiaries (combined four dimension of beneficiaries' effectiveness) on 16 indepndent characteristics.

Step	Independent variables entered in steps	Un-standardized partial 'b' coefficients	Adjusted R_2	Changed in R_2	Standardized error of the estimate	T-value	F-value
1	2	3	4	5	6	7	8
1	constant	-11.859**	-	-	-	-8.776**	80.734**
	X_{12}	0.497**	0.627	0.627	2.0505	8.985**	
2	Constant	-12.684**	-	-	-	10.094**	54.027**
	X_{12}	0.400**	0.627	0.627	2.0505	6.863**	
	X_9, X_{12}	0.208**	0.697	0.070	1.8664	3.288**	

Variation explained in % 62.70
7.0%

** Significant at 0.001 level of probability

The coefficient of multiple determination indicated in the Table 3 demonestrate that the three variables included in the regression equation could predict 69.70 percent (62.70+7.0%) of the dependent variable of beneficiaries effectiveness (col. 5, R^2). The first variables to enter the stepwise multiple regression equation was management sprientation (X_{12}). This variable had the highest contribution of 62.70 percent (col 4, R^2) in predicting the dependent variable. However rest 30.30 percent variation of the dependent variable could not be explained by the model. Therefore on the basis of the date reflected in Table 3 the final least square regression equation fitted by X_{12} and X_9 variable would be: $y=12.684 + 0.627x_{12}+0.070x_9$

Where,

X^{12} management orientation

X_9 = Cosmopoliteness

Effectiveness of beneficiaries was measured by four viz. adoption of HYV seedling of foresty plant, adoption of irrigation and modern technology of forest technology, satisfaction of beneficiaries and productivity of beneficiaries. All those indicators are mainly influenced by five factore, such as cosmpotiteness, organization al participation, management orientation, ability of beneficiaries and utilization of cosmopolite sources of information. However it had found that combined effect of four dimension members effectiveness was influenced only by management orientation and cosmo-politeness. So, management orientation and cosmo polite sources of information were the most important characteristics for beneficiaries effectiveness.

Conclusion

Involvement of beneficiary in some social foresty scheme was relatively better and some were poor in the study area. It is found that poor INVOLVEMENT is due to poor knowledge, poor management orientation, poor attitude to towards improved foresty technology, poor ability of beneficiaries and poor utilization of cosmopolite source of information of beneficiaries to carry out foresty activities. So it may be thought that there was a scope to make good arrangement of alove factors for greater involvement of beneficiaries of social foresty because foresty knowledge, management orientation, good attitude towards imporoved technology, high ability of beneficiaries and high use of cosmopolite source of information of the beneficiaries have contributed in acceleration the development of social foresty.

Recommendation

The findings and discussion as presented above lead to the following recommendation:

1. From results and discussion, further research may be carried out about the significant factors of this research findings that may be applied properly in social foresty area for further recommendation.
2. In social foresty, participation of beneficiary is very important so, further research may be carried by the dept of foresty out regarding the participation and poverty level of beneficiaries in social foresty scheme.
3. Farther research may be carried out about the role of Social foresty in respect of employment generation which is hit by COVID-19 Virus.
4. Further Research may be carried out of findout the role of Agro foresty in development of rural economy (beneficiaries income) and nutrition level of beneficiaries (by producing fruit gardening of social foresty)

Reference:

1. Anowar. A.B.M.N. (1994). "A Study for Involving Rural Youth in Extension Activities in Three Selected V Villages of Mymensingh District." An unpublished Ph.D. Thesis of Dept. of Agricultural Extension Education. BAU, Mymensingh.
2. Bales R.F. (1970). *Personality and Interpersonal Behaviour.* New York: Holt, Rinehart and Winston.
3. Cohen, L. and M. Holiday (1982) *Statistics for Social Scientists.* Harper and Row publishers.
4. Anonymous *Totha Konica* Forest dept, Govt. of Bangladesh.
5. Kashem, M.A. (1992). *Block Supervisors' Credibility as Communicators' of Technical Advice Under the T & V system.* Research Monograph No.4. Mymensingh. Dept. of Agricultural Extension Education. BAU, Mymensingh .
6. Likert, R. (1956) *Motivation and increased productivity management Record,* 18(4) 128-131

7. Miller. D.C. (1991) *Hand Book of Research Desing and Social Measurament* (3rd Ed) Now Delhi, Sage Publication.

8. Mortoza, M.G. D (2002) “Factors affecting the effectiveness of beneficiaries in Krishak Samboy Somity involved in Foresty project”. An unpublished Ph.D. Thesis, Oept. of Agricultural Extension Education, BAU. Mymensingh.

9. Moulik. T.K (1965) “A Study of the Predictive Value of Some Factors of Adoption of Nitrogenous Fertilizers and the influence of Sources of Information on Adoption Behaviours”. Unpublished Ph. D. thesis. Division of Agricultural Extension IARI. New Delhi.

10. Anonymous (2019) “ Bangladesh Economic Review” Ministry of Finance, Bangladesh.

11. Rajeev. V.P. (1995). "A Study on the New Extension System in Kerala Based on Group Action Approach." An Unpublished Ph.D. Thesis. Agricultural Extension Division. IARI. New Delhi. India .

12. Ray. G.L.P. Chattergee and S.N Banargee. 1996. *Technological Gap and Constraints in Agricultural Technology Transfer*. Calcutta: Naya Prokash .

13 Saha PK (1988). "Performance of Contact Farmers Under the Training and Visit System in Bera Upazila of Pabna District". An unpublished M.Sc. Thesis, Oept. of Agricultural Extension Education, BAU. Mymensingh.

14. Samanta R.K. (1977). "A study of Some Agro economic. Sociopsychological and Communication Variables Associated with Repayment behavior of Agricultural credit users of Nationalized Bank." An unpublished Ph.D. Thesis Department of Agricultural Extension. Bidhanchandra Krishi Viswavidyalaya. West Bengal, India.

15. Thyagarajan S. (1996). "Yield Gap and Constraints to High Yield in Rice at Farm level" An unpublished Ph.D. Thesis, Department of Agricultural Extension, Annamalai University. Annamalainagar-608-002.

16. Waliullah. A.N.M. (1977). "Relationships of Selected Environmental Factors With the Efficiency of Power Pump Schemes" An unpublished M.Sc. Thesis. Department of Agricultural Extension, BAU, Mymensingh.

কোভিড-১৯

নির্মল কুমার পাল
বিভাগীয় বন কর্মকর্তা, ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা

ঈশ্বরতো নন মানুষের একার
তিনি উদ্ভিদরাজির, প্রাণীকূলের
জড়জগতের, বিশ্বব্রহ্মান্ডের সকলের।
সকলকেই তাঁর দেখতে হয়
তবে মানুষকে তিনি বেশি ভালবাসেন
যেমনটি আমরা ভালবাসি শিশুদের।

কিন্তু যখন লোভী মানুষের অপতৎপরতায়
ওজোনস্তর ক্ষয়ে যায়, জলরাশি দূষিত হয়
সবুজ হারিয়ে যায়, পৃথিবী হয় দূর্দশাগ্রস্থ;
যখন আমাজন, পেঙ্গুলিন আর গঙ্গা
একত্রে করে আর্তনাদ, আকুল প্রার্থনা
সৃষ্টিকর্তার তাদের প্রতি হয় অপার করুণা
ধ্বংসযজ্ঞ থেকে মানুষকে করতে নিবৃত্ত
তৈরি করেন ভয়ঙ্কর মারোণাস্ত্র
তীব্র সংক্রামক ভাইরাসঃ করোনা।

বৃদ্ধ ও দূর্বল মানুষকে অপসারণ করে
পৃথিবীকে করেন ভারমুক্ত
সুস্থ-সবল মানুষকে গৃহবন্দী করে ফেরান
প্রকৃতির ভারসাম্য, বাস্তুসংস্থান, জীববৈচিত্র্য।
সাগরলতা আর লাল কাঁকড়া
ফিরে পায় তাদের হারানো বাসস্থান
ডলফিন পায় খেলার মাঠ
বাতাস স্বাস্থ্য আর বসুধা যৌবন
যাতে উজ্জীবিত হয় সকলের মন।

বন্ধ করে বন্যপ্রাণীর হাটবাজার
পালিয়ে যায় আন্তর্জাতিক চোরাকারবার
পরিবর্তিত হয় কুসংস্কারাচ্ছান্ন খাদ্যাভাস
বিবর্তিত হয় পশু হত্যার ধর্মীয় বিশ্বাস
জীবজগতে ফিরে আসে প্রাণের উচ্ছ্বাস
শুধু লকডাউনে সৃষ্টিসেরার নাভিশ্বাস।

ঈশ্বর মানুষকে বড় বেশি ভালবাসেন
তাই নব সৃষ্টিতে উদ্বেলিত না হয়ে
মানব মৃত্যুতে হন ব্যথিত,
দিয়ে কোভিড-১৯ টিকা বিশ্ববাসীকে করেন রক্ষা
মানবজাতি পায় প্রকৃতির সাথে সহাবস্থানের শিক্ষা।

বৃক্ষ রোপণঃ মহানুভব খলিফা এবং প্রজ্ঞাবান বৃদ্ধের হৃদয়স্পর্শী গল্প

সৈয়দ মুহাম্মদ মঈনুল আনোয়ার
" আল্ওয়ান মধু জাদুঘর ও গবেষণা কেন্দ্র " চট্টগ্রাম।

এক মুসলিম খলিফা, প্রতিদিন উজির-নাজির নিয়ে বৈকালিক ভ্রমণে বের হয়ে প্রজাদের কার্যকলাপ স্বচক্ষে দেখতেন। কোনো প্রজার কর্মকান্ড কিংবা কারো কথায় সন্তুষ্ট হয়ে সম্মতি প্রকাশ সূচক "ঠিক বলেছো" শব্দ যুগল যদি খলিফার মুখ হতে উচ্চারিত হতো তবে উজির তাৎক্ষণিক ভাবে কোষাগার থেকে, এক মুষ্টি স্বর্নমূদ্রা, সেই প্রজাকে দান করে দিতো। এ বৈকালিক ভ্রমণ রাজা ও প্রজা সকলের জন্যই খুবই উপভোগ্য ছিল।

একদিন রাজা দেখলেন, একজন অশীতিপর বৃদ্ধ ব্যক্তি রাস্তার পাশে খেজুরের গাছ রোপন করছে। রাজা তাজ্জব হয়ে বললেন, 'ওহে বুড়া, তুমি যে খেজুর গাছ লাগাচ্ছো, তার ফল ভোগ করতে তোমার, কতদিন সময় লাগবে?" বৃদ্ধ ব্যক্তি উত্তর দিলেন, "ধরে নিন বারো বছর"। রাজা উপহাসের সুরে বললেন, "ওহে নির্বোধ বুড়া! এতদিন পরে এর ফল তুমি কি ভোগ করতে পারবে"? বৃদ্ধ উঠে দাঁড়িয়ে রাজাকে বললেন, "আপনার মত, আমাদের পূর্বপুরুষরা যদি চিন্তা করতেন, তাহলে আজ আমরা কোনো গাছ হতেই ফল ভোগ করতে পারতাম না।" এখন আমি বীজ রোপন করছি আর ফল ভোগ করবে আমাদের পরবর্তী প্রজন্ম। রাজা বৃদ্ধের কথায় থমকে দাঁড়িয়ে গেলেন এবং বললেন, 'বুড়া মিয়াতো, 'ঠিক বলেছে"। সাথে সাথে উজির এক মুষ্টি স্বর্নমূদ্রা বৃদ্ধ মানুষটার হাতে দিয়ে দিল। স্বর্নমূদ্রাগুলো থলিতে রাখতে রাখতে রাজার দৃষ্টি আকর্ষণ করে বৃদ্ধ লোকটি বললেন, "মানুষ বীজ রোপন করে ফল পায় অনেক বছর পর, আর আমি বীজ রোপন করার সাথে সাথেই ফল পেয়ে গেলাম।"

এবার রাজা কিছুটা স্তম্ভিত হয়ে বলে ফেললেন, "তাজ্জব ব্যাপার, বুড়া মিয়াতো, 'ঠিক বলেছে' এখনি বীজ রোপন করলো আর এখনই এক মুষ্টি স্বর্নমূদ্রার মালিক হয়ে গেলো!" রাজা দ্বিতীয় বার 'ঠিক বলেছো' বলার কারণে উজির আরও এক মুষ্টি

স্বর্নমূদ্রা বৃদ্ধ মানুষটার হাতে দিল।

রাজা এবার সামনের দিকে অগ্রসর হবেন এমন সময় বৃদ্ধ আবারো বলে উঠলেন, "জনাব খেজুর গাছে রস মিলে বছরে একবার, আর আমি খেজুরের চারা রোপন করেই স্বর্ণমুদ্রা পেয়ে গেলাম দুবার। এক গাছ হতে বছরে দুই বার ফল পেলাম।"

খলিফা বৃদ্ধের কথায় অত্যন্ত আশ্চর্যান্বিত হলেন, এবং সম্মোহিত হয়ে বলে ফেললেন, "বুড়া মিয়াতো, 'ঠিক বলেছে'। নিয়ম অনুযায়ী উজিরকে আরো এক মুষ্টি স্বর্নমূদ্রা বৃদ্ধের হাতে দিতে হলো। একই ব্যক্তিকে তিন তিন বার স্বর্ণমূদ্রা দিয়ে উজির অসহিষ্ণু হয়ে খলিফাকে বললেন, "মহানুভব, দ্রুত বুড়ার সংশ্রব ত্যাগ করুন নচেৎ আজকের সব স্বর্ণমূদ্রা এই কুশলী বুড়াকেই দিয়ে যেতে হবে!"

একটা খেজুর গাছ রোপন করে, তাৎক্ষণিক ফল হয়তো আপনি পাবেন না। কিন্তু একটু চিন্তা করুন, আজ হতে অনেকটা বছর পর আপনি যে মাটিতে ঘুমিয়ে থাকবেন, সে মাটির উপরেই লাগানো খেজুর গাছে পাখি বাসা তৈরি করছে, পথিকের ছায়া মিলছে, ভোজনরসিকদের রস ও গুড় মিলছে। আর একটু নিচেই মাটির ঘরে ঘুমিয়ে ঘুমিয়ে, আপনার আমলনামায় ফল যে াগ হে চ্ছ ।



উপকূলীয় বন গবেষণায় বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এবং ভবিষ্যৎ ভাবনা

মো. আব্দুল কুদ্দুস মিয়া
রিসার্চ অফিসার, প্লান্টেশন ট্রায়েল ইউনিট বিভাগ, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, বরিশাল

ভূমিকা

বাংলাদেশের উপকূলীয় এলাকা বঙ্গোপসাগরের তীর ঘেঁষে পূর্ব হতে পশ্চিমে বিস্তৃত। এ বিস্তীর্ণ এলাকা সমুদ্রের জলরাশি দ্বারা প্রতিদিন প্লাবিত হয়। উপকূলীয় এ তটরেখা ৭১০ কি.মি. দীর্ঘ। উপকূলীয় এলাকা বাংলাদেশের মোট আয়তনের ৩০ ভাগ । মোট জনসংখ্যার ২৮% মানুষ এ জলবিধৌতি এলাকায় বসবাস করে। উপকূলীয় এলাকায় ক্রমাগত পলি পড়ার কারণে প্রতি বছরেই নতুন নতুন চর সৃষ্টি হচ্ছে। অবস্থানগত কারণে দেশের উপকূলীয় এলাকা সবচেয়ে বেশী ঝুঁকিপূর্ণ । সামুদ্রিক ঝড়, জলোচ্ছ্বাসে প্রতি বছরই কম-বেশি এ এলাকা দূর্যোগ কবলিত হয়। কৃষিক্ষেত্রে বাংলাদেশের উপকূলীয় এলাকা বেশ দ্রুত অগ্রসর হচ্ছে। যদিও এ এলাকায় মাটি ও পানিতে লবণাক্ততার পরিমাণ দিনকে দিন বেড়ে চলেছে। তাছাড়া প্রাকৃতিক দূর্যোগের কারণে প্রতিবছর এ জনপদ ক্ষতিগ্রস্ত হয়। বর্তমানে জলবায়ু পরিবর্তনের ফলে এ অঞ্চলে বর্ষাকালে জোয়ারের স্থায়িত্ব ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। ভাটা শেষ হতে না হতেই আবার জোয়ারের পানি ঢুকে যাচ্ছে লোকালয়ে। নদীগুলোর নাব্যতা মারাত্মক হুমকীর সম্মুখীন। এ অবস্থা চলতে থাকলে উপকূলের নীচু ভূমিগুলোতে বর্ষাকালে স্থায়ী জলাবদ্ধতার সৃষ্টি হতে পারে। পৃথিবীতে ম্যানগ্রোভ বন সাধারণতঃ সমুদ্রের জোয়ারের পানি দ্বারা প্লাবিত প্রাকৃতিক বন হিসাবেই দেখা যায়। কৃত্রিম উপায়ে ম্যানগ্রোভ বন সৃজন খুবই সাম্প্রতিক যা অল্প কয়েকটি দেশে সীমাবদ্ধ। বাংলাদেশ ম্যানগ্রোভ বন সৃজনে সবচেয়ে অগ্রগামী দেশ হিসাবে বিবেচিত। বাংলাদেশ বন বিভাগ উপকূলীয় জনগণের জানমাল রক্ষার প্রাথমিক লক্ষ্যে সবুজ বেষ্টনী গড়ে তুলতে ১৯৬৬ সন হতে উপকূলীয় চর বনায়নের কাজ শুরু করে। বন বিভাগ এ পর্যন্ত সমগ্র উপকূলীয় এলাকায় প্রায় ২,০৯,১৪০ হেক্টর ম্যানগ্রোভ বন সৃজন করেছে।

উপকূলে বনায়ন ও বর্তমান অবস্থা

বাংলাদেশ বন বিভাগ এবং ইউএনডিপির ২০১৮ সালের এক সমীক্ষায় দেখা যায় যে, উপকূলীয় বনভূমির (বৃক্ষাচ্ছাদিত) পরিমাণ বর্তমানে ৬১,৫৭৪ হেক্টর। এ বনের অধিকাংশই হলো কেওড়া প্রজাতির একক বন। উপকূলীয় এ বন বর্তমানে নানাবিধ সমস্যার সম্মুখীন। বহু পূর্ব হতেই এ কেওড়া বন কান্ড ছিদ্রকারী পোকার আক্রমণে ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাছাড়া ক্রমাগত পলি পড়া ও গবাদি পশুচারণের ফলে উপকূলীয় বনভূমি ক্রমান্বয়ে উঁচু ও শক্ত হয়ে গেছে। এ কারণে কেওড়া গাছের বর্ধন হার কমে যাচ্ছে এবং ক্রমান্বয়ে গাছে মড়ক দেখা দিচ্ছে। অন্যান্য প্রধান প্রধান ম্যানগ্রোভ প্রজাতির কম অনুপস্থিতির কারণে প্রাকৃতিকভাবে ম্যানগ্রোভ প্রজাতির রিজেনারেশন খুবই কম পরিলক্ষিত হচ্ছে। ফলে উপকূলীয় বনের ভবিষ্যৎ ধারাবাহিকতা ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এ সমস্ত ভূমি ম্যানগ্রোভ বনায়নের অনুপোযুক্ত হয়ে পড়েছে। অন্যদিকে কেওড়া প্রজাতির আবর্তনকাল এবং এর জীবনকালও সংক্ষিপ্ত। তাছাড়া কেওড়া ও বাইন প্রজাতির মৃত্যুহার বেশি হওয়ায় বনের মধ্যে অনেক ফাঁকা স্থানের সৃষ্টি হয়েছে। আবার অনেক ভূমিতে বনায়ন অসফল হওয়ায় ফাঁকা অবস্থায় পতিত পড়ে আছে। অন্যদিকে উপকূলীয় কেওড়া বনের অভ্যান্তরে প্রাকৃতিকভাবে জন্মানো নতুন চারা পরিলক্ষিত হচ্ছে। এক গবেষণায় দেখা যায় যে, সমগ্র উপকূলীয় এলাকায় অপেক্ষাকৃত স্থায়ী কেওড়া বনের অভ্যন্তরে গেওয়া প্রজাতির প্রাকৃতিক রিজেনারেশন বেশি দেখা যাচ্ছে। আবার যে সমস্ত চরে অন্যান্য ম্যানগ্রোভ প্রজাতির বীজের উৎস আছে সেখানে ঐ সব ম্যানগ্রোভ প্রজাতির রিজেনারেশন পরিলক্ষিত হচ্ছে। এ সমস্ত প্রাকৃতিকভাবে জন্মানো ম্যানগ্রোভ প্রজাতির গজানো চারা রক্ষণাবেক্ষণ করলে স্থায়ী বন সৃষ্টি সম্ভব।

বাংলাদেশের উপকূলীয় এলাকার বসতবাড়িতে বাঁশ ও বেতের বংশ বিস্তার ও চাষ পদ্ধতি

উপকূলীয় এলাকায় বাঁশ ও বেতের উৎপাদন বাড়াতে বৈজ্ঞানিক পদ্ধতিতে বসতভিটায় বাঁশ ও বেত চাষ করা প্রয়োজন। এ লক্ষ্যে ২০১০ সাল হতে ২০১৫ সাল পর্যন্ত বাঁশের ২ টি প্রজাতির যথা- বাইজ্জা বাঁশ (*Bambusa vulgaris*) এবং বরাক বাঁশ (*B. balcooa*) এবং বেতের দুইটি প্রজাতি যথা- জালি বেত (*Calamus tenuis*) এবং কেরাক বেত (*C. viminalis*) এর চাষ বিষয়ক একটি গবেষণা পরিচালনা করা হয়। গবেষণায় সমগ্র উপকূলীয় এলাকায় বাংলা বাঁশের বর্ধনহার ও বেঁচে থাকার হার সন্তোষজনক পাওয়া যায়। অন্যদিকে উপকূলীয় পূর্বাঞ্চলে বেতের ২ টি প্রজাতিই উপযুক্ত হিসাবে বিবেচিত হয়। তবে সমগ্র উপকূলীয় এলাকার বসতভিটায় বনায়নের জন্য জালি বেত উপযুক্ত হিসাবে পাওয়া যায়।

উপকূলীয় এলাকায় বসতবাড়ীতে কৃষি-বন প্রবর্তন পদ্ধতি

বসতভিটায় বনায়ন বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠির সামাজিক এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের বসতভিটাগুলিতে বনজ, ফলদ, জ্বালানী কাঠ ও সবজীর আবাদ হয়ে থাকে। বসতভিটাগুলি একটি বাড়ী একটি খামার হিসাবে পরিচিত। বাংলাদেশের সকল বসতভিটায় কম-বেশী কৃষি-বনের প্রাকটিস হয়ে থাকে। কিন্তু উপকূলীয় প্রত্যন্ত অঞ্চলের বসতভিটাগুলি নতুন হওয়ায় সাধারণতঃ বৃক্ষশুন্য বা কম গাছপালা দ্বারা আচ্ছাদিত হয়ে থাকে। সেখানকার অধিকাংশ জনসাধারণ দরিদ্র এবং তারা কৃষি কাজ, শ্রম বিক্রি বা মৎস্য আহরণের মাধ্যমে জীবিকা নির্বাহ করে থাকে। তাদের বসতবাড়ীতে কৃষি-বন প্রাকটিসের মাধ্যমে যাতে জীবন যাত্রার মান উন্নয়ন করা যায় এবং বসতবাড়িগুলির ভেজিটেশন বৃদ্ধি করা যায় সেজন্য দেশের মধ্য উপকূলীয় দ্বীপাঞ্চলের তিনটি গ্রামে একটি গবেষণা পরিচালনা করা হয়। আটটি কাষ্ঠ জাতীয় বনজ বৃক্ষ এবং ১১টি ফলদ বৃক্ষের চারা সহ মোট ১৯ প্রজাতির বৃক্ষের চারা রোপণ করা হয় এবং মৌসুমী শাক-সবজীর আবাদ করা হয়। উক্ত গবেষণায় দেখা যায় যে, বসতভিটায় রোপিত কাষ্ঠ জাতীয় গাছের মধ্যে রেইন ট্রি, মেহগনি, আকাশমনি, নীম এবং কালো কড়ই এর বেঁচে থাকার হার আশাব্যঞ্জক এবং ফল জাতীয় বৃক্ষের মধ্যে নারিকেল, সুপারি, আম, কাঠাল, পেয়ারা এবং তেতুলের বেঁচে থাকার হার সন্তোষজনক। এর ফলে বসতভিটায় গাছপালার আচ্ছাদন বৃদ্ধি পায়। অপরদিকে বসতভিটায় শাক-সবজী আবাদ করে নিজেদের প্রয়োজন মিটিয়ে বাড়তি আয় করে আর্থিকভাবে লাভবান হওয়া যায়।

উপকূলীয় অঞ্চলের অগ্রতট (foreshore) এলাকায় পাম প্রজাতির বনায়ন কৌশল

বাংলাদেশের উপকূলীয় অগ্রতট এলাকায় অনেক অপেক্ষাকৃত উঁচু ভূমি আছে যেখানে বছরে অন্ততঃ তিন মাস জোয়ারের পানিতে পাবিত হয়। ভূমিগুলি ম্যানগ্রোভ প্রজতির বাগান সৃজনের জন্য অনুপযুক্ত এবং অনুৎপাদনশীল। উক্ত ভূমিতে মূলভূমির ৪ টি পাম প্রজাতি যথা- তাল, নারিকেল, খেজুর এবং সুপারির বাগান সৃজনের উপর ১৯৯৯ সন হতে একটি গবেষণা পরিচালনা করা হয়। চারা রোপণের জন্য বিভিন্ন মডেলের ঢিবি প্রস্তুত করা হয় যাতে জোয়ারের পানিতে চারা ডুবে না যায়। নারিকেল ব্যতীত অন্যান্য প্রজাতির চারা পলিব্যাগে উত্তোলন করা হয়। জুন-জুলাই মাসে ১০-১২ মাস বয়সের চারা ঢিবির উপরে রোপণ করা হয়। পরীক্ষায় ৭.৩ মি. × ১.৮ মি. × ০.৫ মি. এবং ৭.৩ মি. ১.৫ মি. × ০.৫ মি. আকৃতির ঢিবিতে সকল পাম প্রজাতির বর্ধণ এবং জীবিতের হার খুবই ভাল পাওয়া যায়।

ম্যানগ্রোভ প্রজাতির বীজ উৎপাদন এলাকা প্রতিষ্ঠা এবং উন্নতমানের বীজ ব্যবহার করে কেওড়া বনের উৎপাদন বৃদ্ধি

ম্যানগ্রোভ প্রজাতির সৃজিত বাগানের বৃদ্ধি ও উৎপাদন অঞ্চলভেদে ভিন্ন এবং অন্যান্য দক্ষিণ এশিয়ার দেশগুলির তুলনায় কম। এর অন্যতম কারণ হলো উন্নতমানের বীজ ব্যবহার না করা। এ জন্য দেশের উপকূলীয় এলাকার পশ্চিমাঞ্চলে পরীক্ষামূলকভাবে বীজ উৎপাদন এলাকা প্রতিষ্ঠা এবং ভূমি উপযোগী উন্নতমানের বীজের উৎস তৈরী করা হয়। বীজ উৎপাদন এলাকা হতে অভিযোজনের উপর ভিত্তি করে দুই ধরণের বীজের উৎস নির্বাচন করা হয়েছে যথা- উত্তম গাছের বীজের উৎস এবং নির্বাচিত গাছের বীজের উৎস। বাগানের অনেক গাছের মধ্য থেকে উত্তম গাছগুলিকে ভাল বীজের উৎস

হিসাবে নির্বাচিত করা হয় ফলে তাদের প্রতিকুল অবস্থায় টিকে থাকার বাড়তি ক্ষমতা আছে। প্রতিষ্ঠিত কেওড়া বীজ উৎপাদন এলাকার বীজ ব্যবহার করে ২০০৭ সালে একটি গবেষণা পরিচালনা করা হয়। গবেষণার ৭ বছর পর ফলাফলে দেখা যায় যে, কেওড়া বাগান উত্তোলনের ক্ষেত্রে ভাল মানের অর্থাৎ বীজ উৎপাদন এলাকার ভাল বীজ ব্যবহার করে বনায়ন করলে সাধারণ বীজ দ্বারা উত্তোলিত বাগানের চেয়ে ৩.৪৬ গুণ কাঠের উৎপাদন বেশি পাওয়া যায়।

উপকূলীয় এলাকার উঁচু ভূমি ও বেড়ি বাঁধে বনায়নের জন্য ঔষধি বৃক্ষ প্রজাতি নির্বাচন

উপকূলীয় এলাকার উঁচু ভূমি ও বেড়িবাঁধে বনায়নের জন্য ১৪ টি ঔষধি বৃক্ষ প্রজাতির উপর ২০১৫ সাল থেকে গবেষণা পরিচালনা করা হয়। গবেষণার ফলাফলে দেখা যায় যে, পূর্ব উপকূলীয় অঞ্চলে রোপণের জন্য অর্জুন, কদম, হরিতকি, খয়ের, কাঠবাদাম, নিম, শিমুল উপযুক্ত হিসাবে পাওয়া যায়। অন্যদিকে পশ্চিম উপকূলীয় অঞ্চলের জন্য খয়ের, অর্জুন, বকাইন, ছাতিয়ান, শিমুল, পুনিয়াল, পিতরাজ, হরিতকি, সোনালু, বহেরা, কদম এবং কালোজাম উপযুক্ত হিসাবে পাওয়া যায়।

উপকূলীয় ইকোসিস্টেম সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট প্রাকৃতিক বিপর্যয় থেকে উপকূলীয় জনপদ ও অবকাঠামো রক্ষায় গবেষণার এ ফলাফল গুরুত্বপূর্ণ ভুমিকা রাখতে পারবে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটির ধারাবাহিক গবেষণায় বেশ কিছু প্রযুক্তি ও তথ্য উদ্ভাবন করা হয়েছে যা টেকসই ম্যানগ্রোভ বাগান সৃজন এবং উপকূলীয় বনের উৎপাদন বৃদ্ধির জন্য খুবই গুরুত্বপূর্ণ।

উপকূলে বন গবেষণায় ভবিষ্যৎ ভাবনা

বাংলাদেশের উপকূলীয় এলাকায় অনেক ভূমি এখনও পতিত অবস্থায় পড়ে আছে। তাছাড়া কেওড়া বনের ভীতরে অনেক ফাঁকা স্থানের সৃস্টি হয়েছে। এসমস্ত ভূমিগুলোর সুষ্ঠু ব্যবহারের জন্য মূলভূমির বৃক্ষ প্রজাতির সাথে সাথে বাঁশ ও বেত প্রজাতির চাষাবাদ করা প্রয়োজন। উল্লেখ্য যে, বাঁশের ও বেতের পরীক্ষামূলক বাগান সৃজন করা হয়েছে। প্রাথমিক ফলাফলে উপকূলীয় উঁচু ভূমির যেখানে জোয়ারের পানি খুব কম সময়ে প্লাবিত হয় এমন স্থানে বাঁশ ও বেত চাষে সম্ভবনা সৃষ্টি হয়েছে। অন্যদিকে গবাদিপশুর চারণক্ষেত্র হিসাবে উপকূলীয় বনভূমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও বনের ক্ষতি হচ্ছে কি না সে বিষয়ে গবেষণা প্রয়োজন্। অন্যদিকে বনায়ন ব্যর্থ হওয়া ভূমি ফাঁকা পড়ে আছে যার পরিমাণ অনেক বেশি। এ সমস্ত ফাঁকা ভূমিগুলোর সুষ্ঠ ও টেকসই ব্যবহারের জন্য গবেষণার প্রয়োজনীয়তা রয়েছে। জলবায়ু পরিবর্তনের ফলে উপকূলে লবণাক্ততার পরিমাণ বেড়ে যাচ্ছে। এ অবস্থা মোকাবেলার জন্য অধিক লবণ সহিষ্ণু ম্যানগ্রোভ ও নন-ম্যানগ্রোভ প্রজাতি নির্বাচন টেকসই বনের জন্য খুবই গুরুত্বপূর্ণ। উপকূলীয় বনের বর্ধনহারে জোয়ারভাটা এবং পলি পড়ার উপর কোনো প্রভাব আছে কিনা তা পর্যবেক্ষণ করা প্রয়োজন।

উপসংহার

উপকূলীয় অঞ্চলের নতুন জেগে উঠা চরগুলোতে, স্থায়ী হওয়া উঁচু ভূমিগুলোতে এবং ফাঁকা ও পতিত ভূমিগুলোর যথাযথ ব্যবহারের মাধ্যমে এ অঞ্চলের সার্বিক উন্নয়ন এবং একটি টেকসই বন সৃষ্টি সম্ভব ।

তথ্যপুঞ্জি

1. Islam, S.A.; Miah, M.A.Q.; Habib, M.A; Moula, M.G and Rasul, M.G. 2013. Growth performance of underplanting mangrove species in Sonneretia apetala (Keora) plantations along the western coastal belt of Bangladesh. Bangladesh Journal of Forest Sciences, 32(2):26-35.
2. Islam, S.A.; Miah, M.A.Q; Habib, M.A. and Moula, M.G. 2014. Performance of some mainland trees and palm species planted in the coastal islands of Bangladesh. Journal of Asiatic Society of Bangladesh (science) 40 (1): 9-15.
3. Miah, M.A.Q ; Islam, S.A.; Habib, M.A. and Moula, M.G. 2014. Growth performance of Avicennia officinalis L. and the effect of spacing on growth and yield of trees planted in the Western coastal belt of Bangladesh. Journal of Forestry Research, 25 (4): 835-838.

4. Islam, S.A ; Miah, M.A.Q. and Habib, M.A. 2015. Performance of Mangrove Species Planted inside Sonneratia apetala Buch.-Ham. Plantations in the Coastal Belt of Bangladesh. Journal of Bioscience and Agricultural Research. Published: 25.02.2015 Vol. .03 (01) 38-44.

5. Islam, S.A ; Miah, M.A.Q. and Habib, M.A. 2015. Performance of Some Mangrove Species Planted inside Sonneratia apetala Buch.-Ham. Plantations in the Coastal Belt of Bangladesh. Indian Forester, 141 (4): 384-388,

6. Islam, S.A.; Miah, M.A.Q.;Habib, M.A. and Rasul, M.G. 2015. Growth performance of Calamus tenuis Roxb. (Jali bet) in the coastal homesteads of Bangladesh. Journal of Bioscience and Agriculture Research, 04 (02): 74-79.

7. Islam, S.A.; Miah, M.A.Q ; Habib, M.A. and Moula, M.G. 2015. Enrichment of Homestead Vegetation Through Agroforestry Practices in the Remote Coastal Areas of Bangladesh. Bangladesh Research publications Journal 11 (4): 276-283, September- December 2015.

8. Islam, S.A.; Miah, M.A.Q ; Habib, M.A. and Mahabub, M.A. 2016. Growth and yield of Sonneratia apetala (keora) plantations raised from different seed sources in the central coastal belt of Bangladesh. Journal of Bioscience and Agriculture Research, 06 (02: 565-569.

9. Islam, S.A.; Miah, M.A.Q; Habib, M.A. and Rasul, M.G. 2015. Growth and Development of Bambusa vulgaris Schrad. Ex. Wendl. Planted in the Coastal Homesteads of Bangladesh. Journal of Asiatic Society of Bangladesh (science) 41 (2): 123-131.

10. Islam, S.A.; Miah, M.A.Q.; Habib, M.A and Moula, M.G. 2014. Pongamia pinnata (L.) Pierre- A promising Plantation Species for the Coastal Area of Bangladesh. Bangladesh Journal of Forest Sciences, 33(1 and 2):55-58.

11. Islam, S.A.; Miah, M.A.Q ; Mahabub, M.A. and Rasul, M.G 2016. Initial growth performance of ten woody medicinal tree species in eastern coastal belt of Bangladesh. Journal of Bioscience and Agriculture Research, 11 (01: 930-935.

12. Moula, M.G and Miah, M.A.Q 2020. Growth performance of some woody medicinal tree species in the western coastal belt of Bangladesh. Journal of Bioscience and Agriculture Research, Vol. 23, (01) : 1911-1919

চিত্র:১.পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার চর নজির (চর অগাস্তি) এলাকায় কেওড়া বনের অভ্যন্তরে উত্তোলিত পরীক্ষামূলক বাঁশ বাগান (১.৫ বছর)।

চিত্র: ২. রাঙ্গাবালীর সোনার চরে প্রাকৃতিকভাবে জন্মানো হেঁতাল ও গেওয়া প্রজাতি।

দুর্লভ পাখির সন্ধানে

আল্লামা শিবলী সাদিক, পাখিবিদ
শেখ কামাল ওয়াইল্ডলাইফ সেন্টার, গাজীপুর
বন অধিদপ্তর, বাংলাদেশ।

চট্টগ্রাম বিভাগের কয়েকটি জাতীয় উদ্যান ও বনাঞ্চলে আমি পাখি দেখছি কয়েক বছর ধরে। ২০০৮ সালে আমি প্রথম গেছি কাপ্তাই জাতীয় উদ্যানে। ২০০৮ হতে ২০১১ পর্যন্ত প্রায় প্রতিমাসেই যেতাম, প্রতিবার পাঁচ-ছয় দিন, কখনও তার চেয় বেশী সময় কাটাতাম এই বনে। এ বনে বিরল অনেক বন্য প্রাণীর দেখা পাওয়া গেলেও পাখির সংখ্যাই উল্লেখযোগ্য। এই বনে বিরল অনেক পাখির মধ্যে সবচেয়ে আগে নাম বলতে হয় উদয়ী-বামনরাঙা (Oriental Dwarf Kingfisher) ও মালয়ী-নিশিবকের (Malazan Night Heron)। এ বন ছাড়া এদশের আর কোথাও এত সহজে বিরল এ দুটি পাখির দেখা মেলে না। এছাড়ও আছে বড়-মেটেকুড়ালি (Great Slatz Woodpecker)। এ পাখি অন্যত্র দুর্লভ হলেও কাপ্তাই জাতীয় উদ্যানে সহজেই দেখা যায়। ব্যাংছড়ির রাস্তা ও 'বনফুল' বন-বিশ্রামাগারের গাছে অনেকবার দেখেছি এ পাখি। এই বিশ্রামাগারের দোতলার বারান্দায় বসে কর্ণফুলী নদীর অপরূপ সৌন্দর্য যেমন উপভোগ করা যায়, তেমনই পাখিপ্রেমীদের কাছেও এটি খুবই গুরুত্বপূর্ণ। এখানে বসে থেকেই চারিপাশের গাছে দুর্লভ প্রজাতিসহ অনেক পাখি দেখতে পাওয়া যায়।

বড়-মেটেকুড়ালি বিশ্বের সবচেয়ে বড় কাঠঠোকরা এবং এরা বিশ্বব্যাপি বিপন্ন পাখির তালিকায় রয়েছে। আমি ২০০৯ সালে কাপ্তাই জাতীয় উদ্যানে এই পাখিটি প্রথম দেখি। 'বনফুল' বন-বিশ্রামাগারের পাশেই গাছে বসে পাখিটি জোর গলায় ডেকে উঠেছিল। সেই থেকে ওই পাখির ডাকই আমার মোবাইল ফোনের রিংটোন। এই পাখি এতই দুর্লভ যে ফোনের রিংটোন শুনে জাবি ক্যাম্পাসে অথবা বার্ড ক্লাবের আড্ডায় কোন পাখি- দর্শক ভুলেও মনে করেনি যে পাখিটি ঢাকায় এসেছে। সেপ্টেম্বর, ২০১১ ইনাম আল হকের সাথে বনফুল বিশ্রামাগারে ছিলাম। এক সকালে সামনের গাছে বড়- মেটেকুড়ালি ডাকছিল; কিন্তু ইনাম ভাই চেয়েও দেখলেন না। বুঝলাম, আমার ফোনের রিংটোন শুনে ঢাকায় মেটেকুড়ালি ডাকছে বলে কোনও পাখি-দর্শকের ভুল না হলেও কাপ্তাইয়ে মেটেকুড়ালির ডাক শুনে ফোনের রিংটোন মনে হতে পারে। আমি বললাম, 'ইনাম ভাই, এটা আমার ফোন না, 'গ্রেট-স্লেটি'। তিনি ক্যামেরা নিয়ে দৌড় দিলেন এবং বিশ্রামাগারের বারান্দা থেকে এই বিরল পাখির ছবি তুললেন। আঙ্গিনার গাছেই তখন তিনটি বড়-মেটেকুড়ালি ছিল।

উদয়ী-বামনরাঙা (Oriental Dwarf Kingfisher)

মালয়ী- নিশিবকের (Malayan Night Heron)

পাখি- দর্শক ও সৌখিন বন্যপ্রাণী ফটোগ্রাফারদের কাছে কাপ্তাই জাতীয় উদ্যানের ব্যাংছড়ি খুবই পরিচিত একটি নাম। তবে এটি ২০০৯ সাল হতে বন্যপ্রাণী গবেষক ও পর্যবেক্ষকদের কাছে বেশ জনপ্রিয় হয়ে ওঠে। পাখি দর্শকের জন্য ব্যাংছড়ির বড় আকর্ষণ হলো সবুজ-ধুমকল (Green Imperil Pigeon) এবং ল্যাঞ্জা- হরিয়াল (Pintail Green Pigeon)। এখানে এ দুই বিরল পাখি সহজেই দেখতে পাওয়া যায়। একসাথে অনেকগুলো সবুজ-ধুমকল এখানে সব

বড়-মেটেকুড়ালি (Great Slaty Woodpecker)

সময়ই দেখা যায়, যা বাংলাদেশের আর অন্য কোথাও এত সহজে দেখা যায় না। তবে পাখি ছাড়াও এখান থেকে বাংলাদেশের জন্য নতুন দুই প্রজাতির ব্যাঙের দেখাও পেয়েছিলাম। ২০১১ সালের শেষের দিকে প্রকৃতি ও জীবন দলের সাথে কাপ্তাই যাওয়ার সুযোগ হয়েছিল। প্রকৃতি ও জীবন দলের উদ্দেশ্য ছিল কিছু বিরল পাখির দৃশ্য ধারণ। কিন্তু সকালে ব্যাংছড়িতে যাওয়ার পরেই মনটা ভীষণ খারাপ হয়ে গেল, কারণ জায়গাটা আর চিনতে পারছিনা, অর্থাৎ চিরচেনা সেই সবুজ অরণ্য আর নেই, আছে শুধু সদ্য বনায়নের জন্য রোপিত চারা এবং পাখিদেরও আর খুঁজে পেলাম না। এই জায়গাটিতে প্রাকৃতিক ভাবে বেড়ে ওঠা কিছু গাছ থাকলেও বেশিরভাগই ছিল সৃজিত জারুল গাছ। জারুল গাছের পাশাপাশি অন্যান্য প্রাকৃতিক বনের কিছু গাছ কেটে বাগান বানানো মোটেও কাম্য নয়। বড় গাছগুলো রেখে অবশিষ্ট ফাঁকা জায়গায় বনায়ন করা যেত। ঐসকল পাখির গুরুত্ব না জানার কারণেই হয়তো এমনটি ঘটেছে। ২০১৫ সালেও সেখানে গিয়েছিলাম কিন্তু আর সেই পাখিদের খোঁজ পাই নাই।

ল্যাঞ্জা- হরিয়াল (Pintail Green Pigeon)

২০০৯ সালে এপ্রিল মাসে এক পড়ন্ত বিকেলে প্রথমবারের মতো যাওয়া হয় কাপ্তাইমুখ বন-বিটে। রাতে বিশ্রামাগারে ছিলাম এবং খুব সকালে ঘুম থেকে উঠেই কর্ণফুলী নদীর পাশে একটি গাছে একসাথে অনেকগুলো উদয়ী-পাকড়াধনেশ (Oriental Pied Hornbill) দেখার সুযোগ হয়েছিল। ঢাকায় ফিরে বিশ্ববিদ্যালয়ের বন্ধু ও বাংলাদেশ বার্ড ক্লাবের দু-একজনের কাছে এ গল্পটি করেছিলাম, কিন্তু অনেকেরই বিশ্বাস করতে কঠিন হয়েছিল। ডক্টর রেজা খান স্যার একদিন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আসেন, সারাদিন স্যারের সঙ্গে ছিলাম এবং অনেক বিষয়ের সাথে কাপ্তাইয়ের বিরল প্রজাতির

সবুজ-ধুমকল (Green Imperil Pigeon)

পাখির কথা বলেছিলাম। স্যার সহজেই বিষয়টি বিশ্বাস করেছিলেন এবং কাপ্তাই যাওয়ার জন্য ব্যাকুল হয়ে ওঠেন। স্যার আমাকে সাথে যাওয়ার জন্য বলেছিলেন কিন্তু পরীক্ষার জন্য যাওয়া হয় নাই, তবে সার্বিক সহযোগিতা করেছিলাম। ২০১১ সালের জুন মাসে, স্যার একাই গিয়েছিলেন কাপ্তাই জাতীয় উদ্যানের সেই ব্যাংছড়ি, রাম পাহাড় সীতা পাহাড় এবং মুখ-বিটে। ডক্টর রেজা খান কাপ্তাই মুখ বিটের একটি গাছে একসাথে ৩৮ টি উদয়ী-পাকড়াধনেশ ও ব্যাংছড়িতে একসাথে ৩০ টি সবুজ-ধুমকল দেখেছিলেন। তিনি বলেছেন যে এদেশে আগে কখনো এক গাছে বিরল পাখি এত বেশি সংখ্যায় দেখার ভাগ্য হয়নি তার। কাপ্তাই হতে ফিরে রেজা খান স্যার আমাকে ইমেইলের মাধ্যমে ধন্যবাদও জানান। কর্ণফুলী নদীর বাঁধের পাশে কাপ্তাইমুখ বনবিটের একটি গাছে আমি একবার ৪২ টি উদয়ী-পাকড়াধনেশ দেখেছিলাম। অত বড় সংখ্যা উল্লেখ করতে আমার কিছুটা শংকা হতো। ডক্টর রেজা খানের মন্তব্যের পর থেকে আমি নির্ভয়ে সংখ্যাটা বলতে পারি।

২০১১ সালের মে, জুলাই ও আগস্ট মাসে এই বনে সায়েম ও সামিউল ভাই বড়-মেটেকুড়ালি দেখেছিলেন কিন্তু এর ছবি নেওয়ার সুযোগ পাননি। তবে একই বছরে নভেম্বরে আমরা পাখিটিকে কাছ থেকে দেখেছি কক্সবাজার জেলার মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানে। দুটি মেটেকুড়ালি ডাকতে ডাকতে এক গাছ থেকে অন্য গাছে উড়ে যাচ্ছিল, আবার ফিরে

আসছিল। প্রায় আধাঘণ্টা ধরে একই জায়গায় বসে আমরা এই অপরূপ দৃশ্য দেখেছি। এছাড়াও মেদাকচ্ছপিয়ায় সিঁদুরে-সাহেলীর (Scarlet Minivet) পুরুষ ও স্ত্রী পাখিকে একসাথে পেয়েছিলাম বেশ কাছেই।

ফাঁসিয়াখালী বন্যপ্রাণী অভয়ারণ্যকে আমি বলি পেঙ্গাখালী। এখানে বন মোটেই ঘন নয়; বড় গাছ তেমন একটা নেই। তবুও এই বিধ্বস্ত বনে খুব অল্প পরিসরে যে পাখি আছে তার মাঝে দু-জাতের পেঙ্গা চোখে পড়ে সহজেই। ভোরবেলা এলে অল্প সময়ে এখানে লাল ঘাড় পেঙ্গা (Rufous-necked Laughingthrush) এবং ধলা-ঝুঁটি পেঙ্গা (White-creasted Laughingthrush) দেখা যায়।

ধলা-ঝুঁটি পেঙ্গার দেখা পাওয়া অন্য কোথাও খুব একটা সহজ নয়। এখানে তিলা-নাগ ঈগলের (Crested Serpent Eagle) দেখা পাওয়াটাও নিত্য-নৈমিত্তিক ব্যাপার। বনের প্রান্তে পাহাড়ি স্রোতস্বিনীর খাড়া মাটির পাড়ে গর্ত করে এক ঝাঁক খয়রা-গলা নাকুটি (Brown-throated Martin) বাসা বানায়। সেখানে এদের উড়াউড়ি দেখতে যাওয়টা আমাদের ফাঁসিয়াখালী সফরের শেষ আকর্ষণ।

ধলা-ঝুঁটি পেঙ্গা (White-creasted ughingthrush)

উদয়ী-পাকড়াধনেশ (Oriental Pied Hornbill)

বায়ু দূষণমুক্ত রাখতে গাছপালার ভূমিকা

আফতাব চৌধুরী
সাংবাদিক-কলামিস্ট

কৃতিত্বময় জীবনের অধিকারী হতে চায় সব মানুষ। অন্যের কৃতিত্বে গা জ্বললেও মূল কৃতিত্বটাকে সবাই পছন্দ করে। কৃতিত্বের অধিকারী হতে হলে মানুষকে অনেক কিছু করতে হয়। কৃতকর্মা হওয়ার জন্য যেসব জিনিষকে মানুষ নমুনা হিসাবে গ্রহণ করতে পারে, তার একটি হল বৃক্ষ। বৃক্ষের দু'টি দিক মানুষের জন্য জীবন্ত আদর্শ। একটি বীজের বৃক্ষ হওয়া পর্যন্ত দীর্ঘ সময়ের ভাঁজে ভাঁজে বিছানো আছে বহু শিক্ষা, বহু গ্রহণীয় বিষয়। বৃক্ষ নিজের জন্মলগ্ন থেকে পরিণত পর্যায় পর্যন্ত সব ধরনের পক্ষপাত থেকে মুক্ত থাকে। বৃক্ষ নিজের অস্তিত্ব বিকাশায়নে কারো সঙ্গে পক্ষপাতের আচরণ করে না। একটি বৃক্ষ অপর এক বৃক্ষের বীজ থেকে জন্ম গ্রহণ করে। ধীরে ধীরে সে বেড়ে উঠে সম্পূর্ণ পক্ষপাতহীনভাবেই। বেড়ে উঠার পথে সে বহু জায়গা থেকে সহযোগিতা নেয়, শক্তি সঞ্চয় করে। এতে তার কোনো সঙ্কোচ নেই, নেই অভিমান ও পক্ষপাত। সে সূর্য থেকে আলো গ্রহণ করে। আকাশ ও মেঘ থেকে সঞ্চয় করে পানি। বায়ুমন্ডল থেকে বাতাস টেনে নেয়। জমি থেকে চুষে নেয় মাটি ও উর্বরতা। এসব জিনিষের দানে ও অবদানে ক্রমে বিকশিত হয় একটি বৃক্ষ। ফলে একটি সামান্য বীজ একটি বিশাল ছায়াবিস্তারী বৃক্ষে পরিণত হয়। এ দীর্ঘ পথ পরিক্রমায় কোনো বৃক্ষ বড়াই ও পক্ষপাতের আশ্রয় নেয় না। অন্যথায় কখনো একটি বীজ বৃক্ষ হতে পারত না।

বৃক্ষের মাঝে আমাদের জীবনের জন্য আরেকটি আদর্শ হল তার সহনশীলতা ও পরোপকার। তার সঙ্গে খারাপ ব্যবহার করা হলেও সে আমাদের সঙ্গে ভালো ব্যবহার করে। বৃক্ষের জন্মলগ্নের দিকে তাকালে দেখতে পাই, একটি বীজ পচা-দুর্গন্ধময় মাটিতে পুঁতে দেওয়া হয়, অথচ সে কোনো অভিযোগ করে না। মানুষের এ অবিচারের বিরুদ্ধে সে ক্ষিপ্ত হয়ে উঠে না। বৃক্ষরোপনের কিছুদিন পর পেয়ে যায় চেষ্টার সুফল, মাথা উঁচু করে দাঁড়ায় জমির উপর। কেমন বিশ্রী ন্যাংড়াভাবে গজিয়ে উঠে একটি চারা। পরে সে গাছ হয়, যোগ দেয় সবুজের সমারোহে। মানুষকে দান করে ফুল, ফল, কাঠ ও অক্সিজেন। পুরো জগৎকে ভরিয়ে তুলে বসন্তে। রূপ-রস-গন্ধের নিটোল সমারোহ পৃথিবীকে মর্মরিত করে, ফলে মানুষের মন-মন্দির আকুলতায় হয়ে উঠে আবেশমুগ্ধ। এছাড়াও বৃক্ষ রক্ষা করে পরিবেশের ভারসাম্য। তাই বৃক্ষের বুকে যে অদম্য বল ও উদারতা, তার তারিফ না-করে উপায় নেই। মানুষ তার গায়ে পাথর মারে, লোহা মারে কিন্তু সে তাদেরকে উৎসর্গ করে নিজের ফল। রৌদ্রে সে ঝলসে যায়, কিন্তু মানুষকে দান করে শীতল ছায়া। সর্বোপরি যখন তাকে কেটে ফেলা হয়, তখনও সে ভোলে না চিরবন্ধু মানুষকে। বিচিত্র ফার্নিচার হয়ে আলোকিত করে মানুষের ঘর। আগুনে পুড়িয়ে ফেলুন, তবুও আপনাকে ভুলে না, আপনাকে দান করে আলো ও তাপ। মানুষ ও বৃক্ষের মধ্যে বিদ্যমান রয়েছে এক নিবিড়তম সম্পর্ক, রয়েছে পারস্পারিক নির্ভরশীলতা। বিশেষ করে মানুষ ও উদ্ভিদের পরস্পরের দেহোপযোগী সামগ্রীর জন্য একে অন্যের উপর নির্ভরশীল। মানুষ শ্বাস-প্রশ্বাসের সময় কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করে বিনিময়ে অক্সিজেন গ্রহণ করে। পৃথিবীতে বৃক্ষের পরিমাণ হ্রাস পেতে থাকলে এক সময় মানুষের নিশ্বাস নিতে কষ্ট হবে বলে মন্তব্য করেছেন বিজ্ঞানীরা। মানুষও যদি বৃক্ষের মতো সব ধরনের হিংসা-বিদ্বেষ ও পক্ষপাতের পক্ষাঘাত ব্যাধি থেকে মুক্ত থেকে সেবা করে যায় এবং বৃক্ষের মতো নিজের স্বভাব গড়তে পারে, তা হলেই সে অর্জন করতে পারে মহত্ত্ব ও মর্যাদা, লাভ করতে পারে উত্তম প্রতিদান, পেতে পারে আখেরাত-জগতের ফলে-ফুলে ভরা জান্নাতের বাগান।

গাছ অবশ্যই জমির অলঙ্কার। গাছের অলঙ্কার পাতা। পাতা হল গাছের পোশাক। এ পাতাই ডালকে উলঙ্গতা থেকে রক্ষা করে। সে সঙ্গে রেশমের মতো তুলতুলে মসৃণ সাজ পরিয়ে তাকে অলংকৃত করে। আমাদের দেশে তো প্রায় গাছের রং সবুজ হয়ে থাকে। শুনেছি ও দেখেছি আমেরিকা, কানাডা প্রভৃতি দেশে কোনো কোনো মৌসুমে পাতার রঙ হয়ে যায় লাল, সবুজ ও বাদামি।

শরৎকালের শাসনে এসব রং-বেরং-এর পাতাগুলো ঝরে যায়, এমনকী গ্রীষ্মকালে গাছগুলো একেবারে বিবস্ত্র হয়ে পড়ে। আবার কিছুদিন পর এ অবস্থার পরিবর্তন ঘটে। শুরু হয় বসন্ত। আবার নতুন পাতা, নতুন মুকুল, নতুন রং, নতুন আর নতুন,

নতুনের সমারোহ। সবুজের সাজে, নব সাজের স্রোতে প্লাবিত হয় পুরো জমি। সবুজের সমারোহ মাতিয়ে তোলে আকাশকে। আকাশ এ দৃশ্য দেখে ভালবাসার উত্তাপে বিগলিত হয়। ভালবাসার বৃষ্টিবর্ষণ নিবেদন করে জমির কাছে। গাছের পাশ দিয়ে হেঁটে যাচ্ছেন আপনি। ঝুলে থাকা গাছের ডাল থেকে একটি পাতা ঝরে আপনার সামনে পড়ল। পাতাটি হাতে উঠালেন। এ রকম হয়তো অনেকবার হয়েছে আপনার জীবনে। আপনি এ পাতা হাতে তুলে চিন্তা করুন বা নাই করুন, সে কিন্তু প্রকৃতির নীরব ভাষায় আপনাকে শিক্ষা দিয়েছে। কী শিক্ষা? প্রতিটি মানুষ পৃথিবীর বাগানে একটি পাতার মতই ফুটেছিল। যে বাগানে তার ফোটা, সে বাগানে গ্রীষ্মও অবধারিত। গ্রীষ্ম ধেয়ে আসছে দ্রুত। আজ নয় কাল আপনার বাগানকে শুনসান করে দেবে গ্রীষ্মের গর্বে একদিন হারিয়ে যাবে বাগানের গৌবর।

গাছের এক অংশ শেকড়, যা মাটির নীচে থাকে প্রোথিত, আরেক অংশ তার শাখা-প্রশাখা, যা লোকচোখে স্পষ্টায়িত। কারও কারও মন্তব্য, গাছের যেটুকু অংশ জমির উপর থাকে, তার প্রায় সমান অংশ শেকড়ের আদলে জমির নীচে লুক্কায়িত থাকে। গাছ নিজের অস্তিত্বের অর্ধেকাংশকে সবুজ-শ্যামল চেহারায় ততক্ষণ পর্যন্ত জমির উপর দাঁড় করাতে পারবে না, যতক্ষণ না সে নিজের দ্বিতীয় অর্ধেকাংশকে জমির নীচে প্রোথিত করার জন্য স্বেচ্ছায় প্রস্তুত না থাকে। গাছের এ আদর্শটি মানবজীবনের জন্য সর্বশক্তিমানের পক্ষ থেকে বড় শিক্ষা। এখান থেকে মানুষ বুঝে নিতে পারে, জীবন-বিনির্মাণ ও দৃঢ়ায়নের জন্য তাকে কী কী করতে হবে।

শেকড় নীচের দিকে, আর ফল উপরের দিকে-এ হল স্রষ্টার অমোঘ নিয়ম। গোলাপ ফুল রং ও সুগন্ধির এক মানদন্ডিক সমষ্টি, যা প্রকাশ পায় শেকড়ের মাধ্যমে নয়, শাখা-প্রশাখার মাধ্যমে। কিন্তু গোলাপের এ মান ও মানদন্ড স্বয়ংক্রিয়ভাবে অর্জিত হয়নি। এ জন্য গোলাপ গাছের একটি শেকড়কে হারিয়ে যেতে হয়েছে মাটির নীচে। তবেই না সে ছড়াতে পারে মন মাতানো ঘ্রাণ। গাছের সব শক্তি মূলত শেকড়েই। সে শেকড়কেই সমাধি দিতে হয় কাদার নীচে। শেকড়ের এ স্বেচ্ছাসমাধিতেই জীবন লাভ করে নতুন এক শক্তি। আমরা তৃপ্তিভরে ফল খাই, ফুলের গন্ধে মেতে উঠি, শেকড়ের আত্মোৎসর্গের কথা ও সচ্ছতলার আশায় মত্ত হই, কিন্তু ভুলে যাই সাধনভূমির গভীরে শেকড় জমানোর কথা। গাছ জমির উপর দাঁড়িয়ে থাকে। কিন্তু সে জমির নীচে নিজের শেকড় আমানত রাখে। গাছ নীচ থেকে উপরের দিকে বাড়ে, উপর থেকে নীচের দিকে নয়। গাছ স্রষ্টার কুদরতের ভাষা-শব্দহীন এক শিক্ষক। তার দেওয়া শিক্ষা মহান ও মূল্যবান। মানবজাতির পাঠশালায় তার শেখানো অমূল্য পাঠ; পৃথিবীতে অভ্যন্তরীণ দৃঢ়তা ছাড়া সফলতা সম্ভব নয়।

পৃথিবীতে দু'ধরনের গাছ রয়েছে। এক, ফলবান গাছ। দুই, ফলহীন গাছ। ফলহীন গাছ লতা-পাতাময় গাছ। ফলহীন গাছ বা লতা মাসের ভেতর বড় হয়ে মাসের ভেতরে মরে যায়। পক্ষান্তরে গাছ বড় হয় বহু বছরে। তাই সে জমির উপর দাঁড়িয়ে থাকে বহু বছর, এমনকি শতাব্দী পর্যন্তও। দু'ধরনের গাছের সৃষ্টি অহেতুক নয়। এতে আমাদের জন্য শিক্ষা রয়েছে জীবন ও জগতে সফলতা অর্জনের কলকব্জা শেখার জন্য।

জীবন ও জাতির বিনির্মাণে আমাদের লাউয়ের লতার মতো ছড়ালে হবে না, বাড়তে হবে গাছের মতো শক্ত মাটিতে শেকড় চারিয়ে, দীর্ঘ জীবনের আশায় বুক বেঁধে। লাউয়ের লতা দিনে দিনে বাড়ে। মাসের ভেতরেই ছড়িয়ে পড়ে বিশাল জায়গাজুড়ে। কিন্তু মাসের ভেতরেই আবার শুকিয়ে মরে যায়। প্রথম লাফে যত দীর্ঘ জায়গাই পার হোক মাস খানেকের ব্যবধানে তাকে দেখা যায় মানুষের পায়ের তলায় দলিত হতে। পক্ষান্তরে গাছ বাড়ে খুব ধীরে। বছরের পর বছর পার হয়ে পরিণত হয় একটি বৃক্ষে। সে পরিমাণে তার শেকড়ও মজবুত হতে থাকে মাটির পেটে। সে শেকড় মাটির গভীর থেকে নিজের খোরাক সঞ্চয় করে। এসব চেষ্টা ও কৌশলের পরেই একটি বৃক্ষ বিকশিত হয়ে বেঁচে থাকে বছরের পর বছর, এমনকি শতাব্দীর পর শতাব্দী। তেমনিভাবে মানুষের জীবন ও জাতির স্থায়ী নির্মাণে বিস্তৃতির চেয়ে দৃঢ়তাই বেশি প্রয়োজন। দৃঢ়তা ছাড়া বিস্তৃতি মানে ভিত্তিহীন ঘর। আর ভিত্তিহীন ঘরের মতো জীবন গড়লে কাঙ্ক্ষিত সফলতা অধিকারে তো আসেই না , বরং তাতে রয়ে যায় ফাঁক ও ফাঁকি।

মানুষের জীবনে গ্রহণ করতে হয় গাছের জীবন বিকাশের ধীর অথচ দৃঢ় ধারাটি। আমরা যদি জীবনের শক্তিশালী ও স্থায়ী নির্মাণ চাই, তা হলে কষ্ট, সাধনা ও ধৈর্যের পাহাড় ডিঙ্গাতে হবে। জীবনকে যদি শিশুদের খেলাঘর মনে করি, তাহলে মুহূর্তে তা গড়া যাবে ঠিক, কিন্তু আবার মুহূর্তেই তা ভেঙে পড়বে। গড়তে যত না সময় লাগে, তার চেয়ে অনেক কম সময়ে তা মিশে যাবে মাটির সঙ্গে।

এক সবুজ আগামীর লক্ষ্যে ‘বনায়ন’

আহমেদ রায়হান আহসানউল্লাহ
প্রতিনিধি, “বনায়ন” মহাখালী, ঢাকা

জলবায়ু পরিবর্তনের কারণে পরিবেশ ও জীবনযাত্রা যখন হুমকির মুখে তখন বাংলাদেশ সরকারের বৃক্ষরোপণ কর্মসূচির আহবানে সাড়া দিয়ে ১৯৮০ সাল থেকে ‘বনায়ন’ প্রকল্পটি যাত্রা শুরু করে। প্রতিষ্ঠার পর থেকেই প্রকল্পটি পরবর্তী প্রজন্মের জন্য এক সবুজ আগামী তৈরির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। দেশ সবুজায়ন, সামগ্রিক বৃক্ষাঞ্চল বৃদ্ধি ও সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি ১৩-ক্লাইমেট অ্যাকশন; এসডিজি ১৫-লাইফ অন ল্যান্ড) অর্জনে সরকারের বেসরকারি পর্যায়ের এক বিশ্বস্ত সহযোগী হিসেবে নিরলস কাজ করে চলেছে এই প্রকল্প।

এই বছর, ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসে এই প্রকল্পটি ৪২ বছরে পদার্পণ করতে যাচ্ছে। এই দীর্ঘ সময়ে এক সবুজ আগামী নির্মাণে সরকারি-বেসরকারি নানা প্রতিষ্ঠানের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে আসছে এই কর্মসূচি। যার মধ্যে বন অধিদপ্তর, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি), রাজশাহী সিটি কর্পোরেশন (আরসিসি), বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌ বাহিনী, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অন্যতম।

২০২১ সালে মুজিববর্ষ ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অপরূপ মাহেন্দ্রক্ষণে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নেতৃত্বে এবং বন অধিদপ্তরের তত্ত্বাবধানে ময়মনসিংহ, টাঙ্গাইল, রংপুর, রাজশাহী, লালমনিরহাট, কুষ্টিয়া, ঝিনাইদহ, মেহেরপুর, খাগড়াছড়ি, কক্সবাজার, রাঙামাটি, মানিকগঞ্জ সহ মোট ১২টি জেলায় বন অফিসে বিতরণের উদ্দেশ্যে ২ লক্ষ ৭৫ হাজার গাছের চারা পৌঁছে দিয়েছে এই প্রকল্প। সংশিষ্ট জেলাসমূহের জেলা প্রশাসক, জেলা বন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দের সঠিক দিক নির্দেশনা এবং সহযোগিতা ছাড়া এই কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা সম্ভব হতো না।

বনায়ন প্রকল্পের উলেখযোগ্য কাজ গুলোর মধ্যে লালন শাহ সেতু কুষ্টিয়া, হজরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর চট্টগ্রাম, লামা-আলীকদম মহাসড়ক, রোহিঙ্গা ক্যাম্প উখিয়া কক্সবাজার, মিরিঞ্জা পয়েন্ট, লামা বান্দরবান, কুষ্টিয়া -যশোর মহাসড়ক, জি.কে. ক্যানেল, যমুনা ব্রিজ, কুষ্টিয়া বাইপাস রোড ইত্যাদি অন্যতম। বর্তমানে প্রকল্পটি ঢাকা, মানিকগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, রংপুর, রাজশাহী, লালমনিরহাট, নাটোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, মেহেরপুর, যশোর, চট্টগ্রাম, খাগড়াছড়ি, বান্দরবান, কক্সবাজার, রাঙামাটি, নোয়াখালী সহ আরও বেশ কয়েকটি জেলায় পরিচালিত হচ্ছে।

উলেখ্য যে, উখিয়ায় অপ্রত্যাশিত রোহিঙ্গা বসতি ও জনসমাগমে ধীরে ধীরে বিলীন হয়ে যায় এক সময়ের চিরসবুজ প্রকৃতি। বিপুল বাসস্থানের চাপ সামাল দিতে প্রয়োজন হয় কাঠ ও বাঁশের। ফলে প্রকৃতি হারিয়ে বসে তার চিরচেনা রূপ। ২০১৮ সালে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন উক্ত অঞ্চলে পুনর্বনায়নের উদ্যোগ হাতে নেয়। সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানসমূহের সাথে সম্মিলিতভাবে ‘বনায়ন’ প্রকল্প ২০১৮ সাল হতে অদ্যাবধি কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে প্রায় ২২ হেক্টর বকে এবং ১৫.৫ কিলোমিটার রাস্তার পাশে ২ লক্ষ ১০ হাজার গাছের চারা রোপন করে যা সময়ের পরিক্রমায় বৃদ্ধি পেয়ে রোহিঙ্গা ক্যাম্পের চিরচারিত সবুজ ফিরিয়ে আনতে সহযোগিতা করে যাচ্ছে ।

নেইলসন কর্পোরেশন কর্তৃক ২০১৬ সালে পরিচালিত এক রিসার্চে বৃক্ষরোপণ কর্মসূচি ‘বনায়ন’ এর সুপ্রভাব উঠে এসেছে। গবেষণা বলছে, বিএটি বাংলাদেশ বৃক্ষরোপণ প্রকল্প থেকে চারা সংগ্রহ করেছেন এমন সুবিধাভোগীদের মধ্যে ৭৭ভাগ মানুষ বৃক্ষ রোপনের মাধ্যমে আয় করছেন এবং ৩৩ ভাগ সুবিধাভোগী বৃক্ষ রোপন থেকে প্রাপ্ত অর্থ অন্য কোন ব্যবসায়ে বিনিয়োগ করছেন। এছাড়াও দেশব্যাপী বর্ধিত গাছের সংখ্যার কল্যাণে বৃক্ষ রোপন হয়েছে এমন শতকরা ৯৭ ভাগ অঞ্চলে পরিবেশগত উন্নতি সাধিত হয়েছে। পাশাপাশি বৃক্ষরোপণ সংক্রান্ত গণসচেতনতা সৃষ্টিতেও ‘বনায়ন’ প্রকল্পটি সফল ভূমিকা পালন করছে।

বৃক্ষরোপণে অসামান্য অবদানের জন্য জাতীয় স্বীকৃতি হিসেবে, বনায়ন প্রকল্প ১৯৯৩, ১৯৯৯, ২০০২, ২০০৫, ২০১৯ সালে পাঁচবার মর্যাদাপূর্ণ প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার এবং ২০০৭ সালে একবার প্রধান উপদেষ্টার পুরস্কার অর্জন করেছে। ২০২১ সালে, প্রকল্পটি 'বেস্ট ইনোভেশন এসডিজি ইনক্লুশন' বিভাগের অধীনে 'বেস্ট ইনোভেশন অ্যাওয়ার্ডস-২০২১'-এ ভূষিত হয়েছে। বনায়ন প্রকল্পটি গ্রীন লিডারশিপের অধীনে ২০১৪ সালে এশিয়া রেসপন্সিবল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ডও পেয়েছে।

বনায়ন প্রকল্পটি সকলের জন্য এক সবুজ আগামী নিশ্চিত করার লক্ষ্যে বাস্তুতন্ত্র পুনরুদ্ধার করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সরকারের সাথে কাজ করে এগিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।

২০২১ সালে মুজিববর্ষ ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অপরূপ মাহেন্দ্রক্ষণে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নেতৃত্বে এবং বন অধিদপ্তরের তত্ত্বাবধানে চারা বিতরন কর্মসূচি

কুষ্টিয়া বাইপাস রোড, ২০১৯ সালে মর্যাদাপূর্ণ প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার অর্জন করেছে

আমাদের লোকজ উদ্ভিদের লোকায়ত ব্যবহার

ড. সানজিদা মুবাশ্‌শারা
অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২

ড. মোঃ জাহিদুর রহমান মিয়া
পরিচালক, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা

লোকজ শব্দটির অর্থ হল সাধারণ জনগণ হতে উদ্ভুত, সাধারণের মধ্যে প্রচলিত যা একান্ত ভাবে পল্লিবাসী ও পল্লী অঞ্চলের নিজস্ব ভাব বিশিষ্ট্য বহন করে। লোক সহিত্য, লোক গাঁথা, লোক শিল্প, লোক গান ইত্যাদির ন্যায় লোকজ উদ্ভিদও আমাদের পল্লীবাসী ও পল্লী অঞ্চলের নিজস্ব সম্পদ। ঐতিহ্যবাহী, সুস্বাদু ও পুষ্টিকর উদ্ভিদজাত নানান সামগ্রী গ্রাম বাংলার আনাচে কানাচে, বনে বাদাড়ে অযত্ন-অবহেলায় হারিয়ে যেতে বসেছে। আজ সময় এসেছে এ সকল অমূল্য সম্পদকে সর্ব স্তরের মানুষের মধ্যে পরিচিত করা, এদের সার্বিক পরিচর্যায় মনোনিবেশ করা এবং এদের গুনাগুণ বিশ্লেষণ করা।

অনামী অথচ পুষ্টিকর লোকজ উদ্ভিদ সামগ্রীর অধিকাংশেরই উৎস কিন্তু আমাদের বহুল পরিচিত ও প্রচলিত উদ্ভিদরাজি। একটি প্রচলিত গানের কথায় আছে- 'যে দেশেতে শাপলা শালুক ঝিলের জলে ভাসে/যে দেশেতে কলমী কমল কনক হয়ে হাসে'। শাপলা আমাদের জাতীয় ফুল। Nymphaeacec গোত্রের সাদা বর্ণের এ শাপলার বৈজ্ঞানিক নাম হল *Nymphaeapubesenes*। শাপলার পুষ্পনালকে সবজি হিসেবে রান্না করে খাওয়ার প্রচলন আছে আমাদের মাঝে। শাপলার নাল ৮/৯ ফুট লম্বা, নরম ও স্পঞ্জি হয়। ফুলের পাপড়িও বড়া ভেজে খেতে দেখা যায়। গ্রামে গঞ্জে মানুষের মাঝে এক সময় প্রচলিত ছিল ঢ্যাপের খৈ। এই ঢ্যাপ হল শাপলার ফল, দেখতে ততটা সুন্দর না হলেও গোলাকৃতির ফলটিতে রয়েছে মন্ডের মত সাদা বর্ণের শাঁস যাতে বাদামী বর্ণের ক্ষুদ্র ক্ষুদ্র অজস্র বীজ সাজানো থাকে। বীজ দেখতে সরিষা বীজের মত। বীজ শুকিয়ে খৈ ভাজা হয় যা দিয়ে নাড়ু তৈরী হয়। এটি গ্রামবাসী ও আদিবাসীদের প্রিয় খাবার। পদ্মের (*Nelumbo nucifera*) ফলও আদিবাসীরা খাদ্য হিসেবে ব্যাবহার করে। সকল প্রকার আমাশয় ও বদ হজমে এগুলি ব্যবহৃত হয়। গ্রাম গঞ্জের হাটে বাজারে এক সময় খুব শালুক পাওয়া যেত। গ্রামবাসীরা বিল, হাওর, বাওড় থেকে তুলে আনতো এ শালুক এবং শালুক ফল হিসেবে পরিচিত ছিল। শালুক আসলে ফল নয়। এটি শাপলা ফুলের অনেকগুলো গোড়া অর্থাৎ রাইজোম একত্রিত হয়ে গুটি আকৃতির হয়। কালো আবরণের খোসার ভিতর হালকা বাদামী বর্ণের শক্ত শাঁস থাকে। এটি একসময় সিদ্ধ করে বা আগুনে পুড়িয়ে ভাতের বিকল্প হিসেবে খেত গ্রামবাসীরা। বর্ষাকালে জলাশয়ের নীচু জমিতে প্রাকৃতিকভাবে জন্মায় এরা। এটি হজম শক্তি বৃদ্ধিকারক, ক্ষুধা নিবারক ও শক্তিদায়ক হিসেবে খুবই জনপ্রিয়। চুলকানি ও রক্ত আমাশয় নিরাময়ে এটি ব্যবহৃত হয়। এতে প্রচুর পরিমাণে আয়রণ,ভিটামিন ও ক্যালসিয়াম রয়েছে। এছাড়াও একসময় **মাখনা** (*Euryale ferox*), পানিফল বা পানি সিঙ্গারা (*Trapabicornis)* ইত্যাদি ঐতিহ্যবাহী ফলের বিশাল ভান্ডার ছিল আমাদের জলাশয়গুলি। পানি ফলের গাছে বেশ কাঁটা থাকে। ফলগুলি কালো সবুজ বর্ণের। খোসা ছাড়ালে সাদা শাঁস বেরিয়ে আসে। মখনার খৈ একটি উপাদেয়, সহজপাচ্য, বলকারক ও রোগীর পথ্য হিসেবে আদর্শ খাবার। দুঃখের বিষয় নানান বৈরিতায় এ সকল জলজ সম্পদ প্রকৃতি থেকে হারিয়ে যেতে বসেছে।

আমাদের দেশের সর্বত্র বিস্তৃত গ্রামিনী গোত্রের বিভিন্ন প্রজাতির বাঁশ আমাদের জাতীয় সম্পদ। তন্মধ্যে চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও সিলেটের বনাঞ্চলে প্রাকৃতিক ভাবে জন্মানো মূলি (*Melocanna baccifera*), ডুলু (*Neohouzeaue dulloa*), মিতিঙ্গা (*Bambusa tulda*), ফারুয়া (*Bambusa polymorpha*), পেকুয়া (*Dendrocalamus hamiltonii*), ওঁরা (*Dendrocalamus longispathus*) ইত্যাদি বাঁশের কোড়ল আদিবাসীদের অতি প্রিয় খাদ্য। কোড়ল হল নতুন বাঁশের কুড়ি। নতুন গজিয়ে ওঠা বাঁশের গোড়ার নরম কচি অংশ বা অংকুরকে বলে বাঁশকোড়ল। বর্ষার বৃষ্টিতে

মাটি নরম হলে গজাতে থাকে আর উচ্চতায় ৫/৬ ইঞ্চি হলে খাবার উপযোগী হয় বাঁশ কোড়াল। কলার মোচার মতই পরতের পর পরতের ভিতরে আছে নরম কোড়ল। বাজারে আবরণসহ এবং আবরন ছাড়া দুই রকমই পাওয়া যায়। শুধু বাংলাদেশে নয় আন্তর্জাতিক অঙ্গনেও এটি প্রসিদ্ধ। চীন, জাপান, কোরিয়া, মিয়ানমার, ভিয়েতনাম, কম্বোডিয়া, থাইল্যান্ডে এটি বেশ জনপ্রিয় ও ঐতিহ্যবাহী খাবার। জাপানে একে বলে তেকেনাকো এবং ইরেজিতে Bamboo shoot নামে পরিচিত। এটি শরীর ঠান্ডা করে এবং খাওয়ার রুচি বাড়ায়, শরীর জ্বালা, স্কর্ভি ও ইউরিনের সমস্যা সমাধানে বেশ উপকারী। এতে কোলেস্টরল নাই বললেই চলে। এতে সায়ানোজেনিক গ্লাইকোসইড নামক ন্যাচারাল টক্সিন থাকে। তবে রান্নার পূর্বে সিদ্ধ করলে এর ক্ষতিকর প্রভাব দূর হয়।

Musaceae পরিবারভুক্ত একবীজপত্রী বহুবর্ষজীবী, বীরুৎ শ্রেণীর উদ্ভিদ কলা গাছ বর্তমানে আমাদেও উল্লেখযোগ্য অর্থকরী ফসল। সুদূর অতীতে বিদুষী মেয়ে খনার প্রশংসা বচন-" তিনশ ষাটটি কলা রুয়ে/ থাকগে চাষা মাচায় শুয়ে/ কলা রুয়ে না কেটো পাত/ তাতেই কাপড় তাতেই ভাত।" আজ যেমন সত্য প্রমাণ করেছে আমাদের কলা চাষীরা তেমনি অমৃত সাগর, রঙীন সাগর, মেহের সাগর, শবরী, চিনি চম্পা প্রভৃতি কলার সম্ভারে হারিয়ে গেছেআমাদের বাড়ীর গাছের কবরী বা ঠোঁটেকলা, কাঠালী কলা (পূজায় ব্যবহার হয়), আইটা বা বিচি কলা, পাহাড়ী কলা, বাংলা কলা বা গ্যাড়া শংকর কলা, মর্তমান কলা, কাচ কলা ইত্যাদি। আগুনের মতো লাল লালকেল বা অগ্নিশ্বর কলাএখন আর চোখে পড়ে না। আর কলার থোড়, মোচার মত সুস্বাদু আর পুষ্টিকর সবজি হারিয়ে যাচ্ছে সচেতনতা ও দৃষ্টিভঙ্গির অভাবে। গ্রাম বাংলায় খুবই জনপ্রিয় থোড়হল কলা গাছের কান্ডের মধ্যের গোলাকার অংশ যা অনেকগুলো মেকী কান্ড (Pseudostem) এর পারতে আবৃত। এই আবরণগুলি সরিয়ে ফেললে আসল থোড় বেরিয়ে আসে। এটিকে কেউ বলে কাঞ্জাইল বা কান্দাইল, কেউ বা বলে বোগোলি তবে অধিকাংশই থোড় নামে চেনে। এতে কষের পরিমান বেশি তাই কাটার সময় বিশেষ পদ্ধতিতে রাধুনীরা হাতে পেঁচিয়ে তা সরিয়ে ফেলে। এতে প্রচুর পরিমানে ফইবার, পটাশিয়াম, আয়রন ও ভিটামিন B_6 আছে। অরুচি, বদহজম, কোষ্ঠকাঠিন্য, ডায়াবেটিস, হাইপার এসিডিটি, বড়তি ওজন, মুত্রনালীর সংক্রমন, কিউনী পাথর, উচ্চ রক্তচাপসহ নানা রকম রোগ ব্যধি নিরাময় ও প্রতিরোধে এটি খুবই উপকারী। আর কলার মোচাহল বহিরাবরণে ঢাকা কলা ফলের মঞ্জুরী। কলার কাদিও একেবাওে শেষ প্রান্তে থাকা না ফোটা ফুলের কুড়ি সমগ্রকে আমরা মোচা বলি যার পরতে পরতে থাকে ক্ষুদে কলার গুচ্ছ। রঙীন ও সাদা আবরণ ফেলে বের করে আনা হয় কীলক আকৃতির অংশ। এর সঙ্গেঁ ক্ষুদ্র গুচ্ছকলাগুলি কুচিয়ে রান্না করা হয় সবজি হিসেবে। দারুন সব পুষ্টি উপাদন আছে কলার মোচায়। প্রোটিন, কার্বোহাইড্রেট, ফ্যাট, ফইবার, ক্যালসিয়াম, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, আয়রন, ফসফরাস, থিয়ামিন, রিবোফ্লাভিন এবং আছে পর্যাপ্ত ভিটামিন A,C এবং E। এর পটাসিয়াম হাইব্লাডপ্রেশার কমায়, আয়রন রক্ত শূন্যতা হতে দেয় না, ম্যাগনেশিয়াম বিষন্নতা দূর করে, ক্যালসিয়াম ও ফসফরাস দাত ও হাড় ভালো রাখে। এটি ব্লাড সুগার ও ইনসুলিনের মাত্রা ঠিক রাখতে সহায়তা করে ফলে ডায়াবেটিস বাড়তে দেয় না। এছাড়া সংক্রমন ও কোষ্ঠকাঠিন্য প্রতিরোধেও এগুলি বেশ উপকারী ভূমিকা রাখে। এছাড়া কলাপাতা মুড়ে পাতুরী রান্না কিংবা কলা পাতা পেতে খাওয়ার ঐতিহ্য আমরা প্রায় ভূলতে বসেছি আর বর্তমান প্রজন্ম তো জানেই না এর সৌন্দর্যের পরশ।

আলু আমাদের সবচেয়ে প্রচলিত ও বহুল ব্যবহৃত সবজি যা সব তরকারিতেই স্থান পায়। অঞ্চল ভেদে এই আলুরও নানান জাত বা ভ্যারাইটির দেখা মেলে যেমন- টেপা আলু, জাম আলু, শিল আলু ইত্যাদি। তবে সমগোত্রীয় না হয়েও এক ধরনের অপ্রচলিত কন্দাল মূল তার নামের শেষে আলু তকমা ধারণ করেছে যা অঞ্চলভেদে চুপড়ি আলু, গাছ আলু, খাম আলু, ঝুম আলুইত্যাদি নামে পরিচিত। Diascoraceae পরিবারভুক্ত এ কন্দ, সবজি হিসেবে আদিবাসী ও গ্রামাঞ্চলের জনগণের নিকট খুবই সমাদৃত। মাটির নীচে জন্মায় তাই মাটি আলু বা মাইট্রা আলু নামেও পরিচিতি পেয়েছে। ইংরেজিতে বলা হয়ইয়াম, বৈজ্ঞানিক নাম *Diascorea alata*। তবে এর আরও কয়েকটি ভক্ষণযোগ্য জাত রয়েছে। এ গাছের অর্ধবায়বীয় কান্ডের পাতার কক্ষে বুলবিল লক্ষণীয় যা গ্রামের ছেলেমেয়েরা পুড়িয়ে খায়। এতে রয়েছে প্রচুর পটাসিয়াম, সোডিয়াম, ক্যালসিয়াম, ফসফরাস ও আয়রন। এছাড়া পর্যাপ্ত পরিমাণ প্রোটিন, ফ্যাট ও ফাইবার আছে এতে। খেতে খুব সুস্বাদু এ বিশেষ ধরনের আলুটি কিন্তু আফ্রিকার কোন কোন দেশের প্রধান খাদ্য। কাসাভা প্রচুর কার্বহাইড্রেটও ক্যালরি সমৃদ্ধ কন্দ

জাতীয় সবজি যা অঞ্চলভেদে নানানভাবে খাওয়া হয়। এতে প্রচুর স্টার্চ ও ভিটামিন থাকে। বৈজ্ঞানিক নাম *Manihot esculenta*। এছাড়া ভাত ও শর্করা জাতীয় খাদ্যেও পরিবর্তে ব্যবহৃত মিষ্টি আলুনামের কন্দাল মূল প্রাগঐতিহাসিক যুগ থেকে সবখানে প্রচলিত। রঙিন আবরণের এই সবজিটিকে রাঙা আলুও বলে কোথাও কোথাও। ইংরেজি নাম sweet potato এবং বৈজ্ঞানিক নাম *Ipomea botata*। এই সবজিটিতে ফ্যাট নাই বললে চলে। এতে পর্যাপ্ত ক্যালরি, শর্করা, আমিষ, স্নেহ পদার্থ, পানি ও আঁশ থাকায় দারুন এক সুষম ও পুষ্টিকর খাবার। এটি খেতে যেমন সুস্বাদু এর খাওয়ার প্রক্রিয়াও সহজ। সেকে, ভাঁপে, সিদ্ধ করে, পুড়িয়ে নানাভাবে খাওয়াযায় এমনকি এ দিয়ে রুটি, বিস্কুট, পায়েস, সুপ ও তরকরী বানিয়ে খাওয়া যায়। মিষ্টি স্বাদযুক্ত হলেও এটি কিন্তু ডায়াবেটিস রোগীদেও জন্য ক্ষতিকর নয়। এটি ইনসুলিনের মাত্রা ঠিক রেখে রক্তের চিনির মাত্রা নিয়ন্ত্রনে কর্যকর। সিদ্ধ করে খেলে এর বিটা ক্যারোটিন হজম হয় আর রক্তে গ্লুকোজ কম মেশে। এরা শক্তি বাড়ায় আর ক্যান্সার সৃষ্টিকারী বিপদজনক উপাদানগুলি পরিপাক নালী থেকে শুষে নেয়। এছাড়া অ্যাজমা, ব্রংকাইটিস, আরথ্রাইটিস, ব্যথা, বেদনা, বাতসহ বাড়তি ওজন, ডিহাইড্রেশন, নানারকম রোগ বালাই মোকাবিলার দারুন সব ঔষধি গুণ আছে এই মিষ্টি আলুতে। শাক আলুতে ৮০% এর বেশি পানি থাকে। এছাড়া খনিজ লবণ, ভিটামিন এ, বি, সি, ফাইবার এবং অল্প পরিমাণ আমিষ, শর্করা ও স্টার্চ থাকে। দেহের পুষ্টি সাধনে তাই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শাক আলু নামের একটি অপ্রচলিত ফসল যা খোসা ছাড়িয়ে সরাসরি কাঁচা খাওয়া যায়। এটি খুব রসালো ও মিষ্টি। খোস হাত দিয়ে টান দিয়ে সহজে খুলে ফেলা যায়। ভেতরের শাঁস কচকচে ও সাদা। কাঁচা অবস্থায় চিবিয়ে খেলে প্রচুর পানি বের হয়। অঞ্চলভেদে এটিকে চিনি আলু, ঠান্ডা আলু, জলপান আলু বলা হয়। এটি লতা জাতীয় সীম গোত্রের অর্থাৎ, Fabaceae গোত্রের উদ্ভিদ যার বৈজ্ঞানিক নাম *Pachyrhizus tuberosus* , ইংরেজিতে বলা হয় Yam bean। এর আরও কয়েকটি প্রজাতি আছে। এটি মূলত মূল জাতীয় সবজি।

ইংরেজিতে Taro বলে পরিচিতকচুর বৈজ্ঞানিক নাম *Colocasia esculenta*। আমরা অখাদ্য বা বাজে জিনিস বুঝাতে কচু ঘেচু কথাটি বলে থাকি। আমাদের কৃষি শিল্পে অবমূল্যায়ন হলেও খাদ্য রসিকদের কাছে কচু কিন্তু উপাদেয়। বর্তমানে কচুকে উৎকৃষ্ট বলে সকলে মানে ও জানে। Araceae গোত্রের নানান প্রজাতির কচুকে সমষ্টিগতভাবে বলা হয় aroids। বিভিন্ন জাতের কচু সামগ্রীর মধ্যে জনপ্রিয় হল কচুরমুখী, কচুর লতি, কচুর ডাটা ও কচুর শাক। এছাড়া শোলা কচু, পানি কচু, দুধ কচু এগুলি সচারচার সব বাজারেই পাওয়া যায়। কচুর লতি হলো কচু গাছের (Taro) একধরনের মূল বা stolon যা পুষ্টিগুণে ভরা। এতে প্রচুর ডায়াটারি ফইবার, আয়রন, আয়োডিন, ক্যালসিয়াম, ভিটামিন সি ও ডি আছে। এর খাদ্যগুণ তাই রোগ প্রতিরোধ ক্ষমতা ও হজম শক্তি বাড়ায়, চর্ম রোগ, রক্ত শূন্যতা ও কোষ্ঠ কাঠিন্য দূর করে, বড়তি ওজন কমায়, হাত, হড় ও চুল মজবুত করে। কচুর মূখী হলো মূখী কচুর গুড়িকন্দ থেকে বের হওয়া কন্দাল শাখা বা অঙ্গমুখী (Carmel) যা প্রচুর স্টার্চ ও ডায়াটারি ফইবার সমৃদ্ধ। কচুর পাতায় ও ডাটায় পর্যাপ্ত থায়ামিন, রিবোফ্লাভিন, আয়রন, ফসফরাস, পটাসিয়াম, ক্যালসিয়াম, কপার, ম্যাঙ্গানিজ, জিঙ্ক সমৃদ্ধ। এছাড়া এতে প্রচুর ভিটামিন B_6, ভিটামিন C এবং নিয়ামিন থাকে। আর পানি কচু, দুধ কচু, শোলা কচু, কাঠ কচু, মান কচু, ওল কচু ইত্যাদি নানান জাতের কচু অঞ্চলভিত্তিক প্রাধান্য পায়। খাওয়ার উপযোগী অংশ হলো কচুর মাটির নীচের স্ফীত মূল থাকে গুড়ি কন্দ বা corm বলে। উন্নতমানের কচু স্টার্চ সমৃদ্ধ সবজি হিসেবে এর চাহিদা প্রচুর। ইহা ক্যালসিয়াম, ফসফরাস, ভিটামিন এ ও ভিটামিন বি এর দারুন উৎস। দক্ষিণাঞ্চলের অপ্রচলিত সবজি হিসেবে মান কচু ও ওল কচুর উল্লেখ না করলেই নয়। একদিকে স্বাদ ও অন্যদিকে পুষ্টিগুণ দুই বিচারে এদের জুড়ি নেই। প্রোটিন, ফ্যাট, ফোলেট, ভিটামিন A, B, C, ও E, নিয়াসিন, থায়ামিন, রিবোফ্লাভিন, ক্যালসিয়াম, পটাসিয়াম, ম্যাগনেসিয়াম, আয়রন, জিঙ্ক, ফসফরাস, কপার, পর্যাপ্ত ফাইবার সবই আছে এতে। এদের বৈজ্ঞানিক নাম যথাক্রমে *Alocasia macrorrhiza* এবং *Amorphophallus paeoniifolius*। উভয়ই Araceae গোত্রের অর্ন্তভূক্ত। অন্যদিকে খাবারের স্বাদ বাড়াতে অঞ্চল ভেদে নানান মশলা দ্রব্যাদি ব্যাবহরের যে প্রচলন আছে তার মধ্যে দক্ষিণাঞ্চলের চুঁই ঝাল, সিলেটের সাতকরা, উত্তরাঞ্চলের বড় এলাচ এবং ময়মনসিংহ অঞ্চলে চুকাই পাতা উল্লেখযোগ্য।

Moraceae গোত্রের Ficus গণের ক্ষীরী বৃক্ষের মধ্যে ডুমুরকে আমরা সকলেই চিনি বা জানি। পবিত্র কুরআনে তীন নামক

সূরাটিতে এই তীন বা আঞ্জির বা ফিগ বা ডুমুরসহ ৫টি পবিত্র নেয়ামতময় জিনিসের উল্লেখ আছে। এছাড়া ডুমুরের ফল সহ এর অন্যান্য অংশের ভেষজগুণও কম বেশি সকলের জানা। তবে সবজি তরকারী হিসেবেও এর *Ficus hispida* (কাক ডুমুর) প্রজাতিটির ফল তরকারী হিসেবে গ্রামাঞ্চলে খাওয়া হয়। অপ্রচলিত হলেও সবজিটি খুবই সুস্বাদু ও উপাদেয়। আঞ্চলিক ভাষায় বিভিন্ন স্থানে এটিকে খোসকা বা কুড়ুরো বলা হয়। উল্লেখ্য যে, তীন বা আঞ্জির হল ভিন্ন প্রজতি যার বৈজ্ঞানিক নাম *Ficus carica*। এছাড়া জগ ডুমুর নামে পরিচিত অন্য একটি প্রজাতি হল *Ficus racemosa*। ডুমুর ফুল বাহ্যিক ভাবে দৃশ্যমান নয়, এটি অন্তপুষ্পি অর্থাৎ ফল কাটলেই দেখা যাবে ভিতরে অনেক ফুল। এর রসালো স্ফীত পুষ্পাক্ষটাই খাদ্য হিসেবে রান্না হয় যা হাইপ্যানথেডিয়মি নামক পুষ্পমঞ্জুরী থেকে জন্মায়। উদ্ভিদ বিজ্ঞানীরা ফলটিকে সাইকোনাস বলেন। উদুম্বুর নামক কলসের মত মঞ্জুরীর মধ্যে এক গর্ভপত্রযুক্ত গর্ভাশয়ে একটি করে ডিম্বক ঝুলন্ত অবস্থায় থাকে। ফল গুচ্ছাকারে শাখা প্রশাখায় জন্মে। একই গাছে ছোট বড় দুই ধরনের ফল থাকে। ফলের গা খসখসে। এতে পোকা বাসা বাধে খুব। শর্করা সমৃদ্ধ ফলটিতে উল্লেখযোগ্য পরিমাণে আমিষ, চর্বি, ভিটামিন বি-১, বি-২, ক্যালসিয়াম ও কপারসহ নানান প্রয়োজনীয় খনিজ পাওয়া যায়। বহুমূত্র রোগের প্রয়োজনীয় ভেষজ এটি। এছাড়াও রক্ত পরিশোধন ও কোষ্ঠ কাঠিন্য পরিষ্কার করার ক্ষমতা আছে এর। অনেকে একে বলকারক ও কামোদ্দীপক হিসেবে মনে করে।

পরিশেষে বলতে চাই, বর্তমানে অপ্রচল হলে কি হবে এককালে কিন্তু এগুলি ছিল বহুল প্রচলিত এবং ঐতিহ্যবাহী। অনামী অথচ দামী পুষ্টিকর এ সকল গ্রাম্য খাদ্য সামগ্রীকে নগর জীবনে তুলে আনতে হবে। ঐতিহ্য যেমন ফিরে ফিরে আসে তেমনি আমাদের দায়িত্ব হল সমকালীন রুচির সঙ্গে মানিয়ে এদের নবায়ন ঘটানোর। উদাহরণ হিসেবে তথাকথিত ব্যাঙের ছাতা বা মাশরুমকে উল্লেখ করা যায়। উচ্চ মাত্রায় প্রোটিন ও ফইবারে ভরা অপ্রচলিত খাবারটি বিজ্ঞানী ও সচেতন মানুষের নজরে ও বিবেচনায় এসে জায়গা করে নিয়েছে সুপার সপ্ আর চাইনিজ রেস্টুরেন্টে যার বাণিজ্যিক উৎপাদন ছাড়িয়ে আজ ল্যাবরেটরিতে কোষ আবাদ পদ্ধতিতে উৎপাদিত হয়ে আন্তর্জাতিক অঙ্গঁনে সুপরিচিত ও সমাদৃত। এমনিভাবে অন্যগুলোর প্রতিও মনোযোগ দিলে আমরা একটি রোগমুক্ত, সুস্থ, সুন্দর জীবন উপভোগ করতে পারবো যা সকলেরই কাম্য।

FAUNA OF BHAWAL NATIONAL PARK, GAZIPUR

Mihir Ranjan Dey
Associate Professor and Chairman
Department of Zoology, Khilgaon Model University College, Dhaka-1219.

Md. Shohel Rana
Herpetologist
Sheikh Kamal Wildlife Center, Gazipur, Bangladesh Forest Department.

Introduction:

The Bhawal National Park stands about 40 km north of the capital city Dhaka from where it is easily accessible throughout the year by road. It has been kept under IUCN management category as a protected landscape. This Bhawal National Park, Gazipur was established and maintained as a National Park in 1974 but not declared officially until 1982 under the Bangladesh Wildlife (Preservation) Act, 1974. In 1982 under the gazette notification no.11/For-66/318 dated 11/05/1982 it was declared as the Bhawal National Park, Gazipur.

The forest of Bhawal National Park was the property of Bhawal Zaminders. They used it as their hunting ground. In 1933 the forest area was vested to Forest Department for better management.

This area is home to an incredibly diverse array of flora and fauna. A lush forest canopy created by Sal *(Shorea robusta)* trees once covered the area. Unfortunately illegal deforestation has stripped the area of much of this natural vegetation. New trees and woodlands have been planted in an effort to help the forest recover but it will most likely take many years before they are mature enough to support the incredible animal diversity that was once so common in this area.

The Bhawal National Park is used for education, research and recreation. It is also used for the seized, rescued and recovered wildlife of different species from national and international sources are rehabilitated, preserved and conserved in this National park. It is also a good place for ex-situ conservation of different critically endangered wildlife species. So this park has regional significance. This is also a place of research and breeding center of critically endangered turtle species of River Terrapin *(Batagur baska).*

In fact, Bhawal National Park is a unique habitat for the diverse types of wildlife species but due to rapid urbanization, industrialization, pollution and reckless movement of tourists and local people within the core area the wildlife are under great threat.

Geographic location and Boundary: Bhawal National Park, Gazipur stands between longitude 90◦20′ to 90◦25′ East and latitude 23◦55′ to 24◦00′ North. It comprises seven beats. Such (1) Park Beat (2) Bankharia (3) Baupara (4) Rajendrapur west (5) Baroipara (6) Bhabanipur (7) Bishayakuri-Bari (B.K.Bari). It embraces lands located in the Mauzas of Arishaprashad, Bishayakuri Bari, Baraipara, and Bankharia, Uttar Salna, Baupara, Bhahadpur and Mohana Bhabanipur.

Rainfall and Temperature: Bhawal National Park is a part of Bhawal Gorh and the colour of it's soil is grey. The chemical nature of soil is acidic with PH value is 5.5. The highest temperature in April is 30-34◦ C and lowest temperature in January is 11.7◦ C. The minimum average rainfall is December is 3.4 mm and maximum rainfall in August is 339 mm.

Materials and Methods of survey

The survey was carried out using the following methods:

1. GPS Line Transect Process
2. Random Observation Method
3. Trace Detection (footprints and faeces-urine)
4. Map of Bhawal National Park, Gazipur



Figure: Map of Bhawal National Park, Gazipur

Secondary Information from FD officials.

This survey was conducted in the year of 2015 under the project of Eco-restoration and Development of Bhawal National Park, Gazipur which is a sub project of Strengthening Regional Co-operation for Wildlife Protection Project with the financial assistance of the World Bank. During the Survey time, several meetings were held with the Principal Investigator and other survey members present to discuss about the collected data and the conclusions were drawn based upon it. The survey were done at early mornings, afternoons, evenings, and deep nights in the quietest and non-disturbing way possible. During the rainy season, all types and sizes of animals appear on the forest floor, making the observation fulfilling and worthy. During the survey, observations were made from the footprints, dung and feces of larger animals and the burrows and tunnels made in the ground by the smaller mammals and reptiles. The presence of wildlife around areas where fruit-bearing trees grow has proven to be high. Furthermore, various fishing cats, amphibians and other fish feeders dominated the banks of lakes and ponds.

Fauna of Bhawal National Park, Gazipur: This faunal survey indicates that a total of 118 faunal species exists in Bhawal National Park of which 11 species are Amphibians, 19 species are Reptiles, 70 species are Birds and 18 species are Mammals.

List of Fauna

Wildlife community of Bhawal National Park is composed of 59% birds, 17% reptiles, 15% mammals and 9% amphibians.



Figure: 2 - Composition of Wildlife community in Bhawal National Park, Gazipur

Amphibian

Amphibians are those vertebrate animals in which aquatic environment is a necessity in a part of their life cycle. Frogs and toads have well developed limbs and the adults lack a tail. Generally, frogs have slender bodies with narrow wraists, while toads are broader in shape. Frogs lie flat on a level surface while toads tend to sit upright. Frogs have slimy, slippery and delicate skin, but toads have driver skin with warts. Frogs also have an amazing variety of colurs- green, yellow, orange, red and black- while toads are unimpressive in appearance. Because of their long, webbed hind feet, frogs can jump and leap very far while toads cannot leap very far or jump very high because of their short hind legs and bulky frame. Toads walk instead of hopping. All toads have poison (Parotid) glands behind their eyes, but few frogs have poison glands. Frogs are both diurnal and nocturnal but toads are almost exclusively nocturnal (Feeroz et al 2011).

Eleven (11) species of frogs and toads were recorded from Bhawal National Park, Gazipur during this study.



Figure 3: The comparison of abundance of Amphibian species in family basis

Reptiles: Reptiles are cold-blooded vertebrates and their bodies are covered with scales or scutes which help to conserve body moisture. Retiles do not require a water environment during their life cycle. They prefer a wide range of habitats from water bodies to dry regions. Reptilian's body temperature varies with the environmental conditions. Therefore, they go for hibernation during winter. They have a low metabolic rate and produce comparatively less body heat than birds and mammals. Reptiles are most of carnivores and play an important role in biological pest control.

During this study a total number of 19 species of reptiles were recorded at Bhawal National Park, Gazipur. Among 19 species of reptalian, 04 types of turtle and tortoise, 07 types of lizard, 08 types of snake of them.



Figure 4: Graph showing the comparison of abundance of species in order basis

Birds: Birds are warm-blooded vertebrate animals with feathers and a bill. There have adapted to a wide range of habitats. There are mainly arboreal and aerial, yet some species are mainly terrestrials. Birds make a nest where they lay their eggs. The nestlings stay in the nest until they have grown

feathers.

Bhawal National Park, Gazipur reveals the occurrence of 70 species of birds, among most of the species are common resident and not threatened.

Mammals: Mammals are warm-blooded vertebrate animals with mammary glands. The body is



Figure 5: Status of birds in the Bhawal National park, Gazipur of Bangladesh on category basis



Figure 6: Pie chart showing the comparison of abundance of species in order basis.

usually covered by hairy coat and the skin has numerous glands. Mammals can live on land, in trees, under water or underground. Some mammals are able to fly or glide. Of all the animals, mammals are the most developed group. Seventeen species of mammals are recorded from Bhawal National park, Gazipur during this study.

Threats of Bhawal National Park, Gazipur: There are many spinning mills, washing plants



Figure 7: Pie chart showing the comparison of abundance of species in order basis.

garment industries, farms, resorts, convention halls and tribal villages and habitations, barracks and staffs quarters in this area. The Rajendrapur Cantonment, RAB Forces training centers and offices Air force base, central ammunition Depot. Bangladesh institute of peace Support Training

Centre, Bangladesh Security Printing Press, Bangladesh Ordnance Factory many schools, colleges, different government and non-government offices and other institutions are established in the Bhawal National Park area.

The Dhaka- Mymensingh National Highway, Dhaka- Mymensingh Railway line, High powered electric supply lines and other service lines exerts a great threat to the existence of bio-diversity of this area.

Expansion of the Gazipur City Corporation creating massive road and service networks, other subsequent development efforts creates tremendous impacts on this eco system.

This National Park is in the middle of the industrial zone and the population of the surrounding localities possess a great threat to this park. The forest area inside this National Park is not compact and continuous Agricultural lands stand in between the forest of this National Park. Villager's right still prevails here which sometimes possess a great threat to the conservation of domestic, released animals of this park. The villagers normally collects their fuel wood, leaf-litter, poles, tools handle etc. by cutting copies, seedlings, saplings and pole sized trees. They consider this their rights. Every year number of tourists and hence revenue figures increased. Due to fund constraints the maintenance and developmental activities are not keeping pace with.

Recommendations

In order to make this natural ecosystem a rich habitat to support varieties of biodiversity and wildlife, the following steps need to be adopted:-

1. Intensive plantation by medicinal and fruit-bearing species of wildlife is needed on the available palatable lands.
2. Stop cultivation and grazing in the low-lying lands within the Bhawal National park.
3. Limiting the operation of the existing factories and impose ban on establishment of new industries around the Bhawal National Park.
4. Control the number of visitor into the Park based on carrying capacities.
5. Control the entrance of tourist vehicles or other transport into the core area of Bhawal National Park.
6. Playing of the loudspeakers brought by the picnickers need to be controlled so that it does not disturb the wildlife.
7. Relocate the Kuch indigenous population, living near the Park to other areas.
8. Train and educate the patrolmen and forest officers on the importance of protecting the biodiversity.
9. The adjacent and intermingled private braid lands (Low-lying lands) need to be acquired for the interest of the Bhawal National Park.
10. Hunters and poachers movement are to be monitored intensively in the Bhawal National Park.
11. Intentional ground firing, coppice and seedling cutting in the summer time need to be controlled strongly.
12. Releasing of wildlife which are captured, seized and rescued from different habitats need proper control.
13. To release the captured, seized, rescued, wounded and sick wildlife separate rescue and rehabilitation enclosures need to be constructed.